




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ : www.jagarandaily.com







JAGARAN ■ 3 November, 2023 ■ আগরতলা ৩ নভেম্বর ২০২৩ ইং ■ ১৬ কার্ত্তিক, ১৪৩০ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# রেকর্ড জয়, প্রথম দল হিসেবে বিশ্বকাপের সেমিফাইনালে ভারত



বৃহস্পতিবার ওয়াংখেরে স্টেডিয়ামে শ্রীলঙ্কার বিরুদ্ধে ম্যাচে উইকেট নেওয়ার পর মহম্মদ শামির উল্লাস। ছবি : বিসিসিআই

**নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি, ২ নভেম্বর।।** সেমিফাইনাল নিশ্চিত। সব-ই হয়ে গেলো আজ। উপরি পাওনা আরও একটা বিষয়। সেটা হলো ১২ বছর অর্থাৎ এক যুগ পর বৃত্ত পূর্ণ হলো অধিনায়ক রোহিত শর্মার। প্রসঙ্গক্রমে বলা ভালো, ১২ বছর আগে মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে ভারতের সেই বিজয় মিছিলে তাঁরও থাকার কথা ছিল। কিন্তু শেষ পর্যন্ত হয়নি। ২০১১ সালের সেই বিশ্বকাপে রোহিত শর্মা শেষ মুহূর্তে দল থেকে বাদ পড়েন।বিশ্বকাপ খেলার স্বপ্ন ভঙ্গ হয় তাঁর। ঠিক ১২ বছর পরে সেই ওয়াংখেড়েতে একই প্রতিপক্ষ শ্রীলঙ্কার বিরুদ্ধে যখন রেকর্ড জয় হাসিল করলো মেন ইন ব্লু, তখন শুধু ভারতীয় দলের নিছক একজন সদস্য নন, দলের অধিনায়ক হিসেবে একটি পূর্ণ বৃত্ত সম্পন্ন করলেন রোহিত শর্মা।

এদিকে পাঁচ উইকেট নিয়ে আরও এক নজির গড়লেন শামি। বিশ্বকাপের মঞ্চে ভারতীয় হিসেবে সবথেকে বেশি উইকেট নেওয়ার রেকর্ড গড়লেন মহম্মদ শামি। টপকে গেলেন জাহির খান এবং জভাগল শ্রীনাথকেও। বিশ্বকাপের মঞ্চে ৪৫ টি উইকেট নিয়ে ফেললেন তিনি। যদিও সব দেশের মধ্যে এই তালিকায় সবার শীর্ষে রয়েছেন অস্ট্রেলিয়ার গ্লেন ম্যাকগ্রা। ম্যাকগ্রার দখলে ৭১ টি উইকেট রয়েছে। এই বিশ্বকাপে খেলতে নামার আগে শামি নিয়েছিলেন ৩১ টি উইকেট। প্রথম দিকের চারটি ম্যাচ খেলেননি তিনি। কিন্তু পরের তিনটি ম্যাচ খেলে তুলে নিলেন ১৪ টি উইকেট। সব মিলে এখন ৪৫টি উইকেট তাঁর দখলে।

এদিকে, সবার আগে যেটা বলতে হয় বিশ্বকাপে রেকর্ড গড়ে জয় হলো ভারতের। আজ, বৃহস্পতিবার শ্রীলংকার বিরুদ্ধে ৩০২ রানে জয় পেলো ভারত। সেইসঙ্গে গড়ল নতুন রেকর্ড। রানের ব্যবধানে এটাই বিশ্বকাপে ভারতের সবথেকে বড় জয়। এর আগে বিশ্বকাপে ভারতের সবথেকে বড় ব্যবধানে জয় ছিল বারমুডার বিরুদ্ধে। ২০০৭ সালের বিশ্বকাপে ২৫৭ রানে জিতেছিল অধিনায়ক রাহুল দ্রাবিড়ের টিম ইন্ডিয়া। রেকর্ডের পাশাপাশি স্বস্তি পেল ভারতীয় শিবির। সেই স্বস্তির নাম শ্রেয়শ আয়ার। দীর্ঘদিন বাদে অবশেষে রানে ফিরলেন শ্রেয়স। তবে বিশ্বকাপে সেরা ব্যবধানে জয়ের রেকর্ড কিন্তু অস্ট্রেলিয়ার। এ বছরেই নেদারল্যান্ডসকে ৩০৯ রানে হারিয়ে নয়া রেকর্ড গড়ে নিয়েছে অস্ট্রেলিয়া।

শেষে যে কথাটা বলতেই হয়, ইডেনে নামার আগে প্রথম দল হিসেবে সেমিফাইনালে পৌঁছুলো ভারত। বিশ্বকাপের প্রথম দল হিসেবে সেমিফাইনালের ছাড়পত্র পেলো ভারত। এবারের বিশ্বকাপে সাতে সাত হয়ে গেলো। এ পর্যন্ত সাতটি ম্যাচের মধ্যে সাতটিই জিতলো তাঁরা। ভারতের পয়েন্ট হলো ১৪। পরের দুটি ম্যাচে পরাজয়ের গন্ধ পেলেও ভারত এক থেকে চারের মধ্যে কোনও এক জায়গায় নিশ্চিতভাবে স্থান করে নিতে পারবে। আগামী রবিবার দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ইডেন গার্ডেনে মুখোমুখি হবে ভারত। সেই ম্যাচেই মুখ্যত ঠিক হয়ে যাবে বিশ্বকাপের পয়েন্ট তালিকায় এক নম্বরে কোন দল শেষ করবে। ৩৫৮ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে কার্যত ধসে গেল শ্রীলংকা। মোহাম্মদ শামির ৫ উইকেট দখলের পাশাপাশি মহম্মদ সিরাজ নেন তিনটি উইকেট। বুমরার হাতে আসে একটি উইকেট। শ্রীলংকার হয়ে সর্বোচ্চ রান কাসুন রাজিতা(১৪)। অ্যাঞ্জেলো মেথউস পেয়েছে ১২ রান। মাত্র ৫৫ রানের মধ্যে অলআউট হয়ে যায় শ্রীলংকার ইনিংস। ৩০২ রানে রেকর্ড জয় পায় ভারত। এর আগে শ্রীলংকার বিরুদ্ধে প্রথমে ব্যাট করতে নেমে আট উইকেট হারিয়ে ৩৫৭ রান করে ভারত। সর্বোচ্চ রান শুবমন গিলের ব্যাটে। বিরাট কোহলি পেয়েছে ৮৮ রান। শ্রেয়সের ৮২ রানও উল্লেখযোগ্য। শ্রীলংকার হয়ে সর্বোচ্চ উইকেট



নেন দিলশান মাধুশঙ্কা। দখল করেন পাঁচটি উইকেট।

## ভূমিকম্পে কাঁপাল রাজ্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** ভূমিকম্পে কেঁপে উঠল ত্রিপুরা। আজ ভোরে ৩টা ১৪ মিনিট ৩৬ সেকেন্ডে ভূমিকম্পে রিখটার স্কেলে তীব্রতা ৪.২ রেকর্ড করা হয়েছে। ভূমিকম্পকে ঘিরে কোথাও কোন ক্ষয়ক্ষতির খবর নেই।

ন্যাশানাল সেন্টার ফর সিসমোলজির রিপর্টে অনুযায়ী, ওই ভূকম্পের উৎপত্তিস্থল ভারত মহাসাগরে। ত্রিপুরার বিলোনিয়া ও অমরপুরে ওই ভূকম্পন অনুভূত হয়েছে। ভূপৃষ্ঠ থেকে ১০ কিমি গভীরে ছিল ওই ভূমিকম্পের উৎপত্তি। বিলোনিয়া থেকে ২৫০ কিমি এবং অমরপুর থেকে ২৭৬ কিমি দূরত্বে ওই ভূমিকম্পনের উৎপত্তি হয়েছে। ত্রিপুরা ছাড়াও মিজোরামে ভূকম্পন অনুভূত হয়েছে। আজ ভোরে ওই ভূমিকম্পে ☛ ৬ এর পাতায় দেখুন

## কাঞ্চনপুরে পুষ্টি প্রকল্পে বরাদ্দকৃত সামগ্রী আত্মসাৎ'র অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ২ নভেম্বর।।** উত্তর ত্রিপুরা জেলার কাঞ্চনপুরে পুষ্টি প্রকল্পে দুর্নীতির অভিযোগ মিলেছে। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশু এবং প্রসূতি মায়েদের পুষ্টি প্রকল্পে সরকার বরাদ্দকৃত বিভিন্ন সামগ্রী সরবরাহ না করে একাংশ কর্মীরা সেগুলি আত্মসাৎ করে চলেছেন বলে গুরুতর অভিযোগ মিলেছে।

দীর্ঘদিন ধরে এ ধরনের অনিয়ম চলতে থাকলেও সিডিপিও সহ দায়িত্বপ্রাপ্ত ঊর্ধতন কর্তৃপক্ষ নীরব দর্শকের ভূমিকা পালন করে চলেছেন বলে খবর। কাঞ্চনপুর আইসিডিএস প্রজেক্টের প্রায় শতাধিক অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পুষ্টি প্রকল্পে খিচুড়ি রান্না হয় না। অথচ কেবল অক্টোবর মাসের প্রথম সপ্তাহেই নাকি প্রায় ষাট লক্ষ টাকার ফিডিং বিল হয়েছে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মীদের নামে।

এধরনের গুরুতর কেলেঙ্কারিতে কাঞ্চনপুর আইসিডিএস প্রজেক্টের কিছু সেক্টর সুপারভাইজারের বিরুদ্ধে অভিযোগ উঠেছে। অভিযোগ এ ধরনের অসাধু সেক্টর সুপারভাইজারদের সহযোগে অঙ্গনওয়াড়ি কর্মিরা ভূয়া ফিডিং বিল করে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছে।

সিডিপিরও অফিস সংলগ্ন কষ্টচন্দ্র পাড়া অঙ্গনাওয়াড়ি কেন্দ্রে কাগজপত্রে ৪৯ জন শিশু পুষ্টি প্রকল্পের আওতায় রয়েছে বলে রেজিষ্টারে লিপিবদ্ধ। অথচ বাস্তবে গড়ে পাঁচ ছয় জন শিশু অঙ্গনাওয়াড়ি কেন্দ্রে আসে। ফলে প্রশ্ন উঠেছে বাকি প্রায় চল্লিশ জন শিশুর পুষ্টি প্রকল্পের সামগ্রী কিভাবে সরবরাহ হচ্ছে।

জানা গেছে কষ্টচন্দ্র পাড়ার সরবরাহকৃত পুষ্টি প্রকল্পের সামগ্রী খোলা বাজারে বিক্রি করা হয়। এমন কি কষ্ট চন্দ্র পাড়ার অঙ্গনওয়াড়ি কর্মী তার কেন্দ্রে প্রায়ই আসেন না। আবার সিডিপিও অফিস থেকে পুষ্টি প্রকল্পের যে সামগ্রী দেওয়া হয় তা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গিয়ে পাওয়া যাচ্ছে না। অভিযোগ ☛ ৬ এর পাতায় দেখুন

## গাড়ির ধাক্কায় যুবকের মৃত্যু ক্ষুব্ধ জনতার পথ অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** ফের জন দুর্ঘটনায় মৃত্যু এক তরতাজা যুবকের। ঘটনাটি ঘটেছে এয়ারপোর্ট থানার অন্তর্গত বামুটিয়া ব্লকের সামনে বুধবার রাত আনুমানিক ১০ টা নাগাদ। ঘাতক গাড়িকে চিহ্নিত করে খুনিকে শাস্তির দাবিতে পশ্চিম ত্রিপুরা জেলা পুলিশ সুপারের প্রতিশ্রুতির দাবিতে দফায় দফায় পথ অবরোধে করেছে স্থানীয় জনগণ এবং মৃত যুবকের বন্ধু বান্ধবরা।



ঘটনার বিরবনে প্রকাশ, জানা যায় বুধবার রাত আনুমানিক দশটা নাগাদ বামুটিয়া ব্লকের সামনে অধীর সরকার(৩০) এক যুবক তার এক বন্ধুর সঙ্গে হাঁটছিলেন। তখনই পিছন থেকে কালো রঙের একটি থার গাড়ি এসে সজোরে ধাক্কা দেয় ওদেরকে। সঙ্গে সঙ্গে অধীর লুটিয়ে পড়ে মাটিতে।

তড়িঘড়ি স্থানীয়রা তাকে উদ্ধার করে নিয়ে যায় আগরতলার একটি বেসরকারি হাসপাতালে। সেখান থেকে প্রাথমিক চিকিৎসার পর তাকে স্থানান্তরিত করা হয়েছে জিবি হাসপাতালে। তবে শেষ রক্ষা হয়নি। বৃহস্পতিবার ভোর আনুমানিক ৫ টা নাগাদ মৃত্যুর কোলে ঢলে পড়ে অধীর।

মৃতদেহ বাড়িত আসতেই জনঢল নেমে পড়ে অধীরের বাড়িতে। তখন অধীরের বন্ধুবান্ধব চেনা পরিচিত এলাকাবাসী সবাই সম্মিলিতভাবে সেই গাড়িটিকে চিহ্নিত করে অভিযুক্তকে গ্রেফতারের দাবিতে তেবাড়িয়া এলাকায় পথ অবরোধ করে।

এতে স্থানীয় প্রাক্তন বিজেপি বিধায়ক কৃষ্ণধন দাস, এয়ারপোর্ট থানার অফিসার ইনচার্জ অভিজিৎ মন্ডল আশ্বাস দিয়েছেন যে খুব শীঘ্রই ঘাতক গাড়িটিকে চিহ্নিত করে অভিযুক্তকে গ্রেফতার করা হবে। ☛ ৬ এর পাতায় দেখুন

## ঝুলন্ত মৃতদেহ উদ্ধার শ্রমিকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** প্রতাপগড় এলাকায় নিজ ঘর থেকে উদ্ধার এক কাঠমিস্ত্রির মৃতদেহ। মৃত ব্যক্তির নাম পুরন সূত্রধর। বাড়ি জিরানিয়াতে হলেও বেশ কিছুদিন ধরে সে পরিবারের সকলকে নিয়ে প্রতাপগড় চিড়ারমিল এলাকায় ভাড়া থাকত বলে জানা গেছে।

মৃত ব্যক্তির ছেলে জানিয়েছেন, এইদিন সকালে সে কাজের উদ্দেশ্যে বাড়ি থেকে বেরিয়ে গেছে। পূরণ সূত্রধরের স্ত্রীও বাড়িতে ☛ ৬ এর পাতায় দেখুন

শর্ষের মধ্যেই ভূত!

## আধার কার্ড করতে আসা দুই বাংলাদেশীকে আটক করল পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** বিভিন্ন কৌশলে কাগজপত্র সংগ্রহ করে বাংলাদেশি নাগরিকরা রাজ্যের আধারকার্ড সহ বিভিন্ন সরকারি নথিপত্র সংগ্রহ করার চেষ্টা অব্যাহত রেখেছে। এমনই অভিযোগ মিলছে প্রতিনিয়ত। এমনকি বাংলাদেশের নাগরিকরা এই কৌশল কাজে লাগিয়ে ভারতীয় পাসপোর্ট পর্যন্ত বাগিয়ে নিতে সক্ষম হচ্ছে বলে খবর।

এই অবৈধ কাজে দালাল চক্র দীর্ঘ দিন ধরেই যুক্ত রয়েছে। শুধু তাই নয় সরকারি কর্মচারীদের একাংশ এই দালাল চক্রের সঙ্গে হরিহর আত্মা বলেও অভিযোগ মিলেছে। সেই সুযোগকে কাজে লাগিয়েই বাংলাদেশে নাগরিকদের একাংশ এভাবে ভারতীয় নথিপত্র করে নিতে সক্ষম হচ্ছে। অথচ ভারতে বসবাসকারী নাগরিকদের একাংশ আধার কার্ড সহ ভারতীয় বিভিন্ন নথিপত্র সংগ্রহ করতে গিয়ে নানাভাবে নাজেহাল হচ্ছে।

সংবাদ সূত্রে জানা গেছে, মোহনপুর মহকুমা শাসকের কার্যালয়ে আধার কার্ড করতে আসা দুই বাংলাদেশি নাগরিককে আটক করা হয়েছে। পরবর্তী সময়ে তাদের তুলে দেওয়া হয়েছে সিধাই থানার পুলিশের হাতে।

জানা গেছে মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ে আধার বিভাগে আধার কার্ডের জন্য আবেদন করতে আসেন বাংলাদেশ থেকে আগত ☛ ৬ এর পাতায় দেখুন

## উপরাষ্ট্রপতির সঙ্গে রাজ্যপালের সৌজন্য সাক্ষাৎ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** উপরাষ্ট্রপতি জগদীশ ধনকরের সঙ্গে আজ সৌজন্য সাক্ষাৎ করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। আজ সকালে নয়াদিল্লিস্থিত উপরাষ্ট্রপতি ভবনে তিনি উপরাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাতকারের সময় ত্রিপুরার রাজ্যপাল উপরাষ্ট্রপতি জগদীশ ধনকরকে শুভেচ্ছা জানান। ☛ ৬ এর পাতায় দেখুন

## আফ্রিকান সোয়াইন ফ্লু'র থাবা বাতাপুরা শূকর ফার্মে, আজ থেকে নিধন শুরু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** খোয়াইয়ের রামচন্দ্র ঘাট বাতাপুরা গ্রামের একটি শূকরের ফার্মে আফ্রিকান সোয়াইন ফিভার ভাইরাসের উপস্থিতিতে রাজ্য প্রাণিসম্পদ বিকাশ দপ্তর ফার্মের এক কিলোমিটার এর মধ্যে থাকা সমস্ত শূকর নিধনের নির্দেশ দিয়েছেন।

বৃহস্পতিবার দুপুরে খোয়াই প্রাণী সম্পদ বিকাশ দপ্তর কার্যালয়ে এ বিষয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন দপ্তরের ডেপুটি ডাইরেক্টর প্রান গোপাল দাস, অভয়নগর প্রাণিসম্পদ বিকাশ দপ্তরে ডেপুটি ডাইরেক্টর জ্যোতির্ময় রায়, একাধিক প্রাণী চিকিৎসক, খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারপারসন তাপস কান্তি দাস সহ স্থানীয় পুলিশ এবং স্থানীয় গ্রামগুলোর প্রধান উপপ্রধানরা।

এই বৈঠকে সিদ্ধান্ত হয় শুক্রবার থেকে পশ্চিম সোনাতলার জামিরা পাড়া, পূর্ব রামচন্দ্র ঘাটের বাতাপুরা এবং উত্তর রামচন্দ্র ঘাটের নন্দীপাড়া এই তিনটি এলাকায় সকল শূকর নিধনের কাজ শুরু করা হবে।

আর এজন্য কেন্দ্রীয় প্রাণী সম্পদ বিকাশ দপ্তর ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে আর্থিক সাহায্যের কথাও ঘোষণা করেছেন। ১৫ কেজি অব্দি প্রতিটি শূকর নিধনের জন্য ক্ষতিগ্রস্ত পরিবারকে দেওয়া হবে ২২ শত টাকা করে।

৪০ কেজি অব্দি দেওয়া হবে প্রতি শূকর পিছু পাঁচ হাজার ৮০০ টাকা এবং ১০০ কেজি অব্দি প্রতি শূকর পিছু ক্ষতিপূরণ দেওয়া হবে ১৫ হাজার টাকা। আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে এই সংবাদ জানিয়েছেন প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের ডেপুটি ডাইরেক্টর প্রাণ গোপাল দাস।

## বলিউডের অভিনয় জগতে রাজ্যের মেয়ের শ্রীজিতা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** বলিউড সিনেমায় অভিনয় করতে চলছে ত্রিপুরার মেয়ে শ্রীজিতা ভট্টাচার্জী। সে আগরতলা জয়নগরের বাসিন্দা জয়ন্ত ভট্টাচার্য্য ও সমা দে ভট্টাচার্য্যের কন্যা।

এক সাক্ষাৎকারে শ্রীজিতা ভট্টাচার্জী বলেন, কখনো ভাবিনি বলিউডে সিনেমাই অভিনয় করতে সুযোগ পাবেন।বিমান সেবিকার চাকরি করে মুম্বাই। তখনই মুম্বাই বিমানবন্দরে তার সাথে দেখা হয়েছিল বলিউডের ডাইরেক্টর অলক শ্রীবাস্তবের। তখন তাঁর ইচ্ছার কথা প্রকাশ করেন এবং ডাইরেক্টর ও তাকে আমন্ত্রণ করেন তার অফিসে আসার জন্য।

সেই অনুসারে তিনি অফিসে যান এবং বিভিন্ন পরীক্ষা সফলভাবে উত্তীর্ণ হয়েছেন। ডাইরেক্টর নতুন মুভি মানালি ক্রিম যার কাজ শুরু হবে জানুয়ারি মাস থেকে সেই সিনেমায় সুযোগ পান। তখনই ত্রিপুরার শ্রীজিতা শুরু করবে তার কাজ।

তিনি এদিন আরও বলেন, ছোটবেলা এরকম কিছু ইচ্ছা না থাকলেও বড় হয়ে তার ভীষণ ইচ্ছা হয় বলিউডে কাজ করার জন্য। সেই দিকে লক্ষ রেখেই শ্রীজিতা এই পথ চলা। এখন দেখার বিষয় নতুন বলিউডের অধ্যায় শ্রীজিতা কতটা ছাপ রাখতে পারে।ডাইরেক্টর অলক শ্রীবাস্তবের বেশ কিছু নামিদামি সিনেমা রয়েছে বলিউডের জগতে।

## মোবাইল চার্জ দিতে দিয়ে বিদ্যুৎ স্পৃষ্ঠ ছাত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** মোবাইল ফোন চার্জ দিতে গিয়ে বিদ্যুৎপৃষ্ঠ হয়ে মর্মান্তিক মৃত্যু হয়েছে এক স্কুল পড়ুয়া ছাত্রীর। বৃহস্পতিবার চিকিৎসাধীন অবস্থায় ওই স্কুল ছাত্রীর মৃত্যু হয়েছে আগরতলার জিবিপি হাসপাতালে। মৃত নাবালিকার নাম সুস্মিতা রুদ্র পাল(১৫)। তার বাড়ি জিরানিয়া এলাকায় বলে জানা গেছে।

ঘটনার বিবরণে প্রকাশ, বুধবার নিজ ঘরেই মোবাইল ফোন চার্জে বসাতে গেলে বিদ্যুৎপৃষ্ঠ হয় সুস্মিতা। তাকে বাঁচাতে ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৮ ▫ ৩ নভেম্বর ২০২৩ইং▫ ১৬ কার্তিক▫ শুক্রবার ▫১৪৩০ বঙ্গাব্দ

# স্বাস্থ্যের হদ্দমুদ্দ

রাজ্য স্বাস্থ্য দপ্তর নিজেদের কাজের খতিয়ান সংবাদ মাধ্যমের মধ্য দিয়া তুলিয়া ধরিয়া স্বাস্থ্য দপ্তরকে কর্মসংস্কৃতির উচ্চ আসনে অধিষ্ঠিত করিবার চেষ্টা চালাইয়া যাইতেছে। সাপ্তাহিক প্রচার কর্মসূচির অঙ্গ হিসেবে জিবি হাসপাতাল কর্তৃপক্ষের তরফে জানানো হইয়াছে, মানুষের বুকে এবং ফুসফুসে যেসব সমস্যা রহিয়াযছে সবগুলি এখন জিবি হাসপাতালে চিকিৎসা সম্ভব। এর মধ্যে বিশেষ করিয়া বনক্রাইটিস কমেন্ডি, লান ক্যান্সার এবং বুকে জল জমা সহ বিভিন্ন রোগের উন্নত চিকিৎসা এখন জিবি হাসপাতালে রোগীদের মিলিতেছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানাইয়াছেন রোগীদের আরো উন্নত পরিষেবা দিতে পলিগ্রাফি মেশিন আনার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। রোগীদের জন্য আইসিইউতে রাখিয়া বিশেষ পরিষেবা দেওয়ারও সুযোগ রহিয়াছে। এর পাশাপাশি রোগীর ফুসফুসে জল জমিলে সেই চিকিৎসাও হাসপাতালে হয় বলিয়া জানানো হয়। স্বাস্থ্য দপ্তর নিজেদের কাজের খতিয়ান তোলিয়া ধরিয়া দপ্তরের সুনাম অক্ষুন্ন রাখিবার চেষ্টা করিলেও ব্যর্থতা কিন্তু তাহাদের পিছু ছাড়িতেছে না। প্রধান রেফারেল হাসপাতাল জিবির এম এস শংকর চক্রবর্তী সাংবাদিক সম্মেলনে স্বীকার করিয়াছেন সম্প্রতি মেয়াদ উত্তীর্ণ রক্ত রোগীর শরীরে দেওয়ার যে অভিযোগটি উঠিয়াছিল সেটা তদন্ত করিয়া দেখিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। রক্তের প্যাকেটে ২৪ নভেম্বর লিখিতে ভুল করিয়া নাকি ২৪ অক্টোবর লেখায় সমস্যাটি হইয়াছে। তবে যাহারা রক্ত দেওয়ার ক্ষেত্রে দায়িত্বে ছিলেন তাহাদের ভুল রহিয়াছে বলিয়া জানান এম এস। এ ধরনের গাফিলতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হইবে বলিয়াও জানান তিনি। এদিকে তেলিয়ামুড়াতে মহকুমা হাসপাতালে ওটি পরিষেবা চালু হইলেও এই পরিষেবা চালু রাখিবার জন্য এনেসথিসিয়ান থেকে শুরু করিয়া অভিজ্ঞ সার্জেনের অভাব রহিয়াযছে সংশ্লিষ্ট হাসপাতালে। এরই মধ্যে এনেস্থেশিয়নের দায়িত্বে থাকা চিকিৎসক রীরিক অসুস্থতার কারণে ছুটিতে যেতে বাধ্য হইলে প্রশ্নচিহ্নের মুখে তেলিয়ামুড়ার ওটি পরিষেবা।সাধারণ মানুষের মধ্যে গোটা ঘটনার পরিপ্রেক্ষিতে বিরূপ প্রতিক্রিয়া তৈরি হইয়াছে। বিশেষ করিয়া যাহারা তেলিয়ামুড়া হাসপাতালের সিজারিয়ান পরিষেবা নিয়া আশায় বুক বাধেছিলেন তাহারা অনেকটাই হতাশাগ্রস্ত। তেলিয়ামুড়া হাসপাতালে ওটি পরিষেবা চালু হওয়ার পরে একটা অংশ থেকে দাবি উঠিয়াছে যেহেতু সার্জেন ছাড়া অপারেশন থিয়েটার চলিতেছে, এক্ষেত্রে রোগীদের স্বার্থে বা সঠিক চিকিৎসা পরিষেবা প্রদানের ক্ষেত্রে অনতিবিলম্বে প্রশাসন উদ্যোগ গ্রহণ করিয়া তেলিয়ামুড়াতে সার্জেনের ব্যবস্থা করুক। কিন্তু তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে এই ধরনের কোন ব্যবস্থা আজ অবধি গ্রহণ করা হয় নাই। শুধু তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালেই নয় রাজ্যের প্রতিটি জেলা ও মহকুমা হাসপাতালে চিকিৎসক সংকট ও টেকনিক্যাল কর্মীর অভাবে চিকিৎসা পরিষেবা ও রোগ নির্ণয় ব্যবস্থা বিপর্যস্ত হইয়া পড়িয়াছে। শুধু তাহাই নয়, রাজ্যের প্রধান রেফারেল হাসপাতাল জিবিতে দীর্ঘদিন ধরিয়া এম আর আই মেশিন বিকল হইয়া পড়িয়া রইয়াছে। বাসিনটি দ্রুত সংস্কার করিবার জন্য কোন ধরনের উদ্যোগ গ্রহণ করা হইতেছে না বলিয়া অভিযোগ মিলিয়াছে। জিবি হাসপাতালের একমাত্র সরকারি এমআরআই মেশিনটি বিকাল হইয়া পড়ায় রোগীরা জটিল সমস্যার সম্মুখীন হইয়াছেন। একটি বেসরকারি সংস্থায় এমআরআই মেশিন থাকলেও তাহারা সুযোগ বুঝিয়া রোগীদের পকেট কাটিবার কারিগরে পরিণত হইয়াছে। তাহাতে দুর্ভোগ বাড়িয়াছে। শুধুমাত্র রাজধানী আগরতলা শহরের হাসপাতাল গুলিতেই নয় রাজ্যের বিভিন্ন স্থানে হাসপাতাল গুলিতে চিকিৎসক নার্স টেকনিশিয়ান সহ অন্যান্য কর্মীর যথেষ্ট সংকট রহিয়াছে। অথচ রাজ্য সরকার ও স্বাস্থ্য দপ্তর সবকিছু সম্পর্কে অবগত থাকিবার পরও উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতেছে না। স্বাস্থ্যপরিসেবার উন্নয়নের নামে হাসপাতাল গুলিতে নতুন দালান বাড়ির তৈরি করিয়া দৃষ্টিনন্দন করিলেও পরিষেবার মান উন্নয়নে রাজ্য সরকার কার্যত কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করিতে পারে নাই। রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী একজন চিকিৎসকও বটে। রাজ্যবাসীর প্রত্যাশা তিনি অন্তত এসব সমস্যাগুলি সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

# বুড়োশিবতলার প্রাচীন কালীপুজো

আসাদ আলী

উত্তর ২৪ পরগণা জেলার রাজারহাট-বিষ্ণুপুর একটি ঐতিহাসিক প্রাচীন বর্ধিষ্ণু জনপদ। এই এলাকার বিষ্ণুপুরের বুড়োশিবতলা র কালীপুজো দ্বি শতাব্দীর ও বেশি প্রাচীন। এখানে বিশালাকার প্রাচীন একটি বটবৃক্ষের নীচে (প্রাচীন বটবৃক্ষের মূল গুঁড়ি টি আজ আর নেই) বেশ বড়ো একটি প্রাঙ্গন সহ কালীমন্দির, শিবমন্দির, চৈতন্য মন্দির, মনসার থান আছে। এই শিবমন্দির ঘিরে আছে লোককথা যা অন্যত্র আমি আমার এক লেখক বন্ধু কে জানিয়েছিলাম এবং আমার এই এলাকার ঐতিহাসিক স্থান সমূহ ঘুরিয়ে দেখিয়ে ছিলাম ও বিষয়গুলি বর্ননা করেছিলাম একটি গ্রন্থ রচনার জন্য, তিনি সেই গ্রন্থে আমার নাম ও সহযোগিতা র কথা উল্লেখ করেন, কলেজ স্ট্রিট এর নামী প্রকাশনা থেকে প্রকাশিত হয় এবং অল্পদিনের মধ্যে সবই বিক্রি হয়ে যায়। যাইহোক সে অন্য প্রসঙ্গ, আমাদের ছোট বেলায় তখন ঘরে ঘরে এত ইলেকট্রিক বাতি বা পাখার চল ছিল না, আমরা কিশোর যুবক রা প্রচন্ড গরমে শিবমন্দিরের শ্বেত পাথরের দালানে শুয়ে ঘুমিয়ে পড়তাম, শিবমন্দিরের চারধারে ছিল শ্বেতপাথরের দালান যা খুবই ঠান্ডা থাকত।অন্যান্য সময় মন্দির প্রাঙ্গণে গুলি, লাট্টু, ডাংগুলি, গোলা,ঘোড়েল,লাল লাঠি প্রভৃতি কত রকমের খেলাই না খেলতাম আমরা। এখনকার প্রজন্ম তার নামই হয়তো শোনেনি। তবে হারিয়ে যাওয়া এইসব খেলা সম্পর্কে আমি কাগজে উত্তর সম্পাদকীয় লিখেছি। তখনকার সময়ে মানুষের মধ্যে এত ভেদাভেদ ছিল না, সমস্ত সমাজ ই ছিল অতি পবিত্র, একজনের বিপদে আর একজন ছুটে যেত, আনন্দ উৎসবে সবাই একসাথে আনন্দ করত, মাত্র ৮/১০ বছর আগে পর্যন্ত ও এরকম পবিত্র পরিবেশ বিরাজ করতো সমাজে। তারপর কি যে হলো কোন শনির নজর পড়লো ভারতের উপর এখন প্রায়ই কাগজে টেলিভিশন এ দেখতে পাওয়া যায় ঠাকুর প্রনাম এর কারণে দলিত বা আদিবাসী শিশুকে প্রচন্ড পেটানো, মন্দিরের দালানে ওঠায় প্রচন্ড পেটানো, পুজোর প্রসাদ নেওয়ায় প্রচন্ড পেটানো, কুয়োর জল খাওয়ায় প্রচন্ড পেটানো, আদিবাসী যুবক ঘোড়ায় চড়ে বিবাহ করতে গেলে প্রচন্ড পেটানো, দলিত-আদিবাসী এরা দলবদ্ধভাবে প্রতিবাদ করেনা কেন? রুখে দাড়ায় না কেন? সমাজে এরাইত বেশি অংশ, উচ্চবর্ণ ত খুবই কম। যাইহোক, আমরা ছোট বেলায় কালীপুজো র অনেক আগে থেকেই দেখতাম তার প্রস্তুতি, মন্দিরের সামনে একটি বড়ো এবং একটি ছোট অর্থাৎ মা ও শিশু কুমির তৈরী করা হতো কাদামাটি, কাঁচা



খেজুর ও শামুক দিয়ে। মাটি দিয়ে কুমিরের পূর্ন অবয়ব তৈরী করার পর তার গায়ের উপর সবুজ কাঁচা খেজুর পুতে দেওয়া হতো এবং বড়ো দুটি শামুক দিয়ে কুমিরের চোখ বানানো হতো। নির্দিষ্ট দিনে হতো কালীপুজো। সন্ধ্যার পর যত রাত্রি গাঢ় হতে থাকত পুজোর জৌলুস যেন তত খোল তাই হত। এই রাত্রি টি হত অমাবস্যার রাত্রি ঘুটঘুটে অন্ধকার, আমাদের পাড়ার দক্ষিণ পশ্চিম কোন বরাবর একটি সুবিশাল ধানমাঠ আছে, আমরা কিশোর যুবকেরা সেই মাঠে ভূত দেখতে যেতাম। গ্রামগঞ্জে একটি ধারণা আছে এই রাত্রে অর্থাৎ কালীপুজো র অমাবস্যার রাত্রে ভূত, প্রেত প্রভৃতি র আনাগোনা বেশি হয়, আর একটি ধারণা এই কোন চোর চুরি করতে পারলে অন্যান্য সময়ের চুরিতে সে কোনদিন ধরা পড়ে না। অনেক পরে ভূতের রহস্য উদ্ঘাটন করতে পারি, তখন আমি অষ্টম শ্রেণী তে পড়ি, এরকম এক কালীপুজোর রাত্রে ১০/১১ টার সময় বন্ধুদের সাথে ভূত দেখতে গেলাম সেই দক্ষিণ মাঠে, চারদিক ঘুটঘুটে অন্ধকার আমার অপেক্ষা করছি কখন ভূত আসবে, বেশিক্ষণ অপেক্ষা করতে হলো না, একটি দুটি করে ১০/১৫ টি ভূত জ্বল জ্বল করে ভাটার মতো তাদের চোখ জ্বেলে মাঠের এমাথা থেকে ও মাথা পর্যন্ত ছোটাছুটি শুরু করে দিল, মাঠের এপাশে ঘন অন্ধকারে কোমর পর্যন্ত ধানক্ষেতের মধ্যে দাড়িয়ে আমরা গা ঘেঁসাঘেসি করে একে অপরের ভরসায় দেখছি আর রোমাঞ্চ অনুভব করছি। না আমার অবস্থাটা তখন একটু অন্যরকম ছিল, আমি প্রায় নিশ্চিত ছিলাম যে মাঠের অপর দিকে জামাল পাড়ার ছেলেরা পাটকাঠি জ্বালিয়ে দৌড়দৌড়ি করছে, এবং মনে মনে ঠিক করলাম পরের দিন স্কুলে গিয়ে ক্লাসের জামাল পাড়ার বন্ধুদের কে জিজ্ঞাসা করবো, পরের দিন স্কুলে গিয়ে আমার অনুমান সত্যে পরিণত হল, উদ্ঘাটন হলো দীর্ঘ কালের ভুল ধারণার। যাইহোক মন্দিরের সামনে একটু শক্ত ধরণের কাদা মাটি দিয়ে উঁচু করে সেখানে হাঁড়িকাঠ পোতা হয়, এখানেই প্রথমে চালকুমড়া এবং পরে ধারালো খড়্গ দিয়ে পাঁঠা বলি দেওয়া হয় এক কোপে, উঁচু মাটির ঢিপি টা খড়্গাটির আঘাত শ্লথগতির করে দেয় যাতে করে খড়্গাটি ভেঙে না যায়।পাঁঠা বলি দেওয়ার সাথে সাথে ছিটকে যাওয়া ছিন্ন মস্তক টি একটি নতুন মাটির সরাই করে পুরোহিত মশাই কালী প্রতিমার সামনে রাখেন অর্থাৎ নিবেদন করেন, আর ধড়টি ছাল ছাড়িয়ে ভোগের জন্য রান্না করা হয়, মন্দিরের অপর দিকে উনুনে।

এই ভাবেই চলে আসছে আমার দেখা, আমাদের দেখা দুই শতাব্দীর অধিক কালে র এই প্রাচীন কালীপুজো। কিন্তু একটি প্রশ্নের উত্তর আমার কৌতূহল মনকে আমি চেষ্টা করেও দিতে পারিনি যে উত্তর হয়তোবা না জানা অনেক বিষয়কে সামনে আনবে। তা হলো কালীপুজো র সাথে কুমিরের কি সম্পর্ক? এ ব্যাপারে কোন জ্ঞাণী ব্যাক্তি যদি ভবিষ্যতে আলোকপাত করেন ভালো হয়।


# বন্ধুতা, চেনা খোপের বাইরে

সহপাঠী মেয়েদের প্রশ্নে বেশ অস্বস্তিতে পড়ে ছেলে দু'টি। লিয়ো আর রেমি, বয়স তেরো দু'জনেরই। স্কুলের এক সহপাঠিনী তাদের জিজ্ঞেস করে: "আর ইউ টুগেদার?" অনাবিল রোদে যেন মেঘ ঘনিয়ে আসে আচমকা। ছেলে দু'টি পরস্পরকে "বেস্ট ফ্রেন্ড" মানে, দুই পরিবারের মধ্যেও সম্পর্ক বেশ ঘন। প্রতি দিন আনন্দে কাটে তাদের, এক সঙ্গে খাওয়া-ঘুম-পড়া থেকে খোলা আকাশের তলায় খেলে বেড়ানো।

আর এক সহপাঠিনী আবার জিজ্ঞেস করে: "আর ইউ কাপল?" থতমত লিয়ো বলে: "উই আর বেস্ট ফ্রেন্ডস।" শুনে মেয়েরা ক্ষান্ত হয় না, মুখ টিপে হেসে ফের প্রশ্ন করে: বন্ধুত্ব নাহয় বুঝলাম, কিন্তু তোমরা এমন গায়ে-গায়ে লেপ্টে থাক কেন, তোমাদের মেলামেশার ধরনটা এমন "মেয়েলি" কেন? রেমিকে নিরুত্তর দেখে পরিস্থিতি সামাল দিতে চেষ্টা করে লিয়ো, বোঝাতে চায়, তাদের সম্পর্কটা মোটেও তেমন নয়, সে আর রেমি একে অপরের ভাইয়ের মতো।

কোনও সম্পর্ককেই এ ভাবে তকমা দিতে নারাজ লুকাস ঢন্ট, বেলজিয়াম ফ্রান্স নেদারল্যান্ডস-এর যৌথ প্রযোজনায় তৈরি ক্লোজ ছবির পরিচালক। ফেলে-আসা ছেলেবেলার "বন্ধুত্ব" তাঁর এই ছবিটির আত্মা, অথচ সেই বন্ধুত্বকেই কোনও-না-কোনও খোপে আঁটানোর, ছাঁচে ফেলার চেষ্টা চলে অবিরাম। বন্ধুত্বের মধ্যে যে অনির্ণেয় অনুভূতি বা অব্যাখ্যাত সম্পর্ক, তা বাঁধাধরা ধাঁচে ব্যাখ্যা করার চেষ্টা করে পুরুষসমাজ, সে ক্ষেত্রে তার অবশ্যম্ভাবী মাপকাঠিটি হয়ে ওঠে লিঙ্গাত্মক। সব সম্পর্ককেই ওই একই মাপকাঠিতে বিচার করতে শেখায় আমাদের সমাজ, নারীপুরুষ নির্বিশেষে। লুকাসের মতে: "থ্রু দ্য লেন্স অব সেক্সুয়ালিটি"। লুকাসের জন্ম বেলজিয়ামে, বয়স মাত্র বত্রিশ। নিজস্বতার প্রমাণ দিয়েছেন প্রথম কাহিনিচিত্রেই, বছর পাঁচেক আগের সে-ছবি, গার্ল, সম্মান আদায় করে নিয়েছিল কান চলচ্চিত্রোতব থেকে, একটি রূপান্তরকামী মেয়ের ব্যালে-নৃত্যের শিল্পী হয়ে ওঠার ছবি। আর কান-এ গত বছর "গ্রাঁ প্রি" পাওয়া তাঁর এই দ্বিতীয় কাহিনিচিত্র দেখা গেল গোয়ায় গত নভেম্বরে, কেন্দ্রীয় সরকারের এই আন্তর্জাতিক চলচ্চিত্রোতব "ইফি" যাঁরা দেখেননি, তাঁরা ছবিটি দেখেছেন পরের মাসেই, ডিসেম্বরে, রাজ্য সরকারের কলকাতা চলচ্চিত্রোতবে।

সিনেমা ছিল লুকাসের "প্ল্যান বি", হতে চেয়েছিলেন নৃত্যশিল্পী। এক বার স্কুলের বার্ষিক অনুষ্ঠানে খুব মন লাগিয়ে নেচেছিলেন, তাঁর সাহসী "পারফরম্যান্স"-এর প্রশংসার পাশাপাশি তাঁকে নিয়ে মুখরোচক গুঞ্জনও শুরু হয়েছিল,



তিনি কী ভাবে দেহবিভঙ্গে নারীসুলভ লালিত্য এনে "ম্যানারিজম" তৈরি করেছেন, ইত্যাদি... তখন তাঁর বয়স তেরো। সেই যে লজ্জায় সেঁধিয়ে গেলেন, ঘরের চার দেওয়ালের ভিতরে ছাড়া আর কখনও নাচের "পাবলিক পারফরম্যান্স" করেননি। পরে যখন লুকাসের হাতে ক্যামেরা এল, ফিল্ম-স্কুলে ভর্তি হয়ে তাঁর নৃত্যশিল্পী হওয়ার বাসনাকে কী ভাবে চলচ্চিত্রের ভাষায় রূপান্তরিত করা যায় তা নিয়ে সচেষ্ট হলেন। নিজের অব্যক্ত শিল্প-অভিপ্রায়কে প্রকাশ করতে শুরু করলেন ইমেজ সাউন্ড আর কোরিয়োগ্রাফির ভিতর দিয়ে, কথা-সংলাপ যত দূর সম্ভব কম ব্যবহার করে।

অবশ্যই তুলনা নয়, তবে এই অনুষঙ্গে রবীন্দ্রনাথের ভাবনায় চিত্রকলার সঙ্গে নৃত্যকলার ছন্দযোগ মনে পড়েই যেতে পারে কারও, শঙ্খ ঘোষ এই আঙ্গিকগত পারস্পরিকতা সম্পর্কে লিখেছেন: "রবীন্দ্রনাথের আঁকা ছবির মধ্যে স্পষ্টতই কয়েকটি নাচের ছবি আছে। কিন্তু সেটাই সবচেয়ে বড়ো কথা নয়। বড়ো কথা এই যে, যেখানে তা নেই সেখানেও প্রায়ই থেকে যায় এই "অদৃশ্য নৃত্য"...। প্রথম ছবিতে নৃত্যের শরীরী উপস্থিতি রাখার পর এই "অদৃশ্য নৃত্য"-এর বাতাবরণই রেখেছেন লুকাস ক্লোজ ছবিটি জুড়ে। প্রাণিত হয়েছেন তাঁর নৃত্যশিল্পী হওয়ার ফেলে আসা স্বপ্ন থেকে, ব্যবহার করেছেন কোরিয়োগ্রাফার কিংবা ডান্সারদের কর্মকাণ্ডকে। এই "বডি ল্যাঙ্গোয়েজ"ই নিজের ছবির যথার্থ শিল্পভাষা মনে করেন লুকাস, কথাশব্দের বদলে। "আই অ্যাম ট্রাইং টু মেক সাম অব দিস ডান্সিং ড্রিম কাম ট্রু থ্রু মাই সিনেম্যাটিক ল্যাঙ্গোয়েজ," বলেছেন তিনি। সামাজিক ভাবে যে মানসিক পীড়নের শিকার হয়েছিলেন লুকাস, তারই প্রতিস্পর্ধী চলন তাঁর এই ছবিতে বুনে দিলেন তিনি। যে তেরো বছর বয়সে নৃত্যচর্চা ছেড়ে দিয়েছিলেন লুকাস লোকলজ্জার ভয়ে, সেই তেরো বছর বয়সেরই দু'টি বালকের বন্ধুত্ব নিয়ে, তাদের সম্পর্ক নিয়ে তাঁর এই ছবি। এই তেরো বছর বয়সটি অদ্ভুত, বালকবেলার শেষ আর বয়ঃসন্ধির দোরগোড়া। বালকবেলা ছেড়ে ছেলেরা যত বয়ঃসন্ধির মধ্যে দিয়ে এগোতে থাকে, তেরো থেকে আঠারো-উনিশ বছরের দিকে, ততই "পৌরুষ"-এর একটি নির্দিষ্ট ধারণা তাদের মধ্যে সঞ্চারিত করে দেওয়ার চেষ্টা হয়, যা শেখায় প্রতিযোগিতা বা প্রতিদ্বন্দ্বিতা মারফত অপর পুরুষকে পরাজিত করে আধিপত্য কায়েম করতে, ক্ষমতার দ্বারস্থ হতে, নারীর দখল নিতে।

লিয়ো ও রেমির বন্ধুত্বের মধ্যে যে নিবিড় নির্ভরতা ছিল, যে কোমল মুহূর্ত ছিল, সবই আস্তে আস্তে অবসিত হতে থাকে, হারিয়ে যেতে থাকে পরিস্থিতির চাপে, সমাজের চাপে। অকাল বিচ্ছেদ ঘনিয়ে আসে দু"জনের মধ্যে, রেমি মারা যায়, বাড়ি শূন্য রেখে কোথায় যেন চলে যান রেমির বাবা-মা। "ব্রুটাল" বলেছেন একে লুকাস। বলেছেন: এই "ব্রুটালিটি" বাইরের পৃথিবীটাকেই শুধু বদলে দেয় না, বদলে দেয় আমাদেরও, "হাউ উই কাট ফ্লাওয়ার্স, হাউ কালার্স ডিসঅ্যাপিয়ার, ইনসাইড অব আস...।" বন্ধুত্ব যখন নিহত হয়, আমাদের অন্তরে বিপুল অন্ধকারে ফুল ঝরে যায়, রং মুছে যায়...।

# ত্রিপুরায় নির্মিত ফিল্ম গোয়া শর্ট ফিল্ম ফেস্টিভ্যালের জন্য নির্বাচিত



**আগরতলা, ২ নভেম্বর:** ত্রিপুরায় নির্মিত একটি শর্ট-ফিল্ম বিউটিফুল পেইন। যা ২০২৩-এ ১০ তম গোয়া শর্ট ফিল্ম ফেস্টিভ্যাল প্রদর্শনের জন্য নির্বাচিত হয়েছে। ত্রিপুরার একজন তরুণ পূজা সাহা এই শর্ট-ফিল্মটির নির্মাতা।তিনি গভমেন্ট কলেজ অফ আর্ট এন্ড ক্রাফ আগরতলা ত্রিপুরা ওই কলেজ থেকে পেইন্টিং অনার্স নিয়ে ডিগ্রী করেছিলেন।

সম্পূর্ন নিজ উদ্যোগে তৈরি করা এই ফিল্মে তিনি স্টোরি, স্ক্রিপ্ট, এসবের কাজ করেছেন।শত বাধা সত্ত্বেও অদম্য ইচ্ছাশক্তির বলে এই সফলতা অর্জন করেছেন তিনি। এই ফিল্ম প্রদশিত হবে ৪ ও ৫ নভেম্বর দুদিন ব্যাপী দশম গোয়া শর্ট ফিল্ম ফেস্টিভ্যালে। এ বিষয়ে পিতৃহারা পূজা সাহা বলেন, কলেজে পড়াশোনার সময় সিঁড়ির উপর থেকে পড়ে গিয়ে তাঁর স্পাইনাল কর্ডে আঘাত পেয়ে এক প্রকার পঙ্গু হয়ে গিয়েছিলেন তিনি। দীর্ঘদিন ধরে শয্যাশায়ী হয়ে ঘরে পড়ে থাকার সময় তাঁর নিজের জীবনের উপর বিউটিফুল পেইন নামক এই শর্ট ফিল্ম তৈরি করার ভাবনা জাগে। এই ভাবনার সাফল্য তাঁর বড় ভাই অনেকটাই সাহায্য করেছে। বাবা না থাকার কারণে সম্পূর্ণ সাহায্যটা তাঁর ভাইও মা থেকে পেয়েছে।

# "বিকল্প নির্মাণ" এর পত্রিকা প্রকাশ ও কবিতা পাঠের আসর



**নিজস্ব প্রতিবেদক, আসাদ আলী- জাগরণঃ** গত ২৯-১০-২০২৩ তারিখ রবিবার বিকাল পাঁচটা থেকে আটটা পর্যন্ত ৩০-৪০ জন কবি সাহিত্যিক সাংবাদিক সহ সমাজের বিভিন্ন গুণীজনদের উপস্থিতিতে বিকল্প নির্মাণের জুলাই আগস্ট ও মার্চ এপ্রিল ২০২৩ সংখ্যা প্রকাশ ও কবিতা পাঠ এবং আলোচনা সভা সুন্দরভাবে সুসম্পন্ন হলো সুবীর রায়ের সঞ্চালনায় দমদম কিশোর ভারতী স্কুলে। কবিতা পাঠ করেন চঞ্চল কুমার মন্ডল, মৌসুমী চক্রবর্তী, বিনয় দেব, সুপর্না বোস, পরিমল ঘোষ, অনুপম রায়, দীপক চক্রবর্তী, বিক্রম সরকার, কৌশিক সিংহ, পিয়ানু দাশ, আরতি দে, আসাদ আলী প্রমুখ। গান করেন প্রীতম সাহা, সোমা সেনগুপ্ত। বক্তব্য রাখেন দীপক চক্রবর্তী, ডঃ কানাই সেন, ডক্টর অমিতাভ চক্রবর্তী এবং সম্পাদক অভিজিৎ বিশ্বাস। সার্বিক পরিচালনায় ছিলেন সম্পাদক অভিজিৎ বিশ্বাস।

# ভোল বদলাচ্ছে ক্যানসার, লড়ে যাচ্ছেন বিজ্ঞানীরা

ক্যানসার। শব্দটা শুনলে তার পরেই যা মাথায় আসে, তা হল মৃত্যু। এই মৃত্যুকেই চ্যালেঞ্জ ছুড়ে দিতে গবেষণা চলছে বিশ্ব জুড়ে। হাজার হাজার কোটি ডলার ব্যয় করে সন্ধান চলছে ওষুধের। যদিও পরিসংখ্যান বলছে, "ক্লিনিক্যাল ড্রাগ ডেভেলপমেন্ট" বা ওষুধ তৈরি ৯০ শতাংশ ক্ষেত্রেই ব্যর্থ। ল্যাবের পরীক্ষায় পাশ করলেও শেষমেশ মানবদেহে সে ওষুধ সাফল্যের মুখ দেখে না।

বাকি ১০ শতাংশ পাশের হারেও যা রয়েছে, তা শুধুমাত্র ক্যানসারকে যুঝতে সাহায্যকারী ওষুধ বা চিকিৎসা ব্যবস্থা।এ অবস্থায় ভুলের মধ্যে থেকে ঠিক পথের সন্ধানী গবেষকেরা। তৈরি হচ্ছে নয়া গবেষণা ও চিকিৎসা-প্রযুক্তি "অর্গানয়েড", "হিউম্যানয়েড মাউস", "টার্গেটেড থেরাপি"। গবেষকেরা বলছেন, এই লড়াই শেষ হওয়ার নয়, তবে বিজ্ঞান ও প্রযুক্তির হাত ধরে ক্যানসার গবেষণা-চিকিৎসা এগোচ্ছে।

ক্যানসারের ইতিহাস ঘাঁটলে জানা যায়, ডাইনোসরের জীবাশ্মেও ক্যানসারের চিহ্ন মিলেছে। ১৫০০ থেকে ১৬০০ খ্রিষ্টপূর্ব, মিশরের প্যাপিরাসে ক্যানসারের উল্লেখ পাওয়া যায়। মানবদেহে ক্যানসারের কথা প্রথম নথিভুক্ত হয়েছিল ২৭০০ বছর আগে। হাজার হাজার বছরেও এই রহস্যের সমাধান হয়নি। তবে গত দশ বছরে অন্ধকারে কিছুটা হলেও আলোর দেখা মিলেছে।

"ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োমেডিক্যাল জিনোমিক্স" (এনআইবিএমজি)-এর ক্যানসার বিশেষজ্ঞ নিধান বিশ্বাস বলছেন, "দশ বছর আগে হলেও ক্যানসার-প্রশ্নের স্পষ্ট উত্তর ছিল না আমাদের কাছে। কিন্তু ২০১০ সালের পর থেকে ব্যাপক পরিবর্তন এসেছে।" বিষয়টা এ রকম, ২০১০-এর আগে জিন সিকোয়েন্সিং করা হত না। নিধান বলেন, "ডায়াবিটিস ও চোখের অসুখের মধ্যে যতটা পার্থক্য, লিভার ক্যানসার ও স্তন ক্যানসারের মধ্যে পার্থক্য ততটাই। আবার একই ক্যানসারের বিভিন্ন সাবটাইপ রয়েছে। যেমন স্তন ক্যানসার। ট্রিপল নেগেটিভ স্তন ক্যানসার সবচেয়ে বেশি আগ্রাসী।" তিনি জানিয়েছেন, প্রতিটি ক্যানসারের জন্য দায়ী আলাদা আলাদা জিন পরিবর্তন। রোগীর শরীরে কোনও জিন খামখেয়ালি ব্যবহার করছে, সেটা জিন সিকোয়েন্সিং মারফত জানা জরুরি। তা হলেই রোগকে নিয়ন্ত্রণে আনা সম্ভব। কারণ প্রতিটি ক্যানসারের চিকিতা আলাদা।

একই কথা বলছেন ইয়েল বিশ্ববিদ্যালয়ের ক্যানসার গবেষক দেবাঞ্জন ভট্টাচার্য। তিনি জানান, ফুসফুসের ক্যানসারের জন্য দায়ী ইজিএফআর (প্রোটিন)। প্যানক্রিয়েটিক ক্যানসারে দায়ী কে-র্যাস (জিন)। স্তনের ক্যানসারে ব্রাকা-১, ব্রাকা-২ জিন। কার শরীরে কোন জিন কারসাজি করেছে না জানলে ঠিক চিকিতা অসম্ভব।

একই সঙ্গে প্রয়োজন দ্রুত পদক্ষেপ। নিধান বলেন, "ভারতে মুখের ক্যানসারে আক্রান্তের সংখ্যা খুব বেশি। কোনও রোগী যদি এখন মুখে একটা ছোট্ট ঘা নিয়ে আসেন, গোড়াতেই জিন পরীক্ষা করে বলে দেওয়া সম্ভব, ওই ঘা ভবিষ্যতে ক্যানসারের আকার নেবে কি না। ভারতে সেই প্রযুক্তি এসে গিয়েছে। সে ক্ষেত্রে ক্যানসার ছড়ানোর আগেই তার প্রতিকার সম্ভব।" তিনি জানিয়েছেন, এই জিন-পরীক্ষার খরচ আগে লাখ খানেক টাকার ধাক্কা ছিল। এখন অনেকটাই কমেছে। ১৫ হাজার টাকাতেই সম্ভব।

দেবাঞ্জন জানান, কোলন ক্যানসার, প্যানক্রিয়াসের ক্যানসার এগুলি খুব দেরিতে ধরা পড়ে। আমেরিকায় এখন কোলন ক্যানসার ধরার কিট পাওয়া যায়। কোনও ব্যক্তি নিজেই বাড়িতে এই কিটের সাহায্যে পরীক্ষা করতে পারেন। আমেরিকায় ক্যানসার আক্রান্তের সংখ্যা ঊর্ধ্বমুখী। নির্দিষ্ট সময়ের ব্যবধানে নিজের শরীরে উপর নজর রাখতে সেখানে এই পরামর্শই দিচ্ছেন চিকিতকেরা। চিকিতার পাশাপাশি গবেষণা ক্ষেত্রেও বদল ঘটেছে। যেমন হিউম্যানয়েড মাউস বা জেনেটিক্যালি ইঞ্জিনিয়ারড মাউস। আমেরিকার হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী অরিন্দম বসু জানান, আগে ইঁদুরের শরীরে ক্যানসার কোষ ঢুকিয়ে পরীক্ষা করা হত। এখন এমন ভাবে জেনেটিক্যালি ইঞ্জিনিয়ারড ইঁদুর তৈরি করা হচ্ছে, যার শরীরে জন্ম থেকেই ক্যানসার। ফলে গবেষণা আরও বাস্তবসম্মত হচ্ছে। এ ছাড়া অর্গানয়েডের সাহায্যে পরীক্ষা। অরিন্দম নিজেই ক্যানসার অর্গানয়েড নিয়ে পরীক্ষা করছেন। রোগীর শরীর থেকে ক্যানসার কোষ নিয়ে তা ত্রিমাত্রিক ভাবে বড় করে একটি "মানব অঙ্গের" রূপ দেওয়া হয়।এবং তাতে গবেষণা করা হয়।

তবে ক্যানসারে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা "মিউটেশন"। অস্তিত্ব রক্ষার লড়াইয়ে ক্যানসারও ভোলবদল করে চলেছে। ফলে যে ওষুধ আগে কাজ দিত, পরে আর তা কাজ করছে না। অরিন্দম বসুর কথায়, "ক্যানসারের জন্য দায়ী জিন মিউটেশন ঘটিয়ে নির্দিষ্ট ওষুধের কাজ করার ক্ষমতা কমিয়ে দিচ্ছে। ড্রাগ রেজিস্ট্যান্স তৈরি হচ্ছে।" ঠিক এই কারণেই প্রাথমিক ভাবে সুস্থ হয়ে ওঠা কোনও রোগীর শরীরে ক্যানসার ফিরে আসার নজির অসংখ্য। তা ছাড়া, মানব দেহের ভিতরে কী ঘটছে, তা বাইরে থেকে অদৃশ্য। ফলে টেলিকমিউনিকেশন বা অন্য যে কোনও ক্ষেত্রে যে গতিতে বিজ্ঞান ও প্রযুক্তি এগোচ্ছে, তা ক্যানসারের ক্ষেত্রে অন্তত খাটে না। অরিন্দমের কথায়, "সময়ও একটা বড় বাধা। এক-একটা গবেষণায় ১০ থেকে ১৫ বছর লেগে যায়। একটি ওষুধ তৈরিতে ১০০ থেকে ২০০ কোটি ডলার ব্যয় হয়ে যায়। ব্যর্থ হলে ফের নতুন করে শুরু। অর্থও নষ্ট। এই কারণে ক্যানসারের ওষুধের দাম এত বেশি। তবে লড়াই চলবে।"

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# বাংলাদেশে রবিবার থেকে ফের ৪৮ ঘণ্টার অবরোধ



মনির হোসেন,ঢাকা,নভেম্বর ০২ : বাংলাদেশে হাসিনা সরকারের পদত্যাগের ১ দফা দাবি আদায়ে আবারও ২ দিনের অবরোধ কর্মসূচির ঘোষণা দিয়েছে বিএনপি। আগামী ৫ ও ৬ নভেম্বর রবি ও সোমবার বাংলাদেশে সর্বাত্মক অবরোধ পালন করবে তারা। বৃহস্পতিবার বিকেলে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন। তিনি বলেন, রবিবার ভোর ৬টা থেকে মঙ্গলবার ভোর ৬টা পর্যন্ত সর্বাত্মক অবরোধ কর্মসূচি পালন করা হবে। বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলনে থাকা অন্য দলগুলোও এই কর্মসূচি পালন করবে বলে জানান তিনি। অবরোধের পাশাপাশি শুক্রবার বিশেষ দোয়া কর্মসূচিও ঘোষণা করেন রিজভী। তিনি বলেন, ২৮ অক্টোবর থেকে চলমান আন্দোলনে মারা যাওয়া নেতাকর্মীদের আত্মার মাগফেরাত কামনায় বিএনপির পক্ষ থেকে শুক্রবার দেশজুড়ে মসজিদে মসজিদে দোয়া ও মোনাজাত করা হবে।

এদিকে, বিএনপি-জামায়াতের ডাকা তিন দিনের সর্বাত্মক অবরোধ কর্মসূচির তৃতীয় দিন ছিল বৃহস্পতিবার এদিনও রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে অগ্নিসংযোগ ও ভাঙচুর চালানো হয়েছে এক ডজনেরও বেশি যানবাহনে। নাশকতাকারী ও বিশৃঙ্খলাকারী সন্দেহে অন্তত ১০ জনকে আটক বা গ্রেফতার করেছে পুলিশ। রাজধানী ঢাকার উত্তরা আজমপুর বাসস্ট্যান্ড এলাকায় পরিস্থান পরিবহনের একটি যাত্রীবাহী বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার সকাল ৭টার দিকে এই ঘটনা ঘটে। পুলিশ জানিয়েছে, পরিস্থান বাসে যাত্রীবেশে উঠে আগুন ধরিয়ে দেয় দুর্বৃত্তরা। এ সময় গাড়িতে ১২ থেকে ১৪ জন যাত্রী ছিল। আগুন লাগিয়ে পেছনের জানালা দিয়ে পালিয়ে যায় কয়েক যুবক। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতরের ডিউটি অফিসার জানান, সকাল ৭টায় ওই গাড়িতে আগুন দেয় দুর্বৃত্তরা। পরে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

এর আগে ভোর পৌনে ৫টার দিকে ঢাকার মোহাম্মদপুরে মৌমিতা পরিবহনের দাঁড়িয়ে থাকা একটি বাসে আগুন দেয় দুর্বৃত্তরা। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতরের কর্মকর্তা শাজাহান শিকদার বাংলা ট্রিবিউনকে জানান, মোহাম্মদপুর বেড়িবাঁধ ভাঙা মসজিদ এলাকায় মৌমিতা পরিবহনের একটি যাত্রীবাহী বাস দাঁড়ানো ছিল। এ সময় দুর্বৃত্তরা বাসটিতে আগুন দেয়। পরে সার্ভিস কর্মীরা ঘটনাস্থলে গিয়ে দ্রুত আগুন নেভান।

বৃহস্পতিবার নারায়ণগঞ্জের এশিয়ান হাইওয়েতে তুলাবোঝাই একটি কাভার্ড ভ্যান ও একটি ট্রাক ভাঙচুর করে আগুন দিয়েছে অবরোধকারীরা। পুলিশ ঘটনাস্থলে গিয়ে গুলি ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ সময় চার জনকে গ্রেফতার করে পুলিশ। সকালে রূপগঞ্জ উপজেলার কুশাব এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ সুপার গোলাম মোস্তফা রাসেল বলেন, অবরোধের তৃতীয় দিন যান চলাচল স্বাভাবিক ছিল। তবে নারায়ণগঞ্জের রূপগঞ্জ ও সিদ্ধিরগঞ্জে বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটেছে। রূপগঞ্জে অবরোধকারীরা কাভার্ড ভ্যানে আগুন দেয়। এ সময় পুলিশ ঘটনাস্থল থেকে চার জনকে গ্রেফতার করে। এছাড়া সিদ্ধিরগঞ্জে একটি গাড়ি ভাঙচুর করার চেষ্টা করে। সে সময় পুলিশ গিয়ে তিন জনকে গ্রেফতার করেছে বলে জানান এসপি।

অবরোধের তৃতীয় দিনে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের বিভিন্ন স্থানে আগুন জ্বালিয়ে বিক্ষোভ মিছিল করেছে বিএনপির নেতাকর্মীরা। বৃহস্পতিবার সকালে মহাসড়কের সিদ্ধিরগঞ্জ এলাকায় এ ঘটনা ঘটে। এ সময় পুলিশ তিন জনকে গ্রেফতার করেছে। পুলিশ জানায়, জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক মামুন মাহমুদের নেতৃত্বে মহাসড়কের মাদানীনগর এলাকায় টায়ার জ্বালিয়ে করে মিছিল করে কয়েকজন।

এ সময় পুলিশ ধাওয়া দিয়ে তিন জনকে গ্রেফতার করে। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ফেনীর লালপোলে চিনিবোঝাই একটি ট্রাকে আগুন দিয়েছে অজ্ঞাত ব্যক্তিরা। বুধবার দিবাগত রাত ৪টার দিকে এলাকায় এ ঘটনা ঘটে। ফেনী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের ওয়্যারহাউজ ইন্সপেক্টর ওয়াসি আজাদ বলেন, বুধবার দিবাগত রাত ৪টা ২০ মিনিটে খবর পেয়ে আমরা ঘটনাস্থলে গিয়ে আগুন নিভিয়েছি। আগুনে ট্রাকের সামনের অংশ পুড়ে গেছে।

## ৩ নভেম্বর ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়ার উদ্বোধন, ৫ তারিখ সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখবেন রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লির প্রগতি ময়দানে খাদ্য সংক্রান্ত অনুষ্ঠান ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া ২০২৩-এর উদ্বোধন করবেন। বিশ্বের কাছে ভারতের সমৃদ্ধ খাদ্য সংস্কৃতিকে তুলে ধরতে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক তিন দিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করছে। মন্ত্রকের সচিব শ্রীমতি অনিতা প্রবীণ জানিয়েছেন, ২৩টি রাজ্য এবং বিভিন্ন দেশের ১২০০ জনেরও বেশি প্রতিনিধি এতে অংশ নেবেন।

এই ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া প্রসঙ্গে বৃহস্পতিবার কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ প্যাটেল বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদী দিল্লিতে ৩ নভেম্বর বিশ্ব খাদ্য উৎসবের উদ্বোধন করবেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর উপস্থিতিতে অনুষ্ঠানটি ৫ নভেম্বর সমাপ্ত হবে। সারা বিশ্বের ৮১টি দেশ এই অনুষ্ঠানে অংশ নেবে।'

## আহমেদাবাদের গান্ধী আশ্রমে চরকা কেটে জাতির জনককে স্মরণ উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রীর

আহমেদাবাদ, ২ নভেম্বর (হি.স.) : উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি আহমেদাবাদের গান্ধী আশ্রমে চরকা কেটে জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। মুখ্যমন্ত্রী গ্লোবাল ইনভেস্টর সামিটে অংশ নিতে আহমেদাবাদ সফরে রয়েছেন। এই সফরকালে বৃহস্পতিবার ধামি আহমেদাবাদের গান্ধী আশ্রমে যান। সেখানে তিনি কিছুটা সময় চরকা কাঁটেন এবং এখানকার ভিজিটরস বুকেও তাঁর অভিজ্ঞতার কথা শেয়ার করেন।

আশ্রমে চরকা কাটার পাশাপাশি আশ্রমটি পরিদর্শনও করেন মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। মুখ্যমন্ত্রী বলেন, স্বাধীনতা আন্দোলনে জাতির জনক যে কাজ করেছেন তা আমাদের সবসময় অনুপ্রাণিত করে। গান্ধী আশ্রম পরিদর্শণের আগে মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি বৃহস্পতিবার সকালে গান্ধীনগরে গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। প্যাটেলকে বাবা কেদারের একটি স্মারক উপহার দেন ধামি। উভয় রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে আলোচনার পাশাপাশি ভূপেন্দ্র প্যাটেলকে দেবভূমি পরিদর্শনেরও আমন্ত্রণও জানান ধামি।

## করণদিঘিতে আগ্নেয়াস্ত্র সহ ধৃত যুবক

করণদিঘি, ২ নভেম্বর (হি.স.): দক্ষিণ দিনাজপুরের ইসলামপুরের রসাখোয়া বাসস্টান্ডে আগ্নেয়াস্ত্র সহ এক যুবককে গ্রেফতার করল করণদিঘি থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম তনবীর আলম। বাড়ি রসাখোয়া এলাকার খুরকা হলদিয়া গ্রামে। বৃহস্পতিবার ধৃত যুবককে ইসলামপুর মহকুমা আদালতে তোলা হয়েছে।

করণদিঘি থানার পুলিশ গোপন সূত্রে জানতে পারে রসাখোয়া বাসস্টান্ডে এক যুবক কোমরে পিস্তল গুঁজে ঘুরে বেড়াচ্ছে। খবর পেয়েই সাদা পোশাকের পুলিশ ওঁতপেতে থাকে। এরপর বাসস্টান্ডে পৌঁছোতেই যুবককে ঘিরে ধরে পুলিশ। তাকে তল্লাশি চালাতেই নাইন এমএম পিস্তল উদ্ধার করে পুলিশ। পিস্তলে একটি গুলি ছিল বলে পুলিশ জানিয়েছে। কী কারণে ওই যুবক পিস্তল নিয়ে ওই এলাকায় ঘুরে বেড়াচ্ছিল তা জানতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## 'নোংরা প্রশ্ন করা হচ্ছিল', এথিক্স কমিটির বৈঠক থেকে ওয়াকআউট মহুয়া মৈত্রের

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.) : বৃহস্পতিবার এথিক্স কমিটির ডাকে জিজ্ঞাসাবাদের জবাব দিতে গিয়েছিলেন কৃষ্ণনগরের তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র। কিন্তু সেখান থেকে রেগে বেরিয়ে এলেন তিনি। তাঁর দাবি, এথিক্স কমিটিতে তাঁকে নোংরা প্রশ্ন করা হচ্ছিল। তাই তিনি ওয়াকআউট করেছেন। মহুয়া, দানিশ আলি সহ কমিটিতে বিরোধী দলের সাংসদরাও এদিন ওয়াকআউট করেন।

লোকসভায় 'টাকার বিনিময়ে প্রশ্ন' অভিযোগের তদন্তে এথিক্স কমিটির জিজ্ঞাসাবাদের জবাব দিতে বৃহস্পতিবার বেলা ১১টায় লোকসভার যাওয়ার কথা ছিল মহুয়ার। তবে তিনি একটু দেরিতে পৌঁছান। সংসদের অ্যানেক্স ভবনে সেই বৈঠক চলছিল। দুপুরের পর দেখা যায়, হঠাৎ সেখান থেকে নেমে আসছেন মহুয়া। তাঁর পিছনে আসেন লোকসভায় বহুজন সমাজ পার্টির সাংসদ দানিশ আলি। পরে সাংবাদিকদের তিনি বলেন, 'মহুয়া রাতে কার সঙ্গে কথা বলতেন, কোন হোটেলে ছিলেন, সেই প্রশ্ন করা হচ্ছিল তাঁকে। এথিক্স কমিটিতে সব অনৈতিক প্রশ্ন করা হচ্ছিল।'

এদিকে মহুয়ার ওয়াকআউট প্রসঙ্গে বিজেপি মুখপাত্র পালটা জানান, তৃণমূল সাংসদের কাছে উত্তর দেওয়ার কিছু ছিল না। তাই নাটক করে বেরিয়ে এসেছেন। পাশাপাশি বিজেপির বক্তব্য, ব্যবসায়ী দর্শন হীরানন্দানিই দাবি করেছেন যে মহুয়ার দেশে বিদেশে বেড়ানোর তিনি ব্যবস্থা করেছিলেন। সেই হীরানন্দানিই আবার মহুয়ার হয়ে সংসদে আদানির বিরুদ্ধে প্রশ্ন পোস্ট করেছিলেন। তাই স্বাভাবিকভাবে হয়তো তাঁকে প্রশ্ন করা হয়েছিল, যে কোন হোটেলে তিনি উঠেছিলেন। তবে এবিষয়ে এখনও তৃণমূলের তরফে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

## তেজপুরের এক শিশুগৃহ থেকে নিখোঁজ তিন কন্যাশিশু

তেজপুর (অসম), ২ নভেম্বর (হি.স.) : তেজপুরের এক শিশুগৃহ থেকে তিন-তিনটি কন্যাশিশু নিখোঁজ হয়ে গেছে। বিকেলে খেলাধুলো করতে আবাসিক অন্য শিশুদের সঙ্গে গিয়েছিল নিখোঁজ তিন কন্যাশিশু।

ঘটনা গতকাল শোণিতপুর জেলা সদর তেজপুরের লালমাটিতে অবস্থিত 'স্নেহবন্ধন শিশুগৃহ'-এ সংঘটিত হয়েছে। অসম সরকারের অধীন রাজ্য শিশু সুরক্ষা সমিতির সহযোগিতায় কিশোর ন্যায় শিশুর যত্ন ও সুরক্ষা আইন-২০১৫-এর অধীনে স্থাপন করা হয়েছিল স্নেহবন্ধন শিশুগৃহ।

জানা গেছে, প্রতি দিন স্নেহবন্ধন শিশুগৃহে আশ্রিত ২২ জন শিশু খেলাধুলো করতে যায় লাগোয়া একটি মাঠে। গতকালও তারা খেলাধুলো করতে ওই মাঠে গিয়েছিল। কিন্তু ১৯টি শিশু তাদের আবাসনে ফিরে গেলেও ফেরেনি তিন শিশুকন্যা। ঘটনার পরিপ্রেক্ষিতে তৎক্ষণাৎ লালমাটি পুলিশ ফাঁড়িকে তিনটি শিশুকন্যা নিখোঁজ সংক্রান্ত এফআইআর করেন শিশুগৃহ কর্তৃপক্ষ।

এফআইআর অনুযায়ী নিখোঁজ তিন শিশু যথাক্রমে ঢেকিয়াজুলি, ঠেলামারা এবং ডিমাপুরের বাসিন্দা। এফআইআর-এর ভিত্তিতে মামল রুজু করে লালমাটি ফাঁড়ির পুলিশ তদন্তে নেমেছে বলে জানা গেছে।

## ভারতে এমন শাসনব্যবস্থা রয়েছে, যা মহিলাদের জন্য অনুকূল হওয়া ব্যবস্থাকে অপরিহার্য করে তোলে : উপ-রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): ভারতে এমন শাসনব্যবস্থা রয়েছে যা মহিলাদের জন্য অত্যন্ত অনুকূল হওয়া ব্যবস্থাকে অপরিহার্য করে তোলে। বললেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। বৃহস্পতিবার দিল্লি বিশ্ববিদ্যালয়ের প্ল্যাটিনাম জুবিলি অনুষ্ঠানে ভারতীয় পার্লামেন্টে নারীদের ভূমিকার উপর ভাষণ দিতে গিয়ে উপ-রাষ্ট্রপতি বলেছেন, আজকাল মেয়েরা প্রতিরক্ষা বাহিনীতে ফাইটার পাইলট হিসেবে যুদ্ধের অবস্থানে রয়েছে এবং মেয়েদের সৈনিক স্কুলে ভর্তি করা হচ্ছে। তিনি বলেন, লিঙ্গ সমতা না থাকলে সমাজে সমতা থাকতে পারে না। উপ-রাষ্ট্রপতি বলেন, লিঙ্গ সমতা বস্তুগতভাবে হতে হবে, রূপ নয় এবং এর বহিঃপ্রকাশ একটি বাস্তবতা হতে হবে। তিনি বলেন, নারীরাই পরিবর্তন এবং তারাই পরিবর্তনের অনুঘটক। উপ-রাষ্ট্রপতির কথায়, পৃথিবী নারীদের এবং নারীদের দ্বারা বিশ্বকে গঠন করতে হবে। উপ-রাষ্ট্রপতি বলেন, সংসদে মহিলাদের ভূমিকা বিশাল।

## কংগ্রেস যোগ দিলেন সাধ্বী অনাদি সরস্বতী, বললেন একজন সন্ত যে কোনও রাজনীতি

জয়পুর, ২ অক্টোবর (হি.স.) : রাজস্থানে ভোটের দিন যত এগিয়ে আসছে, বিভিন্ন দলে যোগদানের পালাও অব্যাহত রয়েছে। বৃহস্পতিবার কংগ্রেসে যোগ দিয়েছেন সাধ্বী অনাদি সরস্বতী। এদিন জয়পুরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট এবং রাজস্থান কংগ্রেসের দায়িত্বপ্রাপ্ত সুখজিন্দর সিং রান্ধাওয়ার উপস্থিতিতে কংগ্রেসে যোগ দিয়েছেন সাধ্বী অনাদি সরস্বতী। কংগ্রেসে যোগ দেওয়ার পর সাধ্বী অনাদি সরস্বতী বলেছেন, 'আমি মনে করি সমাজে আমি একজন সন্ত হিসেবে চিহ্নিত। একজন সন্ত যে কোনও দলীয় রাজনীতির ঊর্ধ্বে। আর একজন সাধক সনাতন ধর্ম এবং সমগ্র বিশ্বকে তাঁর পরিবার মনে করেন। মানুষের সেবা করাই তাঁর একমাত্র লক্ষ্য। একজন সন্তের মঞ্চের প্রয়োজন হয় না, তিনি কেবল কাজ করার দিকে মনোনিবেশ করেন... আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাতে চাই যে তিনি আমাকে সম্মানের সঙ্গে দলে যোগ দেওয়ার সুযোগ দিয়েছেন।' এদিনের সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অশোক গেহলট বলেছেন, 'আমরা আমাদের প্রকল্প, আমরা যে আইন পাশ করেছি, আমাদের গ্যারান্টির ভিত্তিতে জনগণের মধ্যে যাচ্ছি। আমরা চাই জনগণ আবার আমাদের আশীর্বাদ করুক। যদি সরকার পুনরাবৃত্তি হয়, তাহলে বর্তমান পরিকল্পনাগুলি আগামী সময়ে আরও শক্তিশালী হবে। গ্যারান্টি শক্তিশালী হবে।' গেহলট বলেছেন, 'যারা (বিজেপি) ধর্মের নামে রাজনীতি করে, তা এখন চলবে না। জনগণ (রাজস্থানের) জানে রাজস্থান সরকার সবাইকে নিয়ে এগিয়ে চলেছে।'

## কোচবিহারের গ্রামে ঢুকে পড়ল হাতির পাল, আতঙ্কে দিশেহারা গ্রামবাসীরা

কোচবিহার, ২ নভেম্বর (হি.স.) : হাতির তাণ্ডবে নাজেহাল অবস্থা কোচবিহারের দিনহাটার বাসিন্দাদের। বৃহস্পতিবার সকাল সাড়ে পাঁচটা নাগাদ ছ''টি হাতির একটি পাল দেখতে পান দিনহাটার মাতালহাট গ্রাম পঞ্চায়েতের লক্ষ্মীর হাটের বাসিন্দারা। গ্রামে হাতি ঢোকার খবর নিমেষে ছড়িয়ে পড়ে এলাকায়। হাতি দেখতে ভিড় করতে শুরু করেন সাধারণ মানুষ। এ দিকে মানুষ দেখে চমকে যায় হাতিও। পালাতে গিয়ে হাতির পালের সামনে পড়ে গুরুতর জখম হন এক ব্যক্তি। তাঁকে দিনহাটা মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে গোটা এলাকা চষে বেড়াচ্ছে হাতির পাল।

হাতি দেখতে ভিড় করতে থাকেন স্থানীয় মানুষজন। যার ফলে ক্রমশ বাড়তে থাকে বিপদের ঝুঁকি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন বন দফতরের কর্মী এবং পুলিশ। স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধান মানবেন্দ্রনাথ রায় জানান, সকাল সাড়ে পাঁচটা নাগাদ হাতিগুলিকে প্রথম দেখতে পাওয়া যায়। তার পরেই বন দফতরে খবর দেওয়া হয়। তিনি বলেন, ''সাধারণ মানুষ হাতি দেখতে ভিড় করছেন। তবে যে ভাবে হাতিগুলি ঘুরে বেড়াচ্ছে স্বাভাবিক ভাবেই মানুষের মধ্যে আতঙ্ক রয়েছে। বিঘার পর বিঘার ফসল নষ্ট হয়েছে। হাতির পালের সামনে পড়ে স্থানীয় বাসিন্দা হরেন বর্মণ আহত হয়েছেন। তাঁকে দিনহাটা মহকুমা হাসপাতালে ভর্তি করতে হয়েছে।''

## রাম মন্দির ইস্যুকে ঝুলিয়ে রেখেছিল কংগ্রেস, ২২ জানুয়ারি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী মোদী : অমিত শাহ

কার্নাল, ২ নভেম্বর (হি.স.): কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বৃহস্পতিবার হরিয়ানার কার্নাল জেলার অন্ত্যোদয় সম্মেলনে আয়ুষ্মান ভারত চিরায়ু যোজনার উদ্বোধন করেছেন। এই অনুষ্ঠান উদ্বোধন করার পর কংগ্রেসের বিরুদ্ধে আক্রমণ শানিয়েছেন তিনি। অমিত শাহ বলেছেন, 'কংগ্রেস আসলে একটি ''কাট, কমিশন এবং দুর্নীতির দল''। অমিত শাহ এদিন হরিয়ানার কংগ্রেস নেতা ভূপিন্দর সিং হুডাকে নিন্দা করেছেন, এবং প্রশ্ন করেছেন, তিনি গত ৯ বছরে উন্নয়ন কাজগুলি দেখতে পাচ্ছেন নাকি এখনও তার চোখ বন্ধ রয়েছে?

তিনি জোর দিয়ে বলেছেন, 'স্বাধীনতার পর থেকে এত বছর ধরে ইচ্ছাকৃতভাবে রামমন্দিরকে ঝুলিয়ে রেখেছিল কংগ্রেস। হরিয়ানার মানুষ নরেন্দ্র মোদীকে দ্বিতীয়বারের মতো প্রধানমন্ত্রী করেছেন, এবং তিনিই ''ভূমিপূজন'' করেছিলেন। ২২ জানুয়ারি ''প্রাণ প্রতিষ্ঠা'' (অনুষ্ঠান যার দ্বারা একটি হিন্দু মন্দিরে একটি মূর্তি পবিত্র করা হয়) অনুষ্ঠিত হচ্ছে। ওই দিন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী মোদী।' হরিয়ানার পবিত্র ভূমিকে নমন করে অমিত শাহ বলেছেন, 'আমি হরিয়ানার পবিত্র ভূমিকে আমি প্রণাম করছি। কর্ণদেবকে স্মরণ ও প্রণাম করছি।'

## ঐতিহ্য নিদর্শন সংরক্ষণে জোর, জিও ম্যাপিং ও ড্রোনের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ শুরু

কলকাতা, ২ নভেম্বর (হি.স.): রাজ্যের ঐতিহাসিক নিদর্শনগুলি সংরক্ষণে সাধারণ মানুষকে সচেতন ও সরকারকে সাহায্য করতে এগিয়ে এল কলকাতার ইন্টিগ্রেটেড ইনস্টিটিউট ফর অ্যাডভান্স রিসার্চ অ্যান্ড ইনফর্মেশন। এদের উদ্যোগে ইতিমধ্যেই নদিয়ার দেবলগড় ও উত্তর ২৪ পরগনার চন্দ্রকেতুগড়ের অবহেলিত পুরাতাত্ত্বিক নিদর্শন গুলির জিও ম্যাপিং ও ড্রোনের মাধ্যমে সেগুলির ফটোগ্রাফি ও তথ্য সংগ্রহের কাজ শুরু হয়েছে।

ড্রোনের সাহায্যে তারা অনুসন্ধান করছেন ভূপৃষ্ঠে বা কাছাকাছি কোনও নিদর্শন আছে কিনা। তারপর তার ছবি তুলে সেটির সম্পর্কে তথ্য সংগ্রহ করছে। যেসব ঐতিহ্যবাহী স্থানের সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ দরকার সেগুলির তালিকা তৈরি করে সরকারকে সেই বিষয়ে জানানোরও ব্যবস্থা করা হচ্ছে বলে জানিয়েছেন সংস্থার নির্দেশক রাহুল চক্রবর্তী।

## কংগ্রেস রাজ্যের নির্বাচন নিয়ে ব্যস্ত, আইএনডিআই জোটের দিকে আগ্রহী নয় : নীতীশ কুমার

পাটনা, ২ নভেম্বর (হি.স.): কংগ্রেসের বিরুদ্ধে কটাক্ষ করলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। তাঁর মতে, কংগ্রেস রাজ্যের নির্বাচন নিয়েই ব্যস্ত, আইএনডিআই জোটের দিকে আগ্রহী নয়। বৃহস্পতিবার বিহারের রাজধানী পাটনায় ''বিজেপি হটাও, দেশ বাঁচাও'' জনসভার আয়োজন করে সিপিআই। এই জনসভায় অংশ নেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার।

তিনি বলেছেন, আইএনডিআই জোট গতি হারানোর জন্য কংগ্রেসই দায়ী। নীতীশের কথায়, পাঁচটি বিধানসভা নির্বাচন নিয়েই কংগ্রেস বেশি আগ্রহী বলে মনে হচ্ছে।

## কয়লা অমিল, মুনাফা কমলেও ঐতিহ্য ধরে রেখে আশার আলো দেখছে মানকরের কদমা শিল্পিরা

দুর্গাপুর, ২ নভেম্বর (হি. স.) : পুজো পুজো মানেই মানকরের কদমার চাহিদা থাকে। তারপর আবার কালি পুজো আলোর উৎসব। করোনা আবহের রেশ কাটিয়ে ছন্দে ফিরছে সামাজিক পরিবেশ। অমিল জ্বালানি কয়লা। লাফিয়ে বাড়ছে জ্বালানি গ্যাস থেকে চিনির। তারওপর সঙ্কট দক্ষ কারিগরের। মুনাফা কমেছে কদমা বিক্রিতে। মনে আক্ষেপ থাকলেও ঐতিহ্য বজায় রেখেও আশার আলো দেখছেন মানকরের বিখ্যাত কদমা ব্যাবসায়ীরা। দিপাবলিতে জোরকদমে চলছে কদমা তৈরির কাজ।

পুর্ব বর্ধমান জেলার মানকর গ্রাম। বর্ধিষ্ণু গ্রাম। এখানে সেরা মিষ্টান্ন কদমা। আশপাশের যে কোন পুজোয় কদমা পুজোর প্রসাদের উদ্দ্যেশ্যে দেওয়া হয়। ২৫ গ্রাম থেকে একেবার ৯ কেজি পর্যন্ত তৈরী হয় কদমা। চিনি গলিয়ে রস তৈরি করা হয়। তারপর ওই রস ফুটিয়ে পাক তৈরি করা হয়। তাতে টকজল দিয়ে সাদা স্বচ্ছ করা হয়। তারপর সেই পাক থেকে থেকে কদমা কাটা হয়। এবং কাটা কদমা ২৪ ঘন্টার মত চিনির মধ্যে রাখা হয়। একটা সময় মানকরের ৩০ টি বেশী পরিবার কদমা শিল্পের সঙ্গে যুক্ত ছিল। পরবর্তী কালে মূল্যবৃদ্ধির কারনে সেভাবে আয় না হওয়ায় মুখ ফিরিয়ে নেয় এই সুস্বাদু মিস্টান্ন শিল্প থেকে। তবে এখনও ৫-৬ মিষ্টান্ন ব্যাবসায়ী কদমা তৈরি করেন। মানকর হাটতলারা হারধন কর তাদের মধ্যে একজন। বয়সের ভারে জর্জরিত। তবুও গত ৩০ বছর ধরে এই মিষ্টান্ন তৈরি করছেন।

হারাধনবাবু জানান,' মানকর, বুদবুদ, আউশগ্রাম, পানাগড়, অভিরামপুর ছাড়াও আসানসোল, দুর্গাপুর ও অন্য জেলাতেও কদমার চাহিদা রয়েছে। এক দেড় কেজি ওজনের কদমা সব সময় হয়। কালিপুজোয় ৭-৯ কেজি ওজনের কদমা বিশেষ করে তৈরী করতে হয়। তবে আগাম বরাত দিলে বেশী করা হয়।' গত কয়েক বছর ধরে কয়লার জোগান কমেছে। তার ওপর জ্বালানি গ্যাসের দাম উর্দ্ধমুখী। চিনির দাম বেড়েছে। কারিগরের সঙ্কট। খরচের বহর বেড়েছে। চাহিদা ও বিক্রি একইরকম থাকলেও মুনাফা কমেছে কদমা বিক্রিতে।' হারাধন বাবু বলেন,' মনসা পুজো, দূর্গাপুজো, লক্ষী পুজো, কালি পুজোয় কদমা প্রসাদে দেওয়ার রীতি আছে। এটা পরম্পরায় ঐতিহ্য বহন করে। চাহিদা রয়েছে। আশা রাখছি কালিপুজোতেও বিক্রিও ভালো হবে। কয়লার জ্বালানিতে খরচ কম হয়। এখন আর আগের মত কয়লা সেভাবে পাওয়া যাচ্ছে না। জ্বালানি গ্যাসের দাম আকাশছোঁয়া। চিনির দামও বেড়েছে। এককথায় খরচ বেড়েছে। মুনাফা কম হলেও ঐতিহ্য বজায় রাখতে কদমার দাম নাগালের মধ্যে রাখা হয়েছে।'

হারাধনবাবুর ছেলে মানিক কর বলেন,' দূর্গাপুজোয় এবারে প্রায় ৭ কুইন্টাল কদমা বিক্রি হয়েছে। কালি পুজোয় আগাম বরাত এসেছে। বাইরে থেকেও ৫ কেজি, ৬ কেজি, ৭ কেজি, ৮ কেজি ওজনের কদমার চাহিদা রয়েছে। এবছরও আলোর উৎসবে আশার আলো দেখব। আশা করছি ৭-৮ কুইন্টাল কদমা বিক্রি হবে।' তবে প্রশ্ন মানকরের এই খ্যাতনামা মিস্টান্ন শিল্পটি বাঁচিয়ে রাখা নিয়ে। প্রযুক্তির যুগে শিল্পটি বিলুপ্তির আশঙ্কা করছে অনেকে। মানিকবাবু আরও জানান,' ৫ কেজি ওজনের একটা কদমা তৈরি করতে কমপক্ষে দুই থেকে আড়াই ঘন্টা সময় লাগে।

চিনি গলানো থেকে কদমা তৈরি, এক টানা কাজ করতে হয়। মাঝপথে উঠে গেলে চিনির রস জমাট বেঁধে যাবে। কঠিন পরিশ্রম তাই কদমা কারিগরের কাজ কেউ সহজে করতে চায় না।' স্থানীয় বাসিন্দারা বর্তমান প্রজন্ম কদমা তৈরী থেকে অনেকেই বিমুখ। পরিশ্রমের অনুপাতে মজুরী নেই। কারিগরের অভাব। তাই বর্তমান প্রজন্মের কাছে প্রশিক্ষনের প্রয়োজন।

সরকারের কাছে আবেদন, কদমা শিল্পকে বাঁচানোর জন্য কারিগরদের পাশে দাঁড়ানো, আর্থিক সহায়তা করা। গলসী-১ নং পঞ্চায়েত সমিতির সহ সভাপতি অনুপ চট্টোপাধ্যায় বলেন,' কদমা শিল্পিদের পাশে অবশ্যই সরকার থাকবে। কদমা শিল্পের ক্লাস্টার তৈরীর চিন্তাভাবনা নেওয়া হচ্ছে।'

## উত্তর ২৪ পরগনার সীমান্তে ট্রাক থেকে উদ্ধার সোনার বিস্কুট

কলকাতা, ২ নভেম্বর (হি.স.): সোনা চোরাচালানের একটি বড় অভিযান নস্যাৎ করেছে ভারত-বাংলাদেশ সীমান্তে মোতায়েন বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)। বৃহস্পতিবার বিকেলে বিএসএফ দক্ষিণবঙ্গের প্রধান অফিসার ও ডিআইজি একে আর্য্য এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, বুধবার উত্তর ২৪ পরগনার পেট্রাপোল সীমান্তের কাছে সোনা চোরাচালানের বিষয়ে বিএসএফ জওয়ানরা নিশ্চিত তথ্য পেয়েছিলেন। এরপর বিএসএফ কর্মীরা একটি সন্দেহজনক ট্রাককে থামিয়ে তল্লাশি করে কেবিনের ভেতরে লুকিয়ে রাখা ৬০টি সোনার বিস্কুট উদ্ধার করে। এটি সাদা স্বচ্ছ টেপে মোড়ানো ছিল। সোনার ওজন ৬৯৯৮.৫৮০ গ্রাম এবং দাম আনুমানিক ৪ কোটি ৩২ লাখ ৮৬ হাজার টাকা। ট্রাক চালককে আটক করা হয়েছে। তার নাম ২৩ বছর বয়সী সুরজ মগ। তিনি উত্তর ২৪ পরগনার বনগাঁও থানা এলাকার বাসিন্দা। ধৃতকে জিজ্ঞাসাবাদ করে জানা গেছে, সাধারণত ট্রাকটি চোরাচালানের কাজে ব্যবহার করা হতো।

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## রোজের এই চার অভ্যাসেই বাড়ে ফ্যাটি লিভারের ঝুঁকি



অগোছালো জীবনযাপন, অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, স্ট্রেস, শরীরের দিকে একেবারেই খেয়াল না রাখা, অতিরিক্ত মদ্যপান - এগুলিই আমাদের আধুনিক জীবনের সঙ্গী। এই সব অভ্যাসের ফল হল ফ্যাটি লিভার মতো অসুখ। মূলত লিভারের চারপাশে ফ্যাট জমার কারণেই ফ্যাটি লিভার হয়। আজকাল বাচ্চা থেকে বড়, অধিকাংশ মানুষের মধ্যেই দেখা যাচ্ছে এই রোগ।

তবে শরীরে এই রোগ বাসা বাঁধলেও তা সহজে টের পাওয়া যায় না! ফলে অজান্তেই ফ্যাটি লিভার, লিভার সিরোসিসের মতো প্রাণঘাতী রোগের কারণ হয়ে উঠতে পারে। তাই সময় থাকতেই সতর্ক হওয়া দরকার। জেনে নিন, দৈনন্দিন জীবনের কোন কোন বদভ্যাসে ফ্যাটি লিভারের ঝুঁকি বাড়ে।

অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস

অস্বাস্থ্যকর ফ্যাট এবং অত্যধিক ক্যালোরি সমৃদ্ধ খাবারা ফ্যাটি লিভারের অন্যতম কারণ। চিনিযুক্ত পানীয়, জাঙ্ক ফুড, প্রক্রিয়াজাত খাবার, ফাস্ট ফুড, স্ট্রিট ফুড অতিরিক্ত খেলে লিভারে চর্বি জমতে পারে। এ ছাড়া, অতিরিক্ত চিনি খাওয়ার অভ্যাস আমাদের লিভারের ব্যাপক ক্ষতি করে। ফ্রুকটোজ হোক কিংবা কৃত্রিম চিনি, উভয়ই লিভারের অসুখ ডেকে আনে। লিভার সুস্থ রাখতে হলে টাটকা ফলমূল, শাকসবজি, লিন প্রোটিন এবং গোটা শস্য সমৃদ্ধ খাবার খাওয়া অপরিহার্য।

এক্সারসাইজ না করা

শরীরচর্চার অভাবেও কিন্তু ফ্যাটি লিভারের ঝুঁকি বাড়ে। মোটা হয়ে যাওয়া বা ওবেসিটি ফ্যাটি লিভারের জন্য দায়ী হতে পারে। বিশেষ করে পেটের চারপাশে অতিরিক্ত চর্বি থাকলেই লিভারের এই রোগ দেখা দিতে পারে। তাই লিভার সুস্থ রাখতে গেলে প্রতিদিন সময় করে এক্সারসাইজ, যোগব্যায়াম করা জরুরি। নিয়মিত ব্যায়াম করলে শরীরের ওজন নিয়ন্ত্রণে থাকার পাশাপাশি অনেক রোগভোগ থেকেও বাঁচায়।

অতিরিক্ত অ্যালকোহল সেবন

অতিরিক্ত অ্যালকোহল গ্রহণ লিভারের টক্সিন বের করার ক্ষমতাকে ধীরে ধীরে নষ্ট করে দেয়। যার ফলস্বরূপ লিভারে প্রদাহ, সিরোসিস এবং ফ্যাটি লিভারের মতো সমস্যা দেখা দেয়। মাত্রাতিরিক্ত হারে মদ্যপান করার ফলে লিভারে মেদ জমার এই সমস্যাকে "অ্যালকোহল রিলেটেড ফ্যাটি লিভার ডিজিজ" বলে।

ইনসুলিন রেজিস্ট্যান্স এবং টাইপ ২ ডায়াবেটিস

ইনসুলিন রেজিস্ট্যান্স এমন একটি অবস্থা যেখানে শরীরের কোষগুলি ইনসুলিনের প্রতি সঠিকভাবে সাড়া দেয় না, যা ফ্যাটি লিভারের অন্যতম কারণ। কোষগুলি যখন ইনসুলিন প্রতিরোধী হয়ে ওঠে, তখন অগ্ন্যাশয় থেকে আরও ইনসুলিন উতন্ন হয়। এই অতিরিক্ত ইনসুলিন লিভারে চর্বি জমা বাড়াতে পারে। এটি টাইপ ২ ডায়াবেটিসের দিকে নিয়ে যেতে পারে।

এই আর্টিকেলে উল্লিখিত সমস্ত তথ্য পরামর্শস্বরূপ। কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই চিকিতকের পরামর্শ নিন।

## ইউরিক অ্যাসিড মাত্রাতিরিক্ত বাড়লেই স্টোন হবে কিডনিতে

ইউরিক অ্যাসিড শরীরের জন্য একেবারেই ভাল হয়। এদিকে ইউরিক অ্যাসিড বাড়লে শরীারের টক্সিনের পরিমাণও বাড়তে থাকে। ইউরিক অ্যাসিড একটি বর্জ্য পদার্থ যা শরীর যখন পিউরিন নামক পদার্থগুলিকে ভেঙে দেয়, যা কিছু খাবার এবং পানীয়তে পাওয়া যায়। সাধারণত, ইউরিক অ্যাসিড রক্তে দ্রবীভূত হয়, কিডনির মধ্য দিয়ে যায় এবং প্রস্রাবে নির্গত হয়।

ইউরিক অ্যাসিড বাড়লে কিডনি ঠিকমতো কাজ করতে পারে না। ফলে তখন তা গাঁটে গাটে জমতে থাকে। যেখান থেকে পা ব্যথার ম সমস্যা হতে পারে। তখন হাতে বা পায়ে মারাত্মক ব্যথা হতে পারে। ইউরিক অ্যাসিডের মাত্রা নিয়ন্ত্রণে রাখতে এবং গাউটের সমস্যা থেকে বাঁচতে হলে ঠিক ককে ডায়েট মেনে চলতেই হবে। সেই সঙ্গে পুষ্টিবিদ শিখা আগরওয়াল দিয়েছেন বিশেষএই পরামর্শ। রোজ নিয়ম মেনে এই সব ভেষজ খেতে পারলে অনেক সমস্যাই থাকবে নিয়ন্ত্রণে।

শীত পড়তে শুরু করেছে। হলুদের মধ্যে থাকে কারকিউমিন নামের একটি যৌগ, যা যে কোনও রকম প্রদাহ জনিত সমস্যা আটকে রাখার ক্ষমতা রাখে। হলুদের মধ্যে অ্যান্টিঅক্সিডেন্টের পরিমাণ বেশি। যা জয়েন্টের ব্যথা কমায়। রোজ সকালে একটু হলুদ আর আখের গুড় খেতে পারেন।

ইউরিক অ্যাসিড রুখতে খুব কার্যকরী হল আদাও। আদার মধ্যে প্রদাহবিরোধী গুণ রয়েছে। এছাড়াও থাকে অ্যান্টিঅক্সিডেন্ট। রোজ অন্তত দু কাপ আদা দিয়ে চা খান। এতে যেমন হজমের সমস্যার সমাধান হবে তেমনই ব্যথাও কমবে

ধনে বীজও খুব ভাল কাজ করে ইউরিক অ্যাসিড রুখতে। আর তাই ধনে বীজ ফুটিয়ে চা বানিয়ে খেতে পারেন। রোজ সকালে খালিপেটে এই বীজ ভেজানো জল খেলে অনেক উপকার হবে অ্যাপেল সিডার ভিনিগার যেমন ওজন কমাতে সাহায্য করে তেমনই বাতের ব্যথাতেও তা বেশ কার্যকরী। একগ্লাস জলে এক চামচ অ্যাপেল সিডার ভিনিগার মিশিয়ে খান। দিনে দুবার খেলে অনেক কাজ আছে। ফ্ল্যাক্সসিড শরীরের জন্য খুবই ভাল। এর মধ্যে থাকে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড। যা শরীরের বিভিন্ন রকম প্রদাহ রুখে দিতে সাহায্য করে। রোজকার ডায়েটে ফ্ল্যাক্সসিড রাখুন প্রচুর কাজ হবে। কমবে ওজনও।



## রাতে এই পাঁচ উপসর্গ দেখা দিলেই সতর্ক হোন ! কিডনি রোগের ইঙ্গিত



আজকের কর্মব্যস্ত জীবনে নিজেদের দিকে খেয়াল রাখার সুযোগ থাকে না সবসময়। দীর্ঘদিন ধরে অনিয়ম আর অবহেলার প্রভাব পড়ে শরীরের উপর। দেহে বাসা বাঁধে নানা রোগ। শরীরের অন্দরে কোনও অসুখ জন্ম নিলে তা বাইরে থেকে বোঝা সম্ভব নয়। যখন ধরা পড়ে, তখন অনেকটা দেরি হয়ে যায়। বিশেষ করে কিডনির রোগ হলে তা ধরা পড়ে অনেক দেরিতে। বেশিরভাগ সময়ই কিডনি সমস্যার উপসর্গগুলি এতটাই মৃদু হয় যে, অসুখ বাড়াবাড়ি না হলে বুঝে ওঠা যায় না।

শুধু পাথর জমা নয়, কিডনিতে আরও নানা রকম সমস্যা দেখা দিতে পারে। কিডনি বিকল হলে তার কিছু ইঙ্গিত আগে থেকেই শরীরে ফুটে ওঠে, যা সাধারণত আমরা উপেক্ষা করে যাই। বিশেষ করে রাতের বেলা কিডনি রোগের উপসর্গ সবচেয়ে বেশি ধরা পড়ে। জেনে নিন কোন কোন লক্ষণ দেখা দিলে সতর্ক হওয়া জরুরি।

ঘন ঘন প্রস্রাব হওয়া

ঘন ঘন প্রস্রাব হওয়া কেবল ডায়াবেটিস নয়, কিডনি রোগের কারণেও হতে পারে। বিশেষত রাতের বেলা স্বাভাবিকের তুলনায় বেশি বার মূত্রত্যাগ করতে হলে সতর্ক হওয়া প্রয়োজন। রাতে দুই বা দু'বারের বেশি প্রস্রাব হলে তা কিডনি অসুস্থতার লক্ষণ হতে পারে।

পা ফুলে যাওয়া কিডনির সমস্যায় শরীরে সোডিয়ামের ভারসাম্য নষ্ট হয়। এর ফলে পা এবং গোড়ালি ফুলে যায়। বিশেষ করে সন্ধেবেলা অথবা রাতে পা ফুলতে শুরু করলে এবং সকালে কমে গেলে তা কিডনি রোগের লক্ষণ হতে পারে। এমন সমস্যা দেখা দিলে ফেলে রাখা ঠিক নয়। সঙ্গে সঙ্গে চিকিতকের কাছে যান।

শ্বাসকষ্ট হওয়া শ্বাসকষ্ট কিডনি রোগের অন্যতম লক্ষণ। কিডনির সমস্যা হলে শরীরে তরলের পরিমাণে হেরফের হয়। আর তা থেকেই ফুসফুসের উপর চাপ পড়ে। শোওয়ার সময়ে এই সমস্যা আরও বেড়ে যায়।

অনিদ্রার সমস্যা ক্রনিক বা দীর্ঘস্থায়ী কিডনি রোগে আক্রান্ত ব্যক্তিদের মধ্যে অনিদ্রার সমস্যা খুবই সাধারণ। চিকিতকেরা জানাচ্ছেন, কিডনির সমস্যায় আক্রান্ত মানুষদের ঘুম না আসার সমস্যা সুস্থ মানুষদের তুলনায় অনেক বেশি। তাই হঠাত অনিদ্রার সমস্যা দেখা দিলে তা উপেক্ষা না করাই ভালো। এই আর্টিকেলে উল্লিখিত সমস্ত তথ্য পরামর্শস্বরূপ। কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই চিকিতকের পরামর্শ নিন।

## তেলের দোষেই অসুখ বাড়ে

তেল ছাড়া রান্নার কথা ভাবাই যায় না! রোজের রান্না থেকে মাখন, ঘি বাদ দিলেও, তেল একেবারে বাদ দিয়ে রান্না করা সম্ভব হয় না। আবার বেশি তেল শরীরে গেলেও মারাত্মক ক্ষতি হয়। রোগবালাইয়ের শেষ থাকে না। ফলে কী তেল খেলে শরীরের ক্ষতি হবে না, তা নিয়ে ধন্দ থাকে অনেকের মনেই।

আজকের আর্টিকেলে রইল এমন কিছু তেলের সন্ধান, যেগুলি অতিরিক্ত খাওয়া হলে স্বাস্থ্যের হাজারও সমস্যা দেখা দিতে পারে।

পাম অয়েল

পাম অয়েলে প্রচুর পরিমাণে স্যাচুরেটেড ফ্যাট থাকে। এই ফ্যাট অতিরিক্ত শরীরে গেলে হার্টের ক্ষতি হয়। হৃদরোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বাড়ে। কর্ন অয়েল

কর্ন অয়েলে ওমেগা ৬ ফ্যাটি অ্যাসিড থাকে প্রচুর। এই ফ্যাটি অ্যাসিড অত্যধিক গ্রহণের ফলে শারীরিক প্রদাহ হতে পারে।

সয়াবিন তেল

কর্ন অয়েলের মতোই সয়াবিন তেলেও ওমেগা ৬ ফ্যাটি অ্যাসিড থাকে উচ্চ মাত্রায়। তাই পরিমিত পরিমাণে সয়াবিন তেল ব্যবহার করাই ভাল। এর পাশাপাশি ফ্যাটি ডিশ, ফ্ল্যাক্সসিড এবং আখরোটের মতো ওমেগা ৩ ফ্যাটি অ্যাসিড সমৃদ্ধ খাবার রোজের ডায়েটে রাখুন।

ক্যানোলা তেল

অন্যান্য রান্নার তেলের তুলনায় ক্যানোলা তেলকে স্বাস্থ্যকর বলা হলেও, এই তেল পরিমিত পরিমাণে ব্যবহার করাই ভালো। কারণ ক্যানোলা তেলে ওমেগা ৩ এবং ওমেগা ৬ ফ্যাটি অ্যাসিডের মিশ্রণ রয়েছে। তাই বেশি ব্যবহার না করাই ভালো। রান্নায় কোন তেল ব্যবহার করা স্বাস্থ্যকর? পাম অয়েল, কর্ন অয়েল, সয়াবিন অয়েল, ক্যানোলা অয়েল এবং অলিভ অয়েল একেবারেই ব্যবহার না করা অথবা কম ব্যবহার করা স্বাস্থ্যের পক্ষে উপকারী। এর পরিবর্তে, নারকেল তেল, অ্যাভোকাডো তেল এবং তিলের তেল ব্যবহার করতে পারেন। এগুলি খুবই স্বাস্থ্যকর। তবে যে তেলই ব্যবহার করুন না কেন, তার পরিমাণটা কম রাখাই স্বাস্থ্যের জন্য ভালো। এই আর্টিকেলে উল্লিখিত সমস্ত তথ্য পরামর্শস্বরূপ। কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন।

এই আর্টিকেলে উল্লিখিত সমস্ত তথ্য পরামর্শস্বরূপ। কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন।

## রোজ কারিপাতা ভেজানো জল পানেই সুস্থ থাকবে শরীর



কারিপাতা মূলত দক্ষিণী খাবারের অন্যতম উপকরণ হলেও, আজকাল কিন্তু বিভিন্ন বাঙালি রান্নাবান্নাতেও কারিপাতার ব্যবহার হচ্ছে। রান্নায় কয়েকটা কারিপাতা পড়লে তার স্বাদ বেড়ে যায় দ্বিগুণ। তবে রান্নার স্বাদ বাড়ানো ছাড়াও কারিপাতার বহুমুখী উপকারিতা রয়েছে। স্বাস্থ্যের নানা সমস্যায় দারুণ কাজ করে কারিপাতা।

পুষ্টিবিদদের মতে, নিয়মিত কারিপাতা ভেজানো জল পানেই দূর হয় যত রোগ-ব্যাধি। সুস্থ থাকে শরীর। জেনে নিন রান্নায় ব্যবহার করা ছাড়াও, নিয়ম করে কারিপাতা ভেজানো জল খেলে কী কী সুফল পাওয়া যায়।

কোলেস্টেরল নিয়ন্ত্রণে রাখে

কোলেস্টেরলের সমস্যা এখন ঘরে ঘরে। কাড়ি কাড়ি ওষুধ খেয়েও অনেক সময় কোলেস্টেরল নিয়ন্ত্রণে রাখা সম্ভব হয় না। এক্ষেত্রে ভরসা রাখতে পারেন কারিপাতার উপর। খালিপেটে কারিপাতা ভেজানো জল খেলে অনেকটাই নিয়ন্ত্রণে থাকবে কোলেস্টেরল।

চোখ ভালো রাখে

কারিপাতায় ভিটামিন এ রয়েছে প্রচুর পরিমাণে। চোখ ভালো রাখতে খুবই উপকারী এই ভিটামিন। ফলে কারিপাতা ভেজানো জল খেলে চোখ সুস্থ থাকে, দৃষ্টিশক্তি বাড়ে এবং চোখের বিভিন্ন সমস্যা দূরে থাকে।

চুল পড়া কমে চুলের জন্য কারিপাতা খুবই উপকারী। চুল ঝরার সমস্যা নিমেষেই কমিয়ে দিতে পারে কারিপাতা। কারিপাতা ব্যবহারে চুল পুষ্টিও পায়। তাই রোজের ডায়েটে অবশ্যই রাখুন কারিপাতা ভেজানো জল। এতে চুল ঝরার সমস্যা অনেকটাই কমবে। চুল ঘন, কালো হবে। লিভার সুস্থ রাখে সুস্থ-সবলভাবে বাঁচতে গেলে লিভার সুস্থ থাকা খুবই জরুরি। তবে অত্যধিক বাইরের খাবার খাওয়া, অনিয়মিত জীবনযাপন এবং আরও অনেক কারণে লিভার ক্ষতিগ্রস্ত হয়। লিভার ভালো রাখতে কারিপাতার জুড়ি মেলা ভার। কারিপাতায় অ্যান্টিঅক্সিড্যান্ট রয়েছে ভরপুর পরিমাণে। অ্যান্টিঅক্সিড্যান্ট লিভারের ক্ষতি হতে দেয় না। এ ছাড়া, লিভারকে অক্সিডেটিভ স্ট্রেস থেকেও বাঁচায় কারিপাতা।

রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ কারিপাতা আমাদের রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করে। যার ফলে নানা রোগবালাইয়ের হাত থেকে শরীর সুরক্ষিত থাকে। তাছাড়া, প্রতিদিন কারিপাতার জল পান করলে হজমশক্তিও বাড়ে।

হার্ট সুস্থ রাখে কারিপাতার অ্যান্টিঅক্সিডেন্ট উচ্চ কোলেস্টেরল এবং ট্রাইগ্লিসারাইডের মাত্রা কমায়। যার ফলে হার্ট সুস্থ থাকে এবং হৃদরোগের ঝুঁকি কমে।

মানসিক চাপ কমে কারিপাতা গন্ধ আমাদের শরীরে ইতিবাচক প্রভাব ফেলে। পেশী এবং স্নায়ু রিল্যাক্স করে। স্ট্রেসও উপশম করে কারিপাতা। সারা দিনের ব্যস্ততার পর বাড়িতে ফিরে এক গ্লাস কারিপাতার জল বা এক কাপ কারিপাতার চা পান করলে নিমেষেই চাঙ্গা হবে শরীর।

## দীপাবলিতে পাতে থাকুক পাঁচ ফোড়ন মটন

দিওয়ালি মানেই জম্পেশ উদরপূর্তি। বাসন্তী পোলাওয়ের সঙ্গে মটন ছাড়া জমে নাকি? লাল টকটকে ঝোলটা হলুদ পোলাওয়ের সঙ্গে মিলেমিশে একাকার হয়ে যাবে। মুখে পুরলেই স্বর্গীয় আনন্দ! হালফিলের ভাষায় বলতে গেলে "ফুডগ্যাজম"। তাই বাড়িতেই তৈরি করে ফেলুন পছন্দের দু'টি পদ। বাসন্তী পোলাও

উপকরণ চাল, কাজু বাদাম, কিসমিস, দারচিনি, এলাচ, লবঙ্গ, তেজপাতা, গুঁড়ো গরম মশলা, হলুদ গুঁড়ো, আদা, চিনি, ঘি, সাদা তেল

প্রণালী পরিমাণ মতো চাল নিয়ে ভালো করে ধুয়ে জল ঝড়িয়ে নিন। তারপর ঘি আর হলুদ দিয়ে চালটাকে ভাল করে মেখে আধ ঘণ্টা ঢেকে রাখুন। কড়াইতে ঘি দিয়ে কাজু আর কিসমিস হালকা করে ভেজে নিন। ভাজা কিসমিস আর কাজু তুলে একপাশে সরিয়ে রাখুন। পাত্রে আরও একটু তেল দিয়ে তাতে তেজপাতা, লবঙ্গ, এলাচ আর দারচিনি দিয়ে দিন। আদা বাটা দিয়ে হালকা ভাজুন। তারপর চাল দিয়ে ভাল করে মিশিয়ে নিন। চাইলে ৩-৪ ফোটা গোলাপ জলও দিতে পারেন। এবার যত কাপ চাল নিয়েছেন ঠিক তার ডাবল কাপ জল আন্দাজমতো পাত্রে দিয়ে নুন আর চিনি দিয়ে দিন। ভাজা কাজু আর কিসমিসগুলো দিন। জল শুকিয়ে আসার পর চাল ভাল সিদ্ধ হয়েছে কিনা দেখে নিন। এবার নুন-চিনি চেখে ঘি আর গুঁড়ো গরম মশলা ছড়িয়ে মিশিয়ে দেবেন। ব্যস, আপনার বাসন্তী পোলাও তৈরি।

পাঁচফোড়ন মটন

উপকরণ খাসি/পাঠার মাংস, বড় পেয়াজ কুচানো, রসুন বাটা, আদা বাটা

কাঁচা লঙ্কা বাটা, চামচ জিরে গুঁড়ো, লাল লঙ্কার গুঁড়ো, দই ভাল করে ফেটানো, গোটা গরম মশলা, তেজপাতা, সরষের তেল, পাকা পেপে বাটা, পাঁচফোড়ন

প্রণালী খাসি/পাঠার মাংস পাকা পেপে বাটা দিয়ে ম্যারিনেট করে ৪ থেকে ৬ ঘণ্টা ঢেকে রেখে দিতে হবে। কড়াইয়ে সরষের তেল দিয়ে তাতে গোটা শুকনো লঙ্কা, তেজপাতা, পাঁচফোড়ন, এলাচ, লবঙ্গ, দারচিনি দিয়ে দিন। একটু গন্ধ বের হলেই কুচানো পিঁয়াজ দিয়ে দিতে হবে। পিঁয়াজের রং কালচে হতে শুরু করলে তাতে ম্যারিনেট করা মাংস দিয়ে দিতে হবে। তারপর ভাল করে নাড়তে হবে যাতে তলায় লেগে না যায়। কষা হয়ে গেলে এক কাপ গরম জল দিয়ে ঢাকা দিতে হবে। মাঝে মাঝে ঢাকা খুলে নাড়বেন। এবার একটি পাত্রে আদা বাটা, রসুন বাটা, লঙ্কা বাটা, জিরে গুঁড়ো একসঙ্গে মেশাতে হবে। অন্য একটি পাত্রে দু'চামচ সরষের তেল গরম করে তাতে মশলাগুলো কষিয়ে নিতে হবে। তারপর তা মাংসের উপর ঢেলে দিয়ে ভাল করে নেড়ে নিতে হবে। এবার একটু লঙ্কা গুঁড়ো আর দই মিশিয়ে দিতে হবে। আধা ঘণ্টা মতো রান্না করার পর মাংস থেকে তেল ছাড়তে শুরু করবে। এবার একটু গরম মশলা দিয়ে গরম গরম পোলাওয়ের সঙ্গে পরিবেশন করুন। দিওয়ালি মানেই জম্পেশ উদরপূর্তি।

বাসন্তী পোলাওয়ের সঙ্গে মটন ছাড়া জমে নাকি? লাল টকটকে ঝোলটা হলুদ পোলাওয়ের সঙ্গে মিলেমিশে একাকার হয়ে যাবে।

## পনির খেলেই কমবে ওজন

পনির অনেকেরই খুব প্রিয়, আবার অনেকে পনির দেখলেই এড়িয়ে চলেন। দুগ্ধজাতীয় এই খাবারে ক্যালশিয়াম রয়েছে প্রচুর পরিমাণে, যা দাঁত এবং হাড় ভালো রাখে। পাশাপাশি শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাও বাড়ায় পনির। যার ফলে নানা রোগের সঙ্গে লড়াই করতে পারে শরীর। বিশেষ করে শিশুদের জন্য পনির খুবই উপকারী।

তবে বাড়তি ওজন কমাতে চাইলেও ভরসা রাখতে পারেন পনিরে। পনিরে প্রোটিনের পরিমাণ যেহেতু বেশি, তাই চিকিতকদের একাংশের মত, ওজন কমানোর ক্ষেত্রে পনির খাওয়া বেশি লাভজনক হতে পারে। জেনে নিন, পনির কী ভাবে ওজন কমাতে সাহায্য করে।

প্রোটিন সমৃদ্ধ খাবার পনিরে রয়েছে ভরপুর প্রোটিন। আর ক্যালোরি থাকে না বললেই চলে। গবেষণায় দেখা গেছে, পনিরের প্রোটিন দীর্ঘ সময় পেট ভর্তি রাখে এবং খিদে কমায়। যার ফলে ওজনও নিয়ন্ত্রণে থাকে। তাছাড়া পনিরে থাকা আয়রন, ক্যালশিয়াম, প্রোটিন পেশী ও হাড় মজবুত রাখতে সাহায্য করে। রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখে পনিরে ক্যালোরি এবং ফ্যাট খুবই কম। কার্বোহাইড্রেটও কম থাকে, যা রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করতে সহায়তা করে। পনিরে রয়েছে "কনজুগেটেড লিনোলিয়েক অ্যাসিড"। শরীরের বাড়তি চর্বি গলাতে দারুণ সাহায্য করে এই অ্যাসিড। ভালো ফ্যাট থাকে আনস্যাচুরেটেড এবং পলিআনস্যাচুরেটেড ফ্যাট, পনিরে থাকা এই দুই ধরনের উপকারী ফ্যাট ওজন কমানোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গবেষণা বলছে, খাবারের মাধ্যমে ভালো ফ্যাট গ্রহণ করলে শরীরের অতিরিক্ত চর্বি ঝরতে পারে, ফলে ওজন হ্রাস পায়।

অন্ত্র ভালো থাকে পনিরে প্রোবায়োটিক থাকে। প্রোবায়োটিক হল ভালো ব্যাকটেরিয়া, যা অন্ত্র সুস্থ রাখে এবং হজম ক্ষমতা বাড়ায়। আর হজম ভালো হলে ওজনও নিয়ন্ত্রণে থাকে।

## নান-কুলচা বাইরে থেকে কিনে বাড়িতে বানান চিকেন চাঙ্গেজি



অনেক রকম চিকেনই আমরা বাড়িতে বানিয়ে খাই। তবে সব সময় বাড়িতে বানানো চিকেনে রেস্তোরাঁর স্বাদ আসে না। যদি একবার এই ভাবে চিকেন বানিয়ে নেন তাহলে রুটির সঙ্গে ভাল লাগবে খেতে আর বানাতে বিশেষ ঝক্কি নেই

একটু বড় মাপের চিকেনের টুকরো নিতে হবে। চিকেন ভাল করে ধুয়ে ম্যারিনেট করে নিন। চিকেনের মধ্যে প্রথমে লেবুর রস মাখিয়ে নিতে হবে।

২ চামচ আদা-রসুন বাটা, ১ চামচ লঙ্কা গুঁড়ো, স্বাদমতো নুন, ৪ চামচ টকদই দিয়ে ভাল করে মাখুন সব উপকরণ দিয়ে চিকেন ম্যারিনেট করে ৩০ মিনিট ঢাকা দিয়ে রেখে দিতে হবে। গ্যাসে কড়াই বসিয়ে তিনটে মাঝারি মাপের পেঁয়াজ কুচি দিয়ে ভেজে নিতে হবে। এরপর গোটা কাজু ১৫ টা মিশিয়ে দিন এতে

ভেজে নেওয়া কাজু, পেঁয়াজ একটা গ্রাইন্ডার জারে দিয়ে অল্প জলে মিহি পেস্ট বানাতে হবে। কড়াইতে আরও ২ চামচ তেল গরম করে ম্যারিনেট করা চিকেন মিশিয়ে দিতে হবে। আঁচ বাড়িয়ে উল্টেপাল্টে চিকেন ভেজে নিতে হবে

চিকেন ভেজে অন্য পাত্রে তুলে রাখতে হবে। এক সঙ্গে সব চিকেন দেবেন না, এতে ঠিক করে ভাজা যাবে না। হালকা গোলাপি রং ধরলে তুলে রাখুন। বাকি তেলে আদা রসুন বাটা, আগে থেকে বেটে রাখা এক বাটি টমেটোর পেস্ট মেশান

কাজু-পেঁয়াজ বাটা আর সামান্য জল দিয়ে মাঝারি আঁচে কষিয়ে নিতে হবে। ভাল করে কষালেই মশলার রং পরিবর্তন হবে। এবার দেড় চামচ কাশ্মীরী লঙ্কা, ২ চামচ ধনে গুঁড়ো, হাফ চামচ গরম মশলা গুঁড়ো, ১ চামচ লঙ্কা গুঁড়ো দিয়ে নাড়তে থাকুন স্বাদমতো নুন-মিষ্টি দেবেন এতে। ১০ মিনিট মশলা কষিয়ে তেল ছাড়লে হাফ কাপ ফোটানো দুধ মিশিয়ে দিন। গরম দুধ একেবারেই নয়, সাধারণত তাপমাত্রায় থাকা দুধ মেশান। এবার ভেজে রাখা চিকেনের টুকরো গুলো এতে মিশিয়ে দিতে হবে লো-মিডিয়াম আঁচে পাঁচ মিনিট কষিয়ে পরিমাণ মতো জল দিন। ঢাকা দিয়ে রান্না করতে থাকুন। গ্রেভির উপর তেল ছাড়লে রোস্ট করে নেওয়া কসৌরি মেথি, চাট মশলা, ফ্রেশ ক্রিম ২ চামচ কাঁচালঙ্কা চেরে দিয়ে ঢাকা রেখে ২ মিনিট রান্না করুন। এই চিকেন খেতে খুবই ভাল হয়।

# আলিপুরদুয়ারের তৃণমূল সাংসদের বাড়িতে দুষ্কৃতী হামলা, আটক ৬

আলিপুরদুয়ার, ২ নভেম্বর (হি.স.): রাজ্যসভার সাংসদ তথা তৃণমূল কংগ্রেসের আলিপুরদুয়ার জেলা সভাপতি প্রকাশ চিকবরাইকের বাড়িতে দুষ্কৃতী হামলার অভিযোগ। বুধবার গভীর রাতে আলিপুরদুয়ার শহরের চার নম্বর ওয়ার্ডের ভাড়া ফ্ল্যাটে আচমকাই দুষ্কৃতীদের হামলার ঘটনা ঘটে। ঘটনায় ৬ জনকে আটক করা হয়েছে।

জানা গেছে, ৬ জনের একটি দল বুধবার রাত প্রায় বারোটা নাগাদ একটি চার চাকার গাড়ি ও একটি মোটর বাইক করে এসে প্রকাশবাবুর বাড়িতে আচমকাই হানা দেয়। ওই সময় বাড়িতে প্রকাশবাবু ছাড়াও কালচিনির দলের সভাপতি বীরেন্দ্র বাড়া ওরাওঁ সহ ৮ জন দলীয় নেতাকর্মী সেখানে উপস্থিত ছিলেন।

প্রকাশবাবু বলেন, 'তিন মদ্যপ যুবক খোকন বলে কারওঁ খোঁজ করতে করতেই আচমকা আমার ফ্ল্যাটে ঢুকে পড়ে। তারা আমাদের দলের এক কর্মীর উপর চড়াও হয়ে ঘুসি লাথি মারতে থাকে। পরিস্থিতি বেগতিক বুঝে ঘরে থাকা সকলে মিলেই ওই মদ্যপদের আটক করে পুলিশে খবর দেওয়া হয়। বাড়ির নীচে আরও তিনজন যুবক ছিল। তাদের কাছে ধারালো অস্ত্র ছিল বলেও জানা গিয়েছে। কেন আচমকা দুষ্কৃতীরা আমার ফ্ল্যাটে এল বুঝতে পারছি না। তবে এর পেছনে কোনও বড় ষড়যন্ত্র থাকতে পারে, পুলিশ তদন্ত করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে এটাই আশা করছি।' আলিপুরদুয়ার থানার আইসি অনিন্দ্য ভট্টাচার্য্য বলেন, 'ধারালো অস্ত্র সহ ৬ দুষ্কৃতীকে আটক করা হয়েছে। ধৃতদের বাড়ি আলিপুরদুয়ার শহর সংলগ্ন বীরপাড়া এলাকায়। তবে ঘটনার তদন্ত চলছে, ঠিক কী কারণে এমনটা হল, তা খতিয়ে দেখা হচ্ছে।'

## চেন্নাইয়ে লরির ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে মৃত দুবছরের শিশু

চেন্নাই, ২ নভেম্বর (হি.স.) : তামিলনাড়ুর চেন্নাইয়ে একটি লরির ধাক্কায় অটোরিকশা থেকে পড়ে মৃত্যু হল একটি দুবছরের শিশুর। লরির চালককে গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার শিশুটি অটোরিকশাতে বাবার সঙ্গে যাচ্ছিল আচমকাই চেন্নাইয়ের ম্যাপেডুর কাছে একটি লরি তাদের ধাক্কা মারলে দুর্ঘটনাটি ঘটে।

মৃত শিশুটির নাম প্রদীপ, সে চেন্নাইয়ের সেলাইউর রাজাজি নগরের বাসিন্দা ছিল। পুলিশ জানিয়েছে, প্রদীপের বাবা অরুণ পেশায় একজন অটোচালক। তিনি ছেলেকে নিয়ে তাঁর স্ত্রীর থেকে আলাদা থাকেন। বৃহস্পতিবার মদ্যপান করে ছেলেকে নিয়ে অটোতে করে অরুণ যাচ্ছিল বলে পুলিশ জানিয়েছে।

আগরামথেন মেন সড়কের মাপেড়ু জংশনের কাছে যাওয়ার সময় শিশুটি অটো থেকে ছিটকে পড়ে যায়। শিশুটি রাস্তায় পড়ে গেলে কিছুক্ষণের মধ্যে একটি লরি তাকে ধাক্কা দিয়ে চলে যায়। প্রত্যক্ষদর্শীরা প্রদীপকে নিকটবর্তী বেসরকারি হাসপাতালে নিয়ে গেলেও সেখানে তাকে মৃত ঘোষণা করা হয়। ম্যাপেড়ু পুলিশ মৃতদেহটিকে ময়নাতদন্তের জন্য ক্রোমপেট জিএইচ-এ পাঠিয়েছে। লরির চালক রামকৃষ্ণান টেনকাসির(২৪)-কে গ্রেফতার করা হয়েছে।

# পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল, অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): ইসরায়েল-হামাস যুদ্ধের মধ্যেও আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা চলছে। ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেল প্রতি প্রায় ৮৬ ডলার এবং ডব্লিউটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি প্রায় ৮২ ডলার। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, বৃহস্পতিবার রাজধানী দিল্লিতে পেট্রোলের দাম ছিল প্রতি লিটারে ৯৬.৭২ টাকা এবং ডিজেলের দাম ৮৯.৬২ টাকা। একই সময়ে, মুম্বইতে পেট্রোল প্রতি লিটারে ১০৬.৩১ টাকা এবং ডিজেল প্রতি লিটারে ৯৪.২৭ টাকা। একইভাবে, কলকাতায় পেট্রোল বিক্রি হচ্ছে ১০৬.০৩ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৯২.৭৬ টাকায়, যেখানে চেন্নাইতে পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের দাম প্রতি লিটারে ৯৪.২৪ টাকা। আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের চতুর্থ দিনে, ব্রেন্ট ক্রুড ০.৮২ ডলার বা ০.৯৭ শতাংশ বৃদ্ধির সাথে ব্যারেল প্রতি ৮৫.৪৫ ডলারে রয়েছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ০.৮৬ ডলার বা ১.০৭ শতাংশ বৃদ্ধির সাথে ৮১.৩১ ডলারে লেনদেন করছে।

# হারদোইতে উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস যোগীর, নারীশক্তিকে জানালেন কুর্নিশ

হারদোই, ২ নভেম্বর (হি.স.) : উত্তরপ্রদেশের হারদোই জেলাকে ৫৪১ কোটি টাকার ২১৭টি উন্নয়ন প্রকল্প উপহার দিলেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বৃহস্পতিবার উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের অনুষ্ঠানে যোগ দেন যোগী। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী যোগী নারী শক্তি বন্দন আইন পাশ করার জন্য মহিলাদের অভিনন্দনও জানান। ভিত্তিপ্রস্তর স্থাপনের অনুষ্ঠানের ভাষণে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ জানান, নারী শক্তি বন্দন আইন পাশ করার জন্য মহিলাদের সমস্ত শক্তিকে অভিনন্দন। অর্ধেক জনসংখ্যাকে সম্মান ও ক্ষমতায়নের মাধ্যমেই সমাজ ও দেশকে উন্নত করা সম্ভব বলেও যোগী এদিনের ভাষণে মন্তব্য করেন। তিনি বলেন, ডাবল ইঞ্জিন সরকার সমাজ ও দেশের উন্নতি সাধনেই গুরুত্বপূর্ণ কাজ করছে। এজন্যই আজ পিএম আবাস যোজনা, প্রতিটি ঘরে শৌচাগার, উজ্জ্বলা যোজনা, আয়ুষ্মান যোজনার মতো সুযোগ-সুবিধা পেয়ে প্রচুর মানুষ উপকৃত হচ্ছে। মেয়ে-বোনেদের উন্নতির জন্যও অনেক কর্মসূচি আনা হয়েছে। আজ সাধারণ শিক্ষক থেকে চন্দ্রযান পর্যন্ত সব স্তরের মানুষ সুযোগ পাচ্ছে। এর মাধ্যমে একটি সক্ষম ও স্বনির্ভর ভারত তৈরি হচ্ছে।

## পাটনায় ''বিজেপি হটাও, দেশ বাঁচাও'' জনসভা সিপিআই-এর, নীতীশের তোপ কেন্দ্রের বিরুদ্ধে

পাটনা, ২ নভেম্বর (হি.স.): বিহারের রাজধানী পাটনায় ''বিজেপি হটাও, দেশ বাঁচাও'' জনসভার আয়োজন করল সিপিআই। বৃহস্পতিবারের এই জনসভায় অংশ নেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার ও সিপিআই নেতা ডি রাজা। এই জনসভা থেকে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আক্রমণ শানিয়েছেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। তিনি বলেছেন, 'আমরা (বিরোধী দলগুলি) একত্রিত হয়ে আইএনডিআই জোট গঠন করেছি - ইন্ডিয়ান ন্যাশনাল ডেভেলপমেন্টাল ইনক্লুসিভ অ্যালায়েন্স - যারা দেশের সংবিধান পরিবর্তনের চেষ্টা করছে তাঁদের থামাতে আমাদের এই জোট।

সিপিআই নেতা ডি রাজা বলেছেন, আমাদের দেশের অবস্থা খুবই খারাপ, বিজেপি দেশকে ধ্বংস করে দিয়েছে। এদিনের জনসভা থেকে ''বিজেপি হটাও, দেশ বাঁচাও''-এর অঙ্গীকার করেন বিরোধী নেতারা।

# ৩ নভেম্বর ঝাড়খণ্ড মন্ত্রিসভার বৈঠক, গুরুত্বপূর্ণ প্রস্তাব অনুমোদন হওয়ার সম্ভাবনা

রাঁচি, ২ নভেম্বর (হি.স.) : ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের সভাপতিত্বে ৩ নভেম্বর ঝাড়খণ্ড মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হবে। শুক্রবার বিকাল ৪টে নাগাদ প্রকল্প ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে অনেক গুরুত্বপূর্ণ প্রস্তাব অনুমোদন হওয়ার সম্ভাবনা রয়েছে। বৈঠকে রাজ্য সরকারী কর্মীদের চার শতাংশ মহার্ঘ ভাতা দেওয়ার ঘোষণা করা হতে পারে। এছাড়াও পেসা অধিনিয়মও অনুমোদন করা হতে পারে। হারমু ফ্লাইওভার নির্মাণের জন্য মন্ত্রিসভায় অনুমোদনেরও প্রস্তুতি চলছে। মন্ত্রিপরিষদ সচিবালয় ও সংশ্লিষ্ট দফতরের সব বিভাগকে চিঠি দিয়ে মন্ত্রিপরিষদ সংক্রান্ত নথিপত্র চাওয়া হয়েছে। এছাড়া উর্দু ও সংস্কৃত স্কুলের শিক্ষকদের পুরনো পেনশন সংক্রান্ত বিষয় নিয়ে সিদ্ধান্ত নেওয়া হতে পারে। এছাড়াও বৈঠকে ঠিক করা হতে পারে বিনোদ বিহারী বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণের বিষয়টিও।

# দিল্লির মন্ত্রী রাজকুমার আনন্দের বাড়িতে ইডি-র অভিযান, মোট ৯টি ঠিকানায় চলছে তল্লাশি

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): দিল্লির সরকারের আবগারি নীতি মামলায় ফের তৎপর হয়ে উঠল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। এই মামলায় বৃহস্পতিবার সকালে দিল্লির মন্ত্রী রাজকুমার আনন্দের বাড়িতে হানা দিল ইডি। বৃহস্পতিবার সকালে দিল্লির সিভিল লাইন্স এলাকায় রাজকুমার আনন্দের বাড়িতে হানা দেন ইডি-র আধিকারিকরা, চারিদিক থেকে তাঁর বাড়ি ঘিরে ফেলেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।

ইডি সূত্রের, রাজকুমার আনন্দের সঙ্গে সম্পর্কিত মোট ৯টি ঠিকানায় তল্লাশি অভিযান চালানো হচ্ছে। উল্লেখ্য, আবগারি দুর্নীতি মামলায় ২ নভেম্বর, শুক্রবারই দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়ালকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে ইডি, কেজরিওয়ালের প্রস্তাবিত হাজিরা দেওয়ার আগেই রাজকুমার আনন্দের বাড়িতে হানা দিল ইডি।

## জম্মু কাশ্মীরের রামবান জেলায় খাদে ট্রাক পড়ে মৃত চালক

রামবান, ২ নভেম্বর (হি.স.) : জম্মু কাশ্মীরের রামবান জেলায় খাদে ট্রাক পড়ে মৃত্যু হয়েছে এক ট্রাক চালকের। বৃহস্পতিবার সকালে পুলিশের এক আধিকারিক এই তথ্য জানান। পুলিশ আধিকারিক জানিয়েছেন, একটি ট্রাক রামবানের কেলা মোড়ের কাছে আসছিল। হঠাৎ চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেললে ট্রাকটি রাস্তা থেকে পিছলে পাশের গভীর খাদে পড়ে যায়।

এই দুর্ঘটনায় ট্রাক চালকের মৃত্যু হয়েছে। নিহত চালকের নাম মহম্মদ ইরফান। নিহত চালক কাশ্মীরের কুলগামের বাসিন্দা ছিলেন। পুলিশের এসএসপি রামবান মোহিতা শর্মা দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে জানিয়েছেন। তিনি বলেন, কেলা মোড রামবনের কাছে একটি গভীর খাদে পড়ে গেলে কুলগামের বাসিন্দা মোহাম্মদ ইরফান নামক ব্যক্তির দুর্ভাগ্যজনকভাবে মৃত্যু হয়েছে।

# কোচবিহারে ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত ২, আশঙ্কাজনক ৪

কোচবিহার, ২ নভেম্বর (হি.স.): কোচবিহার কোতোয়ালী থানার তল্লিগুড়ি এলাকায় অ্যাম্বুল্যান্স পিষে দিল ৬ পথচারীকে। ঘটনাস্থলেই প্রাণ হারালেন স্থানীয় ২ বাসিন্দা। আহতদের আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে পাঠানো হয়েছে কোচবিহার মেডিকেল কলেজে। বুধবার রাতে এমনই মর্মান্তিক ঘটনা ঘটেছে। এলাকায় উত্তেজনা রয়েছে।

জানা গেছে, এদিন রাত ১১টা নাগাদ মর্মান্তিক ঘটনাটি ঘটেছে কোচবিহার কোতোয়ালী থানার তল্লিগুড়ি এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ঘাতক অ্যাম্বুল্যান্সটি তুফানগঞ্জ এর দিক থেকে কোচবিহারের দিকে আসছিল। সে সময় তল্লিগুড়ি এলাকায় একটি অনুষ্ঠান চলছিল। রাস্তায় ভিড় ছিল। সেই সময় অ্যাম্বুল্যান্সটি রাস্তার ওপরে থাকা ৬জনকে কার্য্যত পিষে দেয়। ঘটনাস্থলেই প্রাণ হারায় ২ জন। গুরুতর জখম হন আরও ৪ জন। স্থানীয়রা তড়িঘড়ি হতাহতদের উদ্ধার করে পাঠায় কোচবিহার এমজেএন মেডিকেল কলেজে ও হাসপাতালে। আহত প্রত্যেকের অবস্থাই আশঙ্কাজনক। ঘটনাস্থলে পৌঁছায় কোচবিহার কোতোয়ালী থানার বিরাট পুলিশ বাহিনী। এলাকায় উত্তেজনা রয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

## বায়ু দূষণের উৎস কমাতে দিল্লি সরকার সব ধরনের উদ্যোগ নিচ্ছে : গোপাল রাই

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.) : বায়ুদূষণের জর্জরিত দিল্লিকে স্বস্তি দিতে যাবতীয় পদক্ষেপ নিচ্ছে দিল্লি। বৃহস্পতিবার জোর দিয়ে বললেন দিল্লির পরিবেশ মন্ত্রী গোপাল রাই। তিনি বলেছেন, বায়ু দূষণের উৎস কমাতে দিল্লি সরকার সব ধরনের উদ্যোগ নিচ্ছে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে পরিবেশমন্ত্রী গোপাল রাই বলেছেন, 'এই বছর দিল্লিতে ২০০ দিনের বেশি সময়ে ভাল বাতাসের গুণমান দেখা গিয়েছে। বিশেষজ্ঞদের মতে, আগামী ১৫ দিন খুবই গুরুত্বপূর্ণ।'

দিল্লির পরিবেশ মন্ত্রী গোপাল রাই আরও বলেছেন, 'বায়ু দূষণের উৎস কমাতে সমস্ত উদ্যোগ নিচ্ছে দিল্লি সরকার। বায়ু দূষণের সমস্যা সমগ্র উত্তর ভারতে, এ জন্য এমনকি কেন্দ্রীয় সরকারও সক্রিয় হয়ে উঠেছে; সমস্ত রাজ্য এবং কেন্দ্রকে এই বিষয়ে একসঙ্গে কাজ করতে হবে।' প্রসঙ্গত, বিগত কয়েকদিনের মতো দিল্লিতেও বাতাসের গুণগতমান অত্যন্ত খারাপ ছিল। একই রকম অবস্থা ছিল দিল্লির লাগোয়া উত্তর প্রদেশের নয়ডাতেও।

# তেলেঙ্গানায় কংগ্রেস ক্ষমতায় এলে, প্রতি মাসে ৪ হাজার টাকা উপকৃত হবেন মহিলারা : রাহুল গান্ধী

আমবাটপল্লী, ২ নভেম্বর (হি.স.): ভোটমুখী তেলেঙ্গানার জনগণকে বড়বড় আশ্বাস দিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। বৃস্পতিবার সকালে তেলেঙ্গানার আমবাটপল্লীতে এক জনসভায় বক্তব্য রাখার সময় রাহুল গান্ধী বলেছেন, তেলেঙ্গানায় কংগ্রেস ক্ষমতায় এলে মহিলাদের জন্য প্রতি মাসে আড়াই হাজার টাকা দেওয়া হবে, গ্যাস সিলিন্ডারের দামও কমানো হবে। রাহুল বলেছেন, তেলেঙ্গানার পাবলিক বাসে বিনামূল্যে ভ্রমণ করতে পারবেন মহিলারা। রাহুল গান্ধী জোর দিয়ে বলেছেন, তেলেঙ্গানায় কংগ্রেস ক্ষমতায় এলে, প্রতি মাসে ৪ হাজার টাকা পর্যন্ত উপকৃত হবেন মহিলারা। তিনি বলেছেন, 'ডোরালা সরকারকে (সামন্ত শাসন) অপসারণ করতে এবং প্রজলা সরকার (জনগণের শাসন) প্রতিষ্ঠা করতে কংগ্রেসকে সমর্থন করুন।' তেলেঙ্গানার কেসিআর সরকারকে আক্রমণ করে রাহুল বলেন, 'আপনারা জানেন, তেলেঙ্গানায় নির্বাচন হচ্ছে এবং প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে ''ডোরালা'' তেলেঙ্গানা এবং জনসাধারণের মধ্যে। এই স্থানে ''ডোরালা'' তেলেঙ্গানার সবচেয়ে বড় প্রতীক রয়েছে, আমি এটি নিজের চোখে দেখতে চেয়েছিলাম। এখানে তেলেঙ্গানার মানুষের কাছ থেকে ১ লক্ষ কোটি টাকা চুরি হয়েছে। এখান থেকে কেউ উপকৃত হয়নি।'

# কেজরিওয়াল সরকারের বিরুদ্ধে রাজঘাটে বিক্ষোভ বিজেপির, হর্ষবর্ধন বললেন সর্বদা সত্যের জয় হয়

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী পদ থেকে অরবিন্দ কেজরিওয়ালের ইস্তফা ও দিল্লি সরকারের তীব্র সমালোচনা করে বৃহস্পতিবার দিল্লির রাজঘাটে বিক্ষোভ প্রদর্শন করল বিজেপি। আবগারি দুর্নীতিতে কেজরিওয়ালের ইস্তফা চেয়ে স্লোগান দিতে থাকেন বিজেপির নেতা-কর্মীরা। বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা হর্ষবর্ধন, দিল্লি বিধানসভার বিরোধী দলনেতা রামবীর সিং বিধুরি, দিল্লি বিজেপির সভাপতি বীরেন্দ্র সচদেব প্রমুখ।

ইডি-র দফতরে কেজরিওয়ালের হাজিরা দেওয়া প্রসঙ্গে বিজেপি নেতা হর্ষবর্ধন বলেছেন, 'যদি আজ না হয়, তাহলে আগামীকাল, তাঁকে (অরবিন্দ কেজরিওয়াল) (ইডির সামনে) হাজির হতে হবে এবং সত্য বলতে হবে। সর্বদা সত্যেরই জয় হয়। আমি ব্যক্তিগতভাবে তাঁকে অনুরোধ করছি একবার সত্য কথা বলুন।' দিল্লি বিধানসভার বিরোধী দলনেতা রামবীর সিং বিধুরি বলেছেন, 'অরবিন্দ কেজরিওয়াল নির্দয়ভাবে দিল্লিকে লুট করেছেন। আবগারি কেলেঙ্কারি মাত্র ৫০-১০০ কোটি টাকার নয়, এটি হাজার কোটি টাকার।' দিল্লি বিজেপির সভাপতি বীরেন্দ্র সচদেব বলেছেন, 'আমি এখনও তাঁর (অরবিন্দ কেজরিওয়াল) প্রতিক্রিয়া দেখিনি। যাইহোক, অরবিন্দ কেজরিওয়াল আবগারি নীতি মামলার ষড়যন্ত্রকারী এবং সবাই তা জানেন।'

# ইডি-র দফতরের বাইরে কড়া নিরাপত্তা, সমনে সাড়া দিচ্ছেন না কেজরিওয়াল

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): আবগারি দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর জিজ্ঞাসাবাদের মুখোমুখি হচ্ছেন না দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। বৃহস্পতিবার ইডি-র তরফে তাঁকে তলব করা হয়েছে। কিন্তু তিনি না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন বলে দলীয় সূত্রের খবর। এদিনই আবার ইডি-কে কেজরিওয়াল লিখিতভাবে জানান, 'সমন নোটিশটি বেআইনি এবং রাজনৈতিকভাবে উদ্দেশ্য প্রণোদিত। নোটিশটি বিজেপির নির্দেশে পাঠানো হয়েছিল। আমি যাতে চারটি রাজ্যে নির্বাচনী প্রচারে যেতে পারি না তা নিশ্চিত করার জন্য নোটিশ পাঠানো হয়েছিল।' ইডি-র কাছে লিখিতভাবে কেজরিওয়াল আর্জি জানিয়েছেন, অবিলম্বে নোটিশটি প্রত্যাহার করা উচিত।

এদিকে, দিল্লিতে ইডি-র দফতরে বাইরে বৃহস্পতিবার সকাল থেকেই ছিল কড়া নিরাপত্তা। যদিও, এএপি সূত্রে জানা গিয়েছে, ইডি-র দফতরে যাচ্ছেন না কেজরিওয়াল।

অরবিন্দ কেজরিওয়ালকে ইডি-র তলব সম্পর্কে দিল্লির মন্ত্রী এবং এএপি বিধায়ক সৌরভ ভরদ্বাজ বলেছেন, 'শুধুমাত্র ভারত নয়, গোটা বিশ্বই দেখছে, কেন্দ্র ক্ষমতায় মত্ত এবং এতটাই অহংকারী যে প্রতিটি ছোট রাজনৈতিক দলকে চূর্ণ করতে চায়। আম আদমি পার্টি একটি ক্রমবর্ধমান জাতীয় দল, এবং বিজেপি সরকার একে চূর্ণ করার জন্য সর্বাত্মক চেষ্টা করছে।'

# অর্থের বিনিময়ে প্রশ্ন অভিযোগে বিদ্ধ মহুয়া, এথিক্স কমিটির সামনে হাজিরা তৃণমূল সাংসদের

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): অর্থের বিনিময়ে প্রশ্ন অভিযোগে বিদ্ধ তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র বৃহস্পতিবার লোকসভার এথিক্স কমিটির সামনে হাজিরা দিয়েছেন। বৃহস্পতিবার সকালে দিল্লির বাড়ি থেকে বেরিয়ে সোজা সংসদের উদ্দেশ্যে রওনা হন মহুয়া, নির্ধারিত সময়েই তিনি পৌঁছে যান সংসদে। মুখোমুখি হয়েছেন লোকসভার এথিক্স কমিটির। এথিক্স কমিটির চেয়ারপার্সন বিনোদ সোনকর এবং মধ্যপ্রদেশ বিজেপির সভাপতি ভি ডি শর্মাও সংসদে এসে পৌঁছেছেন।

কেন্দ্রীয় মন্ত্রক এবং জমা পড়া সাক্ষ্য ও নথিপত্রের ভিত্তিতে মহুয়াকে জিজ্ঞাসাবাদ করা হবে বলে সূত্রের খবর।

এ বিষয়ে সংসদীয় প্যানেল ওই তিন মন্ত্রকের কাছ থেকে তথ্য চেয়েছে। উল্লেখ্য, 'ঘুষের বিনিময়ে প্রশ্ন' তোলার অভিযোগে এদিন লোকসভার এথিক্স কমিটির সামনে হাজিরা দেন তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র।

মহুয়া ইতিমধ্যেই এথিক্স কমিটিকে চিঠি দিয়ে একাধিক প্রশ্ন তুলেছেন। ব্যবসায়ী দর্শন হীরানন্দানি ও অন্যতম অভিযোগকারী তথা মহুয়ার প্রাক্তন বন্ধু জয় অনন্ত দেহাদ্রাইকে তিনি প্রশ্ন করতে চান বলে চিঠিতে লিখেছিলেন মহুয়া।

## কমান্ড হাসপাতালেই হবে জ্যোতিপ্রিয়র চিকিৎসা, জানাল কলকাতা হাইকোর্ট

কলকাতা, ২ নভেম্বর (হি.স.): সেনাবাহিনীর বাইরে অন্য কারও চিকিৎসায় আপত্তি তুলে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল কমান্ড হাসপাতাল। কিন্তু বৃহস্পতিবার আদালত সাফ জানিয়েছে, ইডি হেফাজতে থাকা মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের চিকিৎসার জন্য আনা হবে কমান্ড হাসপাতালেই।

জ্যোতিপ্রিয় চিকিৎসার দায়িত্ব থেকে অব্যহতি চেয়ে গত শনিবার ও সোমবার নিম্ন আদালতের দ্বারস্থ হয়েছিল কম্যান্ড হাসপাতাল।নিম্ন আদালত কমান্ড হাসপাতালের আবেদনে সাড়া না দেওয়ায় সেনাবাহিনীর বাইরে কোনও সাধারণ নাগরিকের চিকিৎসা করতে চায় না কম্যান্ড হাসপাতাল

# ইডি-র পাঠানো নোটিশকে ''বেআইনি'' বললেন কেজরিওয়াল, তোপ দাগলেন বিজেপিকেও

নয়াদিল্লি, ২ নভেম্বর (হি.স.): ইডি তাঁকে হাজিরা দেওয়ার জন্য যে নোটিশ পাঠিয়েছিল, সেই নোটিশকে ''বেআইনি'' ও রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত বলে মন্তব্য করলেন দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। ইডি-র নোটিশের প্রেক্ষিতে কেজরিওয়াল বৃহস্পতিবার প্রতিক্রিয়ায় জানিয়েছেন, 'সমন নোটিশটি বেআইনি এবং রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত। নোটিশটি বিজেপির নির্দেশে পাঠানো হয়েছিল। আমি যাতে চারটি রাজ্যে নির্বাচনী প্রচারে যেতে পারি না তা নিশ্চিত করার জন্য নোটিশ পাঠানো হয়েছিল।' ইডি-র কাছে লিখিতভাবে কেজরিওয়াল আর্জি জানিয়েছেন, অবিলম্বে নোটিশটি প্রত্যাহার করা উচিত।

উল্লেখ্য, আবগারি দুর্নীতি মামলায় বৃহস্পতিবারই ইডি-র দফতরে হাজিরা দেওয়ার কথা ছিল কেজরিওয়ালের। তার আগে এদিন সকালে ইডি-র কাছে তিনি অনুরোধ জানালেন, নোটিশ যেন প্রত্যাহার করে নেওয়া হয়। এদিকে, এদিন সকাল থেকেই দিল্লিতে ইডি-র দফতরের বাইরে ছিল কড়া নিরাপত্তা।

## ঝাড়খণ্ডের রাঁচির একটি হোটেলে আগুন, হতাহতের খবর পাওয়া যায়নি

রাঁচি, ২ নভেম্বর (হি.স.) : ঝাড়খণ্ডের রাঁচির একটি হোটেলে বৃহস্পতিবার সকালে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। বহুক্ষণ চেষ্টার পর দমকল বিভাগের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনে। যদিও দুর্ঘটনায় হতাহতের কোনও খবর পাওয়া যায়নি।

বৃহস্পতিবার ঝাড়খণ্ডের রাঁচির চুটিয়া থানা এলাকার ক্লাব রোডের একটি হোটেলে বিধ্বংসী আগুন লাগে। হোটেলের নাম মতি মহল। আগুন লাগার ফলে ঘটনাস্থলে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। স্থানীয়রা বিষয়টি পুলিশ ও দমকলকে জানায়। খবর পেয়ে দমকল বিভাগের একটি গাড়ি ঘটনাস্থলে পৌঁছে অনেক চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে। শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে ধারণা পুলিশের। দুর্ঘটনায় হতাহতের কোনো খবর

# প্রাণনাশের হুমকি পেলেন কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন

তিরুবনন্তপুরম, ২ নভেম্বর (হি.স.) : প্রাণনাশের হুমকি পেলেন কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন।

বৃহস্পতিবার পুলিশ জানিয়েছে, বুধবার সন্ধ্যায় রাজ্য পুলিশের সদর দফতরে একটি হুমকি ফোন আসে। রাজ্য পুলিশের সদর দফতরের কন্টোল রুমে ফোন করে এই হুমকি দেওয়া হয়।

পুলিশ জানিয়েছে, তারা সব দিক তদন্ত করছে।

হুমকি দেওয়ার জন্য ব্যবহৃত ফোন নম্বরের বিরুদ্ধে কেরল পুলিশ একটি মামলা নথিভুক্ত করেছে। ভারতীয় দণ্ডবিধি ১১৮ (বি) এবং ১২০ (ও) ধারার অধীনে মামলা করা হয়েছে। ১১৮(বি) ধারা পুলিশ, ফায়ার ব্রিগেড বা অন্য কোন প্রয়োজনীয় পরিষেবাকে বিভ্রান্ত করার জন্য বা গুজব ছড়ানোর সঙ্গে সম্পর্কিত। ১২০ (ও) ধারা যোগাযোগের যে কোনো মাধ্যমে বারবার বিরক্ত করা, বেনামী কল, চিঠি, লেখা, বার্তা, ই-মেইল বা মেসেঞ্জারের মাধ্যমে যেকোন ব্যক্তির ওপর উপদ্রব-এর সঙ্গে সম্পর্কিত।

## বিহারের সরন জেলায় নৌকা দুর্ঘটনায় মৃত ২, এখনও নিখোঁজ ৭

সরন, ২ নভেম্বর (হি.স.) : বিহারের সরন জেলায় নৌকা ডুবে মৃত্যু হয়েছে দুই শ্রমিকের। তাদের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। এখনও নিখোঁজ রয়েছে ৭ জন শ্রমিক। জেলা ম্যাজিস্ট্রেট আমান সমীর বুধবার গভীর রাতে জানান, নৌকায় ১৯ জন শ্রমিক ছিলেন। দুর্ঘটনার পর ৯ জনকে নিরাপদে উদ্ধার করা হয়েছে। সেই সঙ্গে দুজনের মৃতদেহও পাওয়া গিয়েছে। এখনও পর্যন্ত নিখোঁজ রয়েছেন ৭ জন। স্টেট ডিসাস্টার রেসপন্স ফান্ডের সদস্যারা ও স্থানীয়রা মিলে নিখোঁজদের খোঁজ শুরু করেছে।

# এনআইটি'র সমাবর্তন ৪ঠা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** আগামী ৪ নভেম্বর এনআইটি আগরতলার ১৬তম সমাবর্তন অনুষ্ঠান হবে। আয়োজিত অনুষ্ঠানটি হবে এনআইটি আগরতলা ক্যাম্পাসে। বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন, এনআইটি আগরতলার ডিরেক্টর প্রফেসর এস কে পাত্র।

তিনি জানান অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা, আইআইটি খড়গপুরের প্রাক্তন ডিরেক্টর অধ্যাপক দামোদর আচার্য, আগরতলার বোর্ড অফ গভর্নরসের চেয়ারম্যান বিনোদ টবাউরী সহ অন্যান্যরা।

প্রতিষ্ঠানের আগরতলায় বিটেক স্তরে নয়টি শাখা, এম.টেক স্তরে ২৪টি স্পেশালাইজেশন এবং ডুয়েল ডিগ্রী কোর্সে ছয়টি শাখা রয়েছে। ২০২৩-২৪ শিক্ষাবর্ষ হতে এনআইটি আগরতলায় চার বছরের ইন্টিগ্রেটেড টিচার এডুকেশন প্রোগ্রাম শুরু হয়। নয়া জাতীয় শিক্ষানীতি ২০২০-র নতুন কাঠামো অনুযায়ী মধ্যশিক্ষা পর্যায়ের শিক্ষার জন্য শিক্ষক প্রস্তুত করাই এই কর্মসূচির লক্ষ্য। অধিকর্তা জানান সমাবর্তন অনুষ্ঠানে ৪৫ জন পিএইচডি, ১১৭ জন ও ৫২ জন বিএস সহ বিভিন্ন কোর্সের গ্র্যাজুয়েটদের ডিগ্রী প্রদান করা হবে।

## অবরোধ

● প্রথম পাতার পর

তবে প্রতিশ্রুতি পেয়ে পথ অবরোধ মুক্ত হয়। সবাই মিলে অধীরের শেষ কার্য করতে শ্মশানে যান। ঘটনায় গোটা এলাকা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে। এখন দেখার এয়ারপোর্ট থানা দেওয়া প্রতিশ্রুতিতে কবে নাগাদ সেই ঘাতক গাড়িটিকে চিহ্নিত করে অভিযুক্তকে গ্রেফতার করতে সক্ষম হয় পুলিশ।

## পুলিশ

● প্রথম পাতার পর

মন্টু চন্দ্র সূত্রধর। তিনি বাংলাদেশ থেকে পাসপোর্টের মাধ্যমে ভারতে এসেছেন। কিন্তু আধার কার্ডের জন্য আবেদন পত্রে শিবু চন্দ্র নমঃ নামে আবেদন করেছেন। অন্যদিকে উনার বোন রানী সূত্রধর আধার কার্ডের জন্য আবেদন করতে এসেছিলেন এদিন। কিন্তু রানী সূত্রধরের কোন পাসপোর্ট ছিল না বলে খবর।

দুজনকে আটক করে সিধাই থানার পুলিশের হাতে তুলে দিয়েছে মহকুমা প্রশাসন। এই বিষয়ে তদন্ত প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানান এসডিপিও বিজয় সেন। বাংলাদেশী নাগরিকরা যাতে জাল কাগজপত্র সংগ্রহ করে ভারতীয় নথিপত্র তৈরি করতে না পারে সেজন্য প্রশাসনকে আরো কঠোর মনোভাব গ্রহণ করার দাবি উঠেছে।

## অভিযোগ

● প্রথম পাতার পর

অঙ্গনাওয়াড়ি কর্মী নাকি প্রায়ই ছুটিতে থাকেন। অথচ মাসের শেষে বেতন গুনেন বাড়িতে বসেই। এব্যাপারে সিডিপিওর ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। কেন না সব কিছু জেনেও সিডিপিও কেন দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছেন না। ফলে জনমনে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে।

পুষ্টি প্রকল্পে এধরনের দুর্নীতির সুষ্ঠু তদন্তক্রমে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। ঘটনার সুষ্ঠু তদন্ত হলে রাঘব বোয়ালদের নামধাম প্রকাশ্যে চলে আসবে বলেও অনেকেই অভিমত ব্যক্ত করেছেন। একদিকে সরবরাহকারী সংস্থা ডিম সরবরাহের পর বকেয়া পাচ্ছে না মাসের পর মাস যাবৎ। অপরদিকে কাঞ্চনপুর সরকারি খাদ্য গুদামে কয়েক হাজার কেজি ডাল নষ্ট হচ্ছে। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে কাঞ্চনপুর আইসিডিএস প্রজেক্টে পুষ্টি প্রকল্প লাটে উঠতে বসেছে। কাঞ্চনপুর প্রজেক্টে বহু অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পুষ্টি প্রকল্প শুধু কাগজপত্রে চলছে। দপ্তর এর বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহন করুক, দাবি শুভবুদ্ধি সম্পন্ন জনগণের।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# অসুস্থ নোবেলজয়ী অভিজিৎ বন্দ্যোপাধ্যায়ের মাকে হাসপাতালে দেখতে গেলেন মুখ্যমন্ত্রী

কলকাতা, ২ নভেম্বর (হি.স.) : অসুস্থ নোবেলজয়ী অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়ের মা নির্মলা বন্দ্যোপাধ্যায়কে দেখতে হাসপাতালে গেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিকেলে হাসপাতালে পৌঁছে দেখা করেন মুখ্যমন্ত্রী। নির্মলা বন্দ্যোপাধ্যায় কয়েকদিন ধরে ভর্তি রয়েছেন বাইপাসের ধারে এক বেসরকারি হাসপাতালে। তাঁর শারীরিক অবস্থা সংকটজনক বলে খবর। সূত্রের খবর হাসপাতাল থেকে বেরিয়ে রাজভবন যাবেন মুখ্যমন্ত্রী। রাজ্যপালের সঙ্গে সৌজন্য সাক্ষাতের কথা।

জানা গিয়েছে, কয়েকদিন আগে নির্মলাদেবী অসুস্থ হয়ে বাইপাসের ধারে এক নামী বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন। সেই খবর পেয়ে বৃহস্পিতবার হাসপাতালে তাঁকে দেখতে গেলেন মুখ্যমন্ত্রী। প্রসঙ্গত, নোবেলজয়ী বঙ্গসন্তান ছাড়াও অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় রাজ্য সরকারের স্বাস্থ্য সংক্রান্ত উপদেষ্টা কমিটির অন্যতম সদস্য। কোভিড মোকাবিলায় রাজ্য সরকারের যে বিশেষ কমিটি তৈরি হয়েছিল, তাতে অন্যতম সদস্য হিসেবে রাখা হয়েছিল অভিজিৎ বন্দ্যোপাধ্যায়কে। এছাড়া রাজ্যের আর্থিক বিষয়ক একাধিক পরামর্শের জন্য বিদেশবাসী নোবেলজয়ী অর্থনীতিবিদের সঙ্গে ভিডিও কনফারেন্সে কথা বলেছেন। তাঁর পরিবারের প্রতি দায়িত্বের কথাও শোনা গিয়েছে মুখ্যমন্ত্রীর কাছে। এই পরিস্থিতিতে নোবেলজয়ীর মায়ের অসুস্থতার খবরে মুখ্যমন্ত্রী ছুটে গেলেন হাসপাতালে।

# রাজস্থানের কোটায় অভিযান চালিয়ে এনআইএ পিএফআই-এর সঙ্গে সম্পর্কিত দুই সন্দেহ ভাজনকে গ্রেফতার

জয়পুর, ২ নভেম্বর (হি.স.) : জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)বৃহস্পতিবার রাজস্থানের কোটায় অভিযান চালিয়ে দুজন সন্দেহভাজনকে গ্রেফতার করেছে। ধৃতদের সঙ্গে পিএফআই-এর সম্পর্ক রয়েছে বলে এনআইএ জানিয়েছে। জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)সন্ত্রাসবাদীদের সঙ্গে যুক্ত থাকার বিষয়ে তথ্য পাওয়ার পরেই বৃহস্পতিবার কোটায় অভিযান চালায়। এনআইএ কোটার কুনহাদি এবং কাইথুন থানা এলাকায় পপুলার ফ্রন্ট অফ ইন্ডিয়া (পিএফআই) এর সঙ্গে যুক্ত দুই সন্দেহভাজনকে আটক করেছে।

ঘটনাস্থল থেকে মোবাইল ফোন ও যন্ত্রপাতিসহ কিছু সন্দেহজনক বিষয়বস্তু বাজেয়াপ্ত করা হয়েছে। এনআইএ-র দল বৃহস্পতিবার সকালে কোটা শহরের কুনহাদি থানা এলাকার বাপু কলোনিতে অভিযান চালিয়ে সন্দেহভাজন দুজনকে গ্রেফতার করে। ধৃতরা হল, ওয়াজিদ ও মোবারক আলি। দুজনের বাড়িতেই এনআইএ-এর টিম তল্লাশি চালায়। মোবারক আলি মনসুরি কোটায় একটি সেলুন চালায়। এনআইএ দল এর আগেও পিএফআই সংক্রান্ত মামলায় মোবারক আলিকে জিজ্ঞাসাবাদ করতে এসেছিল। এনআইএ-এর টিম জিজ্ঞাসাবাদের জন্য মুবারক আলি এবং ওয়াজিদকে আটক করেছে। কিছু সন্দেহজনক জিনিসও বাজেয়াপ্ত করা হয়েছে। কোটা শহরের পুলিশ সুপার শরদ চৌধুরী কোটার দুটি জায়গায় এনআইএ দলের পদক্ষেপের বিষয়টি নিশ্চিত করে জানিয়েছেন।

# রাজস্থান বিধানসভা নির্বাচনের জন্য এআইসিসি-র ৫টি বিশেষ পর্যবেক্ষক নিয়োগ

জয়পুর, ২ নভেম্বর (হি.স.) : অল ইন্ডিয়া কংগ্রেস কমিটি রাজস্থান বিধানসভা নির্বাচনের জন্য পাঁচটি বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করেছে। এআইসিসি, রাজস্থান বিধানসভা নির্বাচনের জন্য কংগ্রেস এবং বিজেপি সহ আঞ্চলিক দলগুলির প্রার্থীদের নাম ঘোষণার সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলগুলি তাদের স্থান তৈরি করতে শুরু করেছে।

এআইসিসি বৃহস্পতিবার রাজস্থান বিধানসভা নির্বাচনের জন্য বিশেষ পর্যবেক্ষক হিসাবে পাঁচ নেতাকে নিয়োগ করেছে। কংগ্রেস দলের সাংগঠনিক সাধারণ সম্পাদক কেসি ভেনুগোপাল পর্যবেক্ষকদের এই তালিকা প্রকাশ করেছেন। পাঁচজন পর্যবেক্ষক হলেন, মুকুল ওয়াসনিক, ভূপেন্দ্র সিং হুডা, জিতেন্দ্র সিং, শক্তিসিংহ গোহিল এবং শাকিল আহমেদ খান।

# ট্রেলার ও পিকআপ ভ্যানের সংঘর্ষে মৃত ১, ১০ জনের অবস্থা আশঙ্কাজনক

দেওঘর, ২ নভেম্বর (হি.স.) : ঝাড়খণ্ডের দেওঘর জেলায় বৃহস্পতিবার ট্রেলার ও পিকআপ ভ্যানের মধ্যে সংঘর্ষে একজনের মৃত্যু হয়েছে। ১০ জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গিয়েছে। দেওঘর জেলার গোবিন্দপুর-সাহেবগঞ্জের মেন সড়কে বৃহস্পতিবার এক সড়ক দুর্ঘটনায় ঘটনাস্থলেই এক মহিলার মৃত্যু হয়েছে। ১০ জন গুরুতর আহত হন। ঘটনাটি ঘটেছে, দেওঘর জেলার খাগা থানা এলাকার জারিডিহ গ্রামের কাছে।এদিন একটি ট্রেলার এবং একটি পিকআপ ভ্যানের মধ্যে ব্যাপক সংঘর্ষে পিকআপ ভ্যানে থাকা ১০ যাত্রী গুরুতর আহত হন। মৃত মহিলা জামতারা জেলার বিন্দাপাথর থানা এলাকার পুন্সিয়া গ্রামের বোনামুহুল টোলার বাসিন্দা বলে জানা গেছে। ঘটনাস্থলে উপস্থিত গ্রামবাসী আহত ১০ জনকে ১০৮ অ্যাম্বুলেন্সের সাহায্যে সদর হাসপাতালে নিয়ে যায়। দুর্ঘটনায় আহতরা সবাই জামতারা জেলার বিন্দাপাথর থানার পুনসিয়া গ্রামের বাসিন্দা।ভ্যানচালকের নাম কানহাই হাঁসদা। ভ্যান যাত্রীরা হলেন, অজানলি মারান্ডি, গুণিতা মারান্ডি, নুনি বেসরা, লখিমুনি টুডু, নিসোদি টুডু, মহারানি সোরেন, সোনামুনি বাস্কি, জিতলাল কিস্কু এবং বাসন্তী মুর্মু। আহত ব্যক্তিরা জানিয়েছেন, পিকআপ ভ্যানে ১৭ জন শ্রমিক ছিলেন।

# জ্যোতিপ্রিয় মল্লিকের সিএ-র বাড়িতে হানা ইডির

কলকাতা, ২ নভেম্বর (হি.স.) : বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের সিএ-র বাড়িতে হানা দিল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। দুই আপ্তসহায়কের বাড়িতে আগেই তল্লাশি চালিয়েছে ইডি। শুধু তল্লাশি নয়, তাঁদের ইডি দফতরে ডেকে জিজ্ঞাসাবাদও করা হয়েছে।

গত কয়েকদিন ধরে খোঁজ ছিল না মন্ত্রী হিসাবরক্ষক (সিএ) শান্তনু ভট্টাচার্যের। গত সপ্তাহে অর্থাৎ মন্ত্রী গ্রেফতার হওয়ার আগে শান্তনু ভট্টাচার্যের বাড়িতে গেলেও তাঁর সন্ধান পায়নি ইডি। নেতাজি নগরের আবাসনে সেদিন দীর্ঘ সময় অপেক্ষা করার পর সিল করে দেওয়া হয়েছিল ফ্ল্যাটের দরজা। অবশেষে ফিরেছেন শান্তনু। তিনি তদন্তকারীদের সঙ্গে যোগাযোগ করেছেন বলে সূত্রের খবর। এরপরই শুরু হয়েছে তল্লাশি। বৃহস্পতিবার দুপুরেই সেখানে পৌঁছেছেন আধিকারিকরা।

রেশন দুর্নীতি মামলায় জ্যোতিপ্রিয় মল্লিককে গ্রেফতার করা হয়েছে। দুর্নীতির সঙ্গে কতটা যোগ ছিল মন্ত্রীর? দুর্নীতির টাকায় প্রাক্তন খাদ্যমন্ত্রী কী কী করেছেন? এই সব প্রশ্নের উত্তর খুঁজতেই শুরু হয়েছে তদন্ত। তাই বালু ঘনিষ্ঠ লোকজনকেই জিজ্ঞাসাবাদ করছেন তদন্তকারীরা। সেই তালিকাতেই ছিলেন এই শান্তনু ভট্টাচার্য। ইডির তদন্তে উঠে এসেছে তিনটি সংস্থার নাম। শ্রী হনুমান রিয়েলকন প্রাইভেট লিমিটেড, গ্রেশিয়াস ইনোভেটিভ প্রাইভেট লিমিটেড এবং গ্রেশিয়াস ক্রিয়েশন প্রাইভেট লিমিটেড। ভুয়ো এই সব সংস্থার মাধ্যমে কোটি কোটি টাকার লেনদেন হত বলে তদন্তকারীদের দাবি। ইডি সূত্রে আরও জানা গিয়েছে যে, ওই শেল কোম্পানির টাকা পরবর্তীতে আরও দুই সংস্থায় বিনিয়োগ করা হয়েছিল। পার্টনারশিপে থাকা সেই দুই সংস্থা হল- এ জে অ্যাগ্রোটেক ও এজে রয়্যাল অ্যান্ড কো। এই দুই কোম্পানিতে কোনও কাজ হত না বলেই দাবি ইডি-র। এই দুই সংস্থার ডামি ডিরেক্টরদের মধ্যে অন্যতম ছিলেন এই শান্তনু।

# প্রেস ক্লাবে ক্যান্সার বিষয়ক সচেতনতা শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** আগামী ৪ নভেম্বর, শনিবার আগরতলা প্রেস ক্লাব ও পিয়ারলেস হাসপাতাল এবং বি কে রায় রিসার্চ সেন্টা রের যৌথ উদ্যোগে আগরতলা প্রেস ক্লাবে ক্যান্সার সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে। ঐ দিন দুপুর ১১.৩০ মিনিটে আগরতলা প্রেস ক্লাবের ত্রিতল হলে এই অনুষ্ঠানের সূচনা করবেন পিয়ারলেস হাসপাতালের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর রবীন্দ্র পাই। তাছাড়া অনুষ্ঠানে উপস্থিত থাকবেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য ও পিয়ারলেস হাসপাতালের মার্কেটিং বিভাগের এসিট্যান্ট জেনেরাল ম্যানেজার অনুপ ভক্ত। অনুষ্ঠানে ক্যান্সার সচেতনতা বিষায়ক আলোচনা করবেন কলকাতার পিয়ারলেস হাসপাতালের ক্যান্সার বিশেষজ্ঞ ডাঃ শৌভনিক শতপতি, ডাঃ অভিষেক দত্ত ও ডাঃ প্রগতি সিংহল। আলোচনা শেষে এই ক্যান্সার বিশেষজ্ঞ ডাক্তাররা প্রয়োজনে বিনামূল্যে রোগীদের পরামর্শও দেবেন। এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য পরিবার সহ আগরতলা প্রেস ক্লাবের সকল সদস্য, সদস্যা এবং সাংবাদিক ও চিত্রসাংবাদিকদের থাকার অনুরোধ জানানো হচ্ছে।

# দেওয়ালি উপলক্ষ্যে বিধায়কের উপস্থিতিতে পর্যালোচনা বৈঠক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** রাজ্যের ঐতিহ্যেবাহী দীপাবলি উৎসবকে সার্বিক রূপ দিতে আজ দীপাবলি উৎসব ও মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিষেক দেবরায় বিভিন্ন উপ কমিটি ও জেলার প্রশাসনিক আধিকারিকদের নিয়ে এক পর্যালোচনা বৈঠক করেন। এর পর মেলা প্রাঙ্গন ঘুরে প্রস্তুতির বিভিন্ন দিক খতিয়ে দেখে বিধায়ক অভিষেক দেবরায় বলেন, এটি উত্তর পূর্ব ভারতের বৃহত্তম মেলা ও উৎসব ন একে কুম্ভ পীঠও বলা হয়। এই মেলাতে আগত দেশ-বিদেশের সমস্ত দর্শনার্থীরা যাতে উনাদের প্রয়োজনমতো আরক্ষা দপ্তরের সহযোগিতা থেকে শুরু করে সমস্ত ধরনের প্রশাসনিক সহযোগিতা গ্রহণ করতে পারে তার জন্য দপ্তরের আধিকারিকদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশ দেন তিনি। এই বছর যাতে মেলার আলোকসজ্জা থেকে শুরু করে মেলা প্রাঙ্গণকে আরো সুন্দরভাবে সাজানো যায় সেই বিষয়ে পর্যালোচনা বৈঠকে গুরুত্ব দেওয়া হয়। এই বৈঠকে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন, জেলা শাসক তথা মাতাবাড়ি মন্দির ট্রাস্ট বডির সচিব ও সেবায়েত তড়িৎ মোহন চাকমা, জেলা পুলিশ সুপার নামিক পাঠক, মহ কুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য সহ বিভিন্ন দপ্তরের অধিকারিকগণ।

# মোহন্ত মহারাজের দেখতে না পেয়ে জনমনে অসন্তোষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** বৃহস্পতিবার শান্তির বাজার রামঠাকুর মন্দিরে মোহন্ত মহারাজের আগমন ঘটে। কিন্তু দেখাযায় অধিকাংশ লোকজন বিষয়টি জানতে পারেনি। শান্তির বাজার রামঠাকুর মন্দিরে কিছু দাম্ভিক লোকজন জাকিয়ে বসেরয়েছে। যারফলে ঠাকুর দর্শন থেকে বঞ্চীত হচ্ছে লোকজনেরা। এরমূল কারন হিসাবে জানাযায় মন্দির কমিটির উদ্দ্যোগে মোহন্ত মহারাজের আগমনের বিষয়টি ধামাচাপা দিতে চেয়েছে। শুধুমাত্র বাজার এলাকায় মাইকিংকরে নিজ দায়িত্ব খালাস করেছেন মন্দির কমিটি। বেশি পরিমানে লোকজনদের সমাগমঘটলে প্রসাদের আয়োজন বেশি করতেহতো আর এতে খবর বেরেযেতো। তাই সল্প খরচে স্বল্প লোকজনদের নিয়ে আজকের অনুষ্ঠান অনুষ্ঠীত করলো মন্দির কমিটি। জানাযায় সকলেযাবার পরে যে প্রসাদগুলি রয়েছে সেগুলি মন্দির কমিটি ভাগবাটোয়ারা করে নিজেদের ঘরে নিয়েযায়। অপরদিকে মন্দির কমিটির অবহেলারজন্য গ্রামের লোকজনেরা মোহন্ত মহারাজের আগমনের বিষয়টি জানতে পারেনি। মূলত বাংলাদেশে মোহন্ত মহারাজের বাসস্থান হবার কারনে সকলে ঠাকুর দর্শন করার সুযোগ হয়েউঠেনা। বছরে একবারের মতো শান্তির বাজার রামঠাকুর মন্দিরে মোহন্ত মহারাজের আগমন ঘটে। কিন্তু দেখাযায় দাম্ভিক মন্দির কমিটির জন্য ঠাকুর দর্শনথেকে বঞ্চিত সাধারন লোকজন।

# মার্ঘেরিটায় বুনো হাতির হামলায় হত প্রৌঢ়

মার্ঘেরিটা (অসম), ২ নভেম্বর (হি.স.) : তিনসুকিয়া জেলার অন্তর্গত মার্ঘেরিটায় বুনো হাতির হামলায় মর্মান্তিক মৃত্যু হয়েছে জনৈক প্রৌঢ়ের। নিহত প্রৌঢ়কে মাকুম কিল্লার বাসিন্দা বছর ৭৫-এর জনৈক দাউদ পুর্তি বলে শনাক্ত করা হয়েছে।জানা গেছে, ডিগবয় ফরেস্ট ডিভিশনের অন্তর্গত উত্তর মার্ঘেরিটা রেঞ্জ ফরেস্ট এলাকাধীন নিজমাকুম কিল্লায় খাদ্যের সন্ধানে জঙ্গল থেকে দুটি বুনো হাতি জনপদে এসে উপদ্রব সৃষ্টি করেছিল। আজ বৃহস্পতিবার সকালে নিজমাকুম কিল্লা গ্রামে বুনো হাতির মখোমুখি হয়ে যান দাউদ পুর্তি। তখন তাঁকে একটি হাতি শুঁড় দিয়ে প্যাঁচিয়ে উপরে তুলে আছড়ে মেরে ফেলে।ঘটনার খবর পেয়ে একটু দেরিতে হলেও দলবল ও পুলিশ নিয়ে ঘটনাস্থলে ছুটে যান রেঞ্জ ফরেস্ট অফিসার। প্রাথমিক এনকুয়েস্ট করে পুলিশ নিহত দাউদের মৃতদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়। থানায় আইনি প্রক্রিয়া শেষ করে মৃতদেহটি ময়না তদন্তের জন্য সরকারি হাসপাতালে পাঠিয়েছে পুলিশ।

# পশ্চিমবঙ্গে প্রায় ৭.৫ কোটি ভোটার, ১.৭৫ লাখ নতুন ভোটার

কলকাতা, ২ নভেম্বর (হি.স.) : লোকসভা নির্বাচনের আগে চূড়ান্ত হওয়া ভোটার তালিকায় ভোটার সংখ্যা প্রায় ৭.৫৩ কোটি। এর সাথে পশ্চিমবঙ্গে ১.৭৫ লাখ নতুন ভোটার নিবন্ধিত হয়েছে। ভারতের নির্বাচন কমিশন (ইসিআই) সম্প্রতি একটি খসড়া তালিকা প্রকাশ করেছে, যে ২০২৪ সালের লোকসভা নির্বাচনের জন্য পশ্চিমবঙ্গে প্রায় ১.৭৫ লাখ নতুন ভোটার নিবন্ধিত হয়েছে।রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) কার্যালয় সূত্রে জানা গেছে, নতুন ভোটারদের নাম অন্তর্ভুক্ত করার পাশাপাশি মৃত, নকল এবং জাল ভোটারদের নাম মুছে ফেলার পরে চূড়ান্ত পরিসংখ্যান গণনা করা হয়েছে।খসড়া ভোটার তালিকা অনুযায়ী, পশ্চিমবঙ্গে মোট ভোটার সংখ্যা ৭ কোটি ৫৩ লাখ ৮৬ হাজার ৭২ জন। এর মধ্যে পুরুষ ৩ কোটি ৮৩ লাখ ৩১ হাজার ৮৪৬ জন এবং নারী ৩ কোটি ৭০ লাখ ৫২ হাজার ৪৪৪ জন।

# জেলা সফরে কেন্দ্রীয় শিশু ও মহিলা কল্যাণ প্রতিমন্ত্রী মুঞ্জাপাড়া

হাফলং (অসম), ২ নভেম্বর (হি.স.) : দুদিনের ডিমা হাসাও জেলা সফরে এসেছেন কেন্দ্রীয় শিশু ও মহিলা কল্যাণ এবং আয়ুষ দফতরের প্রতিমন্ত্রী মুঞ্জাপাড়া মহেন্দ্রভাই। আজ বৃহস্পতিবার কেন্দ্রীয় মন্ত্রী মুঞ্জাপাড়া মহেন্দ্রভাই জেলা সফরে এসে প্রথমে হাফলং শহরের পার্শবর্তী জায়ন গ্রামের অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং হাফলং সিভিল হাসপাতাল পরিদর্শন করেন।কেন্দ্রীয় মন্ত্রীর অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও হাফলং সিভিল হাসপাতাল পরিদর্শনকালে তাঁর সঙ্গে ছিলেন উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্য্যনির্বাহী সদস্য দেবোলাল গার্লোসা ও পার্বত্য পরিষদের অধীন স্বাস্থ্য বিভাগের কার্য্যনির্বাহী সদস্য স্যামুয়েল চাংসন। ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা ডিমা হাসাও জেলায় চিকিৎসা মহাবিদ্যালয় স্থাপনের যে ঘোষণা করেছেন তার সফল রূপায়ণের জন্য উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদ কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়ার।

## ভাতা

● আটের পাতার পর

ডাই ইন হারনেসে ছেলে দীপ্তনীল দেবনাথের চাকরির জন্য আবেদন করেন। কিন্তু সমস্ত কাগজপত্র জমা দেওয়ার পরও গত ১০/১১ মাস ধরে তার চাকুরির কোনও ব্যবস্থা হয়নি। মুখ্যমন্ত্রী সাথে সাথে এই বিষয়টি গুরুত্ব সহকারে দেখে দ্রত প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তীকে নির্দেশ দেন এবং সোমাদেবীকে আশ্বস্ত করেন। কুমারঘাটের অর্জন দেবনাথের কন্যা সন্তানের চিকিৎসা, দক্ষিণ ত্রিপুরার মধ্য পিলাকের বিশ্বজিৎ ভৌমিকের নবজাতক সন্তানের চিকিৎসার জন্য সাহায্যের আর্জি জানিয়ে আজ মুখ্যমন্ত্রীর সাথে দেখা করেন। মুখ্যমন্ত্রী উভয় ক্ষেত্রে তাদের সন্তানের চিকিৎসায় জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপার ডাঃ শঙ্কর চক্রবর্তীকে প্রয়োজনীয় ব্যবস্থার নির্দেশ দেন। পানিসাগরের ঋষিকেশ অধিকারী, দক্ষিণ ত্রিপুরার মনু বাজারের অনিল চন্দ্র নমঃ, জয়নগর আখাউড়া রোডের বিজয় কর, মধ্য বনমালিপুরের স্বরূপ সাহা'র মতো আরও অনেকেই চিকিৎসার ক্ষেত্রে সাহায্য চেয়ে মুখ্যমন্ত্রীর কাছ থেকে প্রয়োজনীয় সহায়তার আশ্বাস পেয়েছেন। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপার ডাঃ শঙ্কর চক্রবর্তী, অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপার ডাঃ শিরমনি দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের ডেপুটি কমিশনার অচিন্তম কিলিকদার সহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের আধিকারিকগণ আজ উপস্থিত ছিলেন।

## বামেদের

● আটের পাতার পর

তারা বিভিন্নভাবে ফন্দি এটে যুদ্ধ উন্মাদনা তৈরী করে। মার্কিন সাম্রাজ্যবাদ ইজরায়েলকে সামরিক ঘাটি হিসাবে ব্যবহার করছে এবং যুদ্ধে মদত জোগাচ্ছে।

তিনি বক্তব্য রাখতে গিয়ে আরো বলেন , গাজায় ২২লক্ষ মানুষের বাস। মার্কিন মদতে ইজরায়েলের নির্বিচারে গণহত্যা অভিযানে দশ হাজারের বেশি মানুষ মৃত্যু হয়েছে।তাদের মধ্যে অর্ধেকই প্রায় শিশু। নিজের বাড়িতে থাকার মতো অবসার নেই বাকিদের কারোর।কয়েক লক্ষ মানুষ বাসভূমি ছেড়ে অন্যত্র আশ্রয় নিয়েছেন।আহত -জখমের সীমপরিসীমা নেই।গোটা গাজা এখন বিদ্যুৎহীন,জ্বালানিহীন,টেলি ও সড়ক যোগাযোগবিহীন, খাদ্যহীন,ওষুধ -চিকিৎসাহীন।

তিনি আরো বলেন, বসত বাড়ির পাশাপাশি টনের পর টন বোমা নিক্ষেপ করে উড়িয়ে দিয়েছে হাসপাতাল,স্কুল, আশ্রয়শিবিরগুলি।এক চরমতম মানবিক সঙ্কটের মধ্যে প্রতি মুহূর্তে মৃত্যুর প্রহর গুনছে গাজার মানুষ।পৃথিবীর বিভিন্ন দেশের শান্তিশান্তিকামী মানুষ এই নারকীয় কান্ডের বিরুদ্ধে দাঁড়িয়েছে।এমনকি খোদ আমেরিকার বহু মানুষ এই বর্বরতার বিরুদ্ধে গর্জে উঠছেন।এই কুৎসিত বীভৎসতার বিরুদ্ধে সকলকে সোচ্চার হতে হবে। তার কথায়, ৭৫ বছর ধরে প্যালেস্তাইনের জনগণ মরণপণ লড়াই জারি রেখেছেন। তাদের স্বাধীনতা ও মুক্তির সংগ্রামে আমাদের থাকতে হবে।

## শিবির

● আটের পাতার পর

৪৪ তম প্রতিষ্ঠা দিবস কে সামনে রেখে এইদিনের শিবির, আগামীদিনেও ধারাবাহিক ভাবে এধরনের কর্মসূচী চলবে বলে জানান ডি ওয়াই এফ আই বিলোনিয়া বিভাগীয় কমিটির সম্পাদক মধুসূদন দত্ত ,ডি ওয়াই এফ আই এর আয়োজিত রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক বাসুদেব মজুমদার, মহকুমা সম্পাদক তাপস দও, বিধায়ক দীপংকর সেন ও অশোক মিত্র,কৃষক নেতা বাবুল দেবনাথ, শ্রমিক নেতা বিজয় তিলক, ডি ওয়াই এফ আই মহকুমা সম্পাদক, সভাপতি মধুসুদন দত্ত,সুব্রত দাস ছাত্র নেতা সুকান্ত মজুমদার সহ অন্যান্য নেতৃত্বরা এই দিনের শিবিরে মোট পঞ্চাশ জনের টার্গেট নেওয়া হয়।

## শ্রমিকের

● প্রথম পাতার পর

ছিলেন না। সে বাড়ি থেকে বেরিয়ে যাওয়ার পর তার বাবা বাড়িতে আসে। পরবর্তী সময় সে বাড়িতে এসে দেখে তার বাবার ঘরের দরজা বন্ধ। অনেক ডাকাডাকির পরও কোন সাড়া না দেওয়ায় সে ঘরের জানালা দিয়ে দেখতে পায় তার বাবা ঘরের ভেতরে ঝুলন্ত অবস্থায়। পরে খবর দেওয়া হয়েছে পুলিশকে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালে নিয়ে যায়। মৃত ব্যক্তির ছেলে আরও জানায় পূরণ সূত্রধর পেশায় কাঠমিস্ত্রি ছিল। দীর্ঘ প্রায় তিন মাস তিনি জেলে ছিলেন। দুর্গাপূজার সময় তিনি জেল থেকে ছাড়া পেয়ে বাড়িতে ফিরে আসেন। তবে পূরণ সূত্রধর কেন আত্মহত্যা করেছে সে ব্যাপারে পরিবারের সদস্যদের কোনো ধারনা নেই বলেই জানিয়েছেন। এদিকে এই ঘটনায় মৃত পরিবারের সদস্যদের মধ্যে শোকের ছায়া বিরাজ করছে।

## রাজ্য

● প্রথম পাতার পর

রিখটার স্কেলে তীব্রতা বেশি ছিল না। তাই,ভূকম্পনকে ঘিরে কোথাও কোন ক্ষয়ক্ষতির পাওয়া যায়নি।

## সৌজন্য সাক্ষাৎ

● প্রথম পাতার পর

উপরাষ্ট্রপতিও রাজ্যপালকে শুভেচ্ছা জানান। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরা সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক কর্মসূচি রূপায়ণের বিষয়ে উপরাষ্ট্রপতিকে অবহিত করেন।

## ছাত্রী

● প্রথম পাতার পর

গিয়ে তার দাদু ও দিদিমাও বিদ্যুতের ছোবলে আহত হয়েছেন। সঙ্গে সঙ্গে ঘরের অন্যান্য সদস্যরা তাদের উদ্ধার করে জিরানিয়া প্রাথমিক হাসপাতালে নিয়ে যায় চিকিৎসার জন্য। সুস্মিতার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে আগরতলার জিবিপি হাসপাতালে রেফার করা হয় উন্নত চিকিৎসার জন্য। তবে শেষ রক্ষা আর হয়নি। চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার মধ্যরাতেই মৃত্যুর কোলে ঢলে পড়ে ওই ছাত্রী। তার মৃত্যুতে পরিবার জুড়ে শোকের ছায়া নেমে এসেছে। কান্নায় ভেঙ্গে পড়েছেন তার আত্মীয় পরিজনেরা।

**AFFIDAVIT**

I Sri Ripan Paul, S/O. Sri Madhusudhan Paul (father) & Smt. Lilu Rani Paul (Mother), resident of Uttar Maheshpur, P.O. Uttar Maheshpur, P.S. Jatrapur, Dist. Sepahijala Tripura, by faith-Hindu, by profession-Self employee, aged about 22 years, a citizen of India-do hereby solemnly declare and affirm on oath as follows:-

That, Sri Ripan Paul, S/O. Sri Madhusudhan Paul (father) & Smt. Lilu Rani Paul (Mother), is our actual name and surname and it has been written/recorded in some of my papers and documents.

That, in some of my relevant respective documents / papers/ certificate such as Madhyamik Admit Card our name and surname has been recorded as Sri Ripan Pal, S/O. Sri Madhusudhan Pal (father) & Smt. Lilu Rani Pal (Mother), in place of our actual name and surname as Sri Ripan Paul, S/O. Sri Madhusudhan Paul (father) & Smt. Lilu Rani Paul (Mother).

That, Sri Ripan Paul and Sri Ripan Pal, S/O. Sri Madhusudhan Paul is the same and identical one i.e. myself.

That, Sri Madhusudhan Paul and Sri Madhusudhan Pal is the same and identical one male person and who is my father.


That, Smt. Lilu Rani Paul and Smt.Lilu Rani Pal W/O. Sri Madhusudhan Paul is the same and identical one female person and she is my mother.

That, I swear this affidavit for the purpose of avoiding the problem of the name and surname of our name from the concerning authority.

These are true to my knowledge and belief.

The statements made above are true to the best of my knowledge and sign this today the 1st day of November, 2023 A.D. before the Notary Public, at Agartala, West Tripura.

Sd/-
Ripan Paul




# টিসিএ-তে আরও ঘোটালা, সিট-এ আস্থা বিচারে দোষীদের উপযুক্ত শাস্তির আর্জি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১০ অক্টোবর।। সামগ্রিকভাবেই আস্থা জানানো হয়েছে সিট-এর যথোপযুক্ত পদক্ষেপে। উচ্চ আদালতের রায়ে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের অধিকৃত এমবিবি স্টেডিয়ামে ফ্লাডলাইট কেলেঙ্কারি নিয়ে 'সিট' গঠনের অনুমোদন মোতাবেক গঠিত সিট যথারীতি তদন্তকার্য শুরু করে দিয়েছে। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন অনুমোদিত ক্রিকেট ক্লাবসমূহ ও মহকুমা ক্রিকেট অ্যাসোসিয়েশনের উদ্যোগে আগরতলা প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সিট-এর তদন্তকার্যের প্রতি সম্পূর্ণ আস্থা রেখে টিসিএ-তে ঘটে যাওয়া আরও অনেক দুর্নীতির অভিযোগ তথ্য সহযোগে তুলে ধরা হয়। আহ্বায়ক সেবক ভট্টাচার্য সঙ্গে আরও ১৭ জন প্রতিনিধিকে নিয়ে সাংবাদিক সম্মেলনে ৩ সদস্য বিশিষ্ট সিট যেন সম্পূর্ণ নিরপেক্ষ তদন্ত করে দোষীদের উপযুক্ত শাস্তি বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে, সে বিষয়ে অনুরোধ জানান। সাংবাদিক সম্মেলনে শ্যামল ভট্টাচার্য, উপানন্দ দেববর্মা, মনীষ ঘোষ সহ অনেকেই উপস্থিত ছিলেন। তদন্তকার্য সম্পাদনে কাজে লেগে যাওয়া সিট তথা বিশেষ তদন্তকারী দল অবশ্যই যে-কোনও ধরনের প্রভাব মুক্ত থাকে সেটাও প্রত্যেক ক্রিকেটপ্রেমী এবং ক্লাব ও মহকুমার আর্জি রয়েছে। নরসিংগড়ে আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে ফ্লাড লাইটে ধার্য অর্থকরী বিষয় সম্পর্কিত তথ্যসম্ভারে ঘোটালা উপস্থাপন করতে গিয়ে প্রায় ১৮ কোটি টাকা অতিরিক্ত ধরা হয়েছে বলে উল্লেখ করেন। ১১ কোটি টাকার লোন হিসেবে উল্লেখ, বিষয়টিও সন্দেহ সৃষ্টি করেছে। অর্থকরী অনেক বিষয় সভাপতিকে জানানো হয়নি বলেও তাদের অভিযোগ রয়েছে। টিসিএ-র সর্বশেষ বাজেটে উল্লেখিত খরচের ব্যাখ্যা ও বিশ্লেষণে সদস্যরা সম্মতি প্রদান করছেন না বলে পর পর দুইবার বাজেট পাশ না হওয়ার বিষয়েও তাঁরা আশ্চর্যান্বিত। সামগ্রিক প্রেক্ষাপটে টিসিএ অফিসেও ঘুঘুর ভাষা রয়েছে বলে তাঁদের অভিমত। সিট-এর তদন্তে এই বিষয়গুলোও যেন উঠে আসে, তারও অনুরোধ রাখা হয়েছে। সাংবাদিকদের প্রশ্নোত্তরে, জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে ত্রিপুরার ক্রিকেটারদের পৌঁছানোর লক্ষ্যে টিসিএ-কে মূল টার্গেট ধরে কাজ করতে হবে বলে তাঁদের অভিমত। প্রকৃত দোষীদের প্রকাশ্যে এনে উপযুক্ত শাস্তি বিধানের ব্যবস্থা গ্রহণেরও আর্জি রয়েছে তাঁদের।

**Walk-In Interview**

Applications from eligible candidates are invited to attend a walk-in Interview for one (01) post of Project Assistant for recruitment and engagement in the project entitled "Production of Tissue Culture Sabri Banana Plants for Demonstration in Farmers' Field of Tripura" at College of Agriculture, Tripura to be held on 10-11-2023 at 11:30 AM in the chamber of the Principal, College of Agriculture, Tripura. Candidates are to report inthe office at 9:30 AM and submit the application with Photostat copies of all relevant documents. Original certificates must be produced for verification.
Detail information on eligibility and other conditions may be obtained from the college website www.coatripura.ac.in

ICA/D-1193/23

College of Agriculture, Tripura
Lembucherra, West Tripura.

**PRESS NOTICE INVITING TENDER (PNIT)**

PNIT NO: - O9/EE/Rig/2023-24 Date 01/11/2023

The Executive Engineer, DWS Rig Division Agartala, West Tripura on behalf of the 'Governor of Tripura' invites online bids(Quality and Cost Based Selection method) in two bid system from eligible Proprietary firm / Partnership firm / Private Limited /Limited Company / Corporate Body legally constituted or Limited Liability Partnership Firm for Establishment of State WASH Programme Management Unit (State WASH PMU ) and District WASH Programme Management Units (District WASH PMUs), in each of 8-(eight) Districts in Tripura under PWD(DWS) conforming to eligibility criteria of the bidders as stipulated in the bidding document for the following work:

| Sl. No. | DNIe-T No. | Name of the work | Estimated Cost | Bid Security / Earnest money | Time for Completion | Deadline for online bidding | Time &date of pre-Bid conference | Website for online biding | Time &date of opening of online Technical bids | Bid / Tender Fee |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 1. | 34/CE/PWD(DWS)/2023-24 | Establishment of State WASH Programme Management Unit (STATE WASH PMU) and District WASH Programme Management Units (DISTRICT WASH PMUs) in each of 8(Eight) District in Tripura under PWD(DWS). | ₹ 6,51,36,000.00 | ₹ 13,02,720.00 | 12 (Twelve) Months | Upto3.00 P.M on 30/11/2023 | At 12.00 A.M on 08/11/2023 | https://tripuratenders.gov.in | At 4.00 P.M on 30/11/2023 | ₹10,000.00 |

"Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.goy.in and https://etenders.gov.in/eprocure/app.

ICA/C-2972/23

Executive Engineer
DWS Rig Division, Agartala,
West Tripura

**PRESS NOTICE INVITING e-TENDER No- e-13/AGRI/EE/MECH/2023-24**

Separate e-tender are invited by the Executive Engineer (Mech.), Mechanical Department of Agriculture & F.W, Office Lane, Agartala on behalf of the "Governor of Tripura" from the eligible bidder(s) for the below mentioned work up to 03.00 P.M on 21/11/2023.

| SL. NO. | DNIT NO. | Name of Work | Estimated Cost(Rs.) | Cost of Tender Document | EMD (Rs.) | Last Date & Time of e-Bidding | Bid opening date |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | e- 13/AGRI/EE(M)/ 2023-24 | Construction of Toilet block at Melaghar Cold storage under Mohanbhog Agri Sub Division,Sepahijala District(2nd Call) | Rs. 3,98,114/- | Rs.1,000/- | Rs 7,962/- | 21/11/2023 up to 3.00 PM | 21/11/2023 at 4.00 P.M (if possible) |

Details can be seen in web-portal: www.tripuratenders.gov.in and may be contacted with O/o the undersigned if desired.

ICA/C-2966/23

(Er. Simanta Nandi)
Executive Engineer (Mech.)
Deptt. of Agriculture & FW.
Office Lane, Agartala

**PRESS NOTICE INVITING e-TENDER NO. 15/EE/LTV/PWD/M/2023-24 Dated. 18/10/2023**

The Executive Engineer, PWD(R&B) LTV Division, Manu, Dhaluai, Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender for the following works:-
i). DNIe-T No:- 32/EE/LTW/PWD(R&BYM/2023-24, H/C- Rs, 24,26.695.00
E/M:- Rs. 48,534.00 Time/Period :- 90 days.
ii), DNie-T No:- 33/EE/LTV/PWD(R&B)/M/2023-24, E/C:- Rs. 24,26,666.00
E/M:- Rs. 48,533.00 Time/Period :- 90 days.
iii), DNIe-T No:- 34/EE/LTV/PWD(R&B)/M/2023-24, E/C:- Rs. 24,26,935.00
E/M:- Rs. 48,539.00 Time/Period :- 90 days.
iv). DNIe-T No:- 35/EE/LTV/PWD(R&B)/M/2022-23, E/C:- &. 9,00,967.06
E/M:- Rs. 18,019.00 Time/Period :- 60 days.
Last date and time for online bidding 10/11/2023 upto 3:00 PM/Bid fee:- Rs. 1000.00
Note:- The Bid Forms & other details in/c. ouline activities should be done in the e- procurement portal https:/tripuratenders.gov.in

' (For & on behalf of the Governor of Tripura)

ICA/C-2960/23

Executive Engineer
L.T Valley Division,
Divistoa, PWD(R&B)
Manu Dhalai, Tripura

# অনূর্ধ-১৯ মহিলা জাতীয় টি-২০ ১ম ম্যাচে হায়দ্রাবাদে মুখ থুবরে ত্রিপুরা

**ত্রিপুরা-৫৬(১৯.১)　　হায়দরাবাদ-৫৭/১(৯.৪)**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।। প্রত্যাশিতভাবেই পরাজিত হলো ত্রিপুরা। আসরের প্রথম ম্যাচে। শক্তিশালী হায়দরাবাদের বিরুদ্ধে। অনূর্ধ-১৯ বালিকাদের টি-২০ ক্রিকেটে। রাঁচির জামসেদপুর স্টেট ক্রিকেট আকাদেমি মাঠে অনুষ্ঠিত ম্যাচে ত্রিপুরা পরাজিত হয় ৯ উইকেটে। ত্রিপুরার গড়া মাত্র ৫৬ রানের জবাবে হায়দরাবাদ ১ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বৃহস্পতিবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে ত্রিপুরা মাত্র ৫৬ রান করতে সক্ষম হয়। হায়দরাবাদের বোলারদের সামনে মাথা তুলে দাড়াতেই পারেননি ত্রিপুরার ব্যাটসম্যান-রা। ত্রিপুরার কোনও ব্যাটসম্যানই দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। দলের পক্ষে সর্বোচ্চ ৯ রান করেন প্রীয়া সরকার ২৬ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে। এছাড়া ত্রিপুরার পক্ষে পায়েল নম: ৭ রান করেন। হায়দরাবাদের পক্ষে সি এইছ দিক্ষীতা ২০ রান দিয়ে ৩ টি, এন ববিতা ১১ রান দিয়ে এবং কেশরী ধৃতি ১৬ রান দিয়ে ২ টি উইকেট পেয়েছেন। জবাবে খেলতে নেমে হায়দরাবাদের দুই ওপেনার পি বি হানসিকা রাও এবং কাভ্যা ওপেনিং জুটিতে ৩০ রান যোগ করে দলের জয়কে সহজ করে দেন। হায়দরাবাদ ৫৮ বল খেলে ১ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। হায়দরাবাদের পক্ষে হানসিকা ৩০ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২২ রানে এবং কে নিধি ১৪ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১১ রানে অপরাজিত থেকে যান। এছাড়া দলের পক্ষে কাভ্যা ১৩ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৮ রান করেন। ত্রিপুরার পক্ষে একমাত্র উইকেটটি দখল করেন পারমিতা চক্রবর্তী ৯ রান খরচ করে। আসরের প্রথম ম্যাচেই বিনা লড়াইয়ে পরাজিত হয়ে শ্রাবণী দেবনাথের মেয়েরা মানসিভাবে অনেকটাই যেনও পিছিয়ে পড়েছে। শুক্রবার আসরে ত্রিপুরার দ্বিতীয় প্রতিপক্ষ গ্রুপের আরেক শক্তিশালী দল তামিলনাড়ু। গ্রুপে দিনের অপর দুটি ম্যাচে তামিলনাড়ু নয় উইকেট এর ব্যবধানে অরুণাচল প্রদেশকে এবং হরিয়ানাও নয় উইকেটের ব্যবধানে উত্তর প্রদেশকে পরাজিত করেছে।

*অনূর্ধ ১৯ মহিলা জাতীয় টি-২০ : ই-গ্রুপ*

| দল | ম্যা: | জ: | প: | নো: | গড় | প: |
|---|---|---|---|---|---|---|
| তামিলনাড়ু | ১ | ১ | ০ | ০ | ৩.৮২০ | ৪ |
| হায়দ্রাবাদ | ১ | ১ | ০ | ০ | ৩.০৯৭ | ৪ |
| হরিয়ানা | ১ | ১ | ০ | ০ | ০.১৪৩ | ৪ |
| উ: প্রদেশ | ১ | ০ | ১ | ০ | -০.১৪৩ | ৪ |
| ত্রিপুরা | ১ | ০ | ১ | ০ | -৩.০৯৭ | ৪ |
| অরুণাচল | ১ | ০ | ১ | ০ | -৩.৮২০ | ৪ |

# অনূর্ধ-২৩ : টানা পরাজয় রুখতে ত্রিপুরা আজ ছত্তিশগড়ের মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।। টানা দুটি ম্যাচে পরাজয় হয়ে গেলো। প্রথম ম্যাচে মণিপুরের মতো দুর্বল দলকে হারানোর পর টানা দুই ম্যাচের ব্যর্থতা ভুলে ঘুরে দাড়াতে বদ্ধপরিকর আনন্দ ভৌমিক-রা। ওই অবস্থায় আগামীকাল ছত্তিশগড়ের মুখোমুখি হবে ত্রিপুরা। অনূর্ধ-২৩ একদিবসীয় ক্রিকেটে। হরিয়ানার সুলতানপুরে গুরুগ্রাম ক্রিকেট গ্রাউন্ডে হবে ম্যাচটি। ত্রিপুরার মতো ছত্তিশগড়ের কাছেও এটি চতুর্থ ম্যাচ। ত্রিপুরা তিন ম্যাচ খেলে ১ টি ম্যাচে জয় পেলেও ছত্তিশগড় প্রথম দুই ম্যাচে যথাক্রমে গোয়া ও মনিপুর কে হারালেও তৃতীয় ম্যাচে মুম্বাইয়ের কাছে পরাজিত হয়েছে।
ওড়িশার বিরুদ্ধে শেষ ম্যাচে বোলাররা দুর্দান্ত বল করলেও ব্যাটসম্যানদের ব্যর্থতায় হারতে হয়েছে ত্রিপুরাকে। তৃতীয় ম্যাচে গুজরাটের কাছে লজ্জাজনক হার হয়েছে ১৬৩ রানের ব্যবধানে। বৃহস্পতিবার কিছুটা বিশ্রাম দেওয়া হয় ত্রিপুরার ক্রিকেটারদের। হরিয়ানা থেকে সংবাদ সূত্রে খবর প্রথম সারির ব্যাটসম্যানদের ব্যর্থতায় হারতে হচ্ছে ত্রিপুরাকে। অল্প রানকে তাড়া করতে নেমে এভাবে প্রথম সারির ব্যাটসম্যান-রা উইকেট ছুড়ে দিয়ে আসলে পরাজয় কে ঠেকাতে পারে। এভাবে চলতে থাকলে জয় পাওয়া কঠিন হয়ে যাবে। তবে ছেলেদের বোঝানো হচ্ছে। সকলের প্রত্যাশা ছত্তিশগড়ের বিরুদ্ধে ব্যর্থতা ঘুচিয়ে জয়ে ফিরবেই ত্রিপুরা। প্রসঙ্গত: ওড়িশার ১৪৯ রানের জবাবে ত্রিপুরা ১৩২ রান করতে সক্ষম হয়েছিলো। বৃহস্পতিবার জোর অনুশীলন না হলেও ব্যাটসম্যানদের নিয়ে আলাদা করে কথা বলেন ত্রিপুরার কোচ। কার কী ভুল তা শুধরে দেওয়ার চেষ্টা করেছেন। মাঠে ছেলেরা ভালো খেললে জয় আসতে পারে বলে সকলের ধারণা।

*অনূর্ধ ২৩ পুরুষদের জাতীয় ক্রিকেট : ই-গ্রুপ*

| দল | ম্যা: | জ: | প: | নো: | গড় | প: |
|---|---|---|---|---|---|---|
| মুম্বাই | ২ | ২ | ০ | ০ | ২.৩৬৭ | ৮ |
| ছত্তিশগড় | ৩ | ২ | ১ | ০ | ১.০১৫ | ৮ |
| ওড়িশা | ৩ | ২ | ১ | ০ | -০.০০২ | ৮ |
| গুজরাট | ২ | ১ | ১ | ০ | ১.২৭০ | ৪ |
| গোয়া | ২ | ১ | ১ | ০ | -০.২২৯ | ৪ |
| ত্রিপুরা | ৩ | ১ | ২ | ০ | ০.৬৭৩ | ৪ |
| মনিপুর | ৩ | ০ | ৩ | ০ | -২.২৪১ | ০ |

# মেট্রিক্স চেস আকাদেমি আয়োজিত প্রাইজমানি রেটিং দাবা জমজমাট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।। দুরন্ত অনুরাগ ভট্টাচার্য। রুখে দিলো নিজের থেকে বেশী রেটিং প্রাপ্ত দাবাড়ুকে। মেট্রিক্স চেস আকাদেমি আয়োজিত তৃতীয়বর্ষ 'অপর্ণা দত্ত' স্মৃতি প্রাইজমানি আন্তর্জাতিক রেটিং দাবা প্রতিযোগিতায়। এন এস আর সি সি-র যোগা হলঘরে বৃহস্পতিবার আসরের দ্বিতীয় দিনে বিকেলে তৃতীয় রাউন্ডে ৪ টি অঘটন হয়। মেট্রিক্স চেস আকাদেমির দাবাড়ু অনুরাগ ভট্টাচার্য (১৩৩৬) ৬৪ ঘরের মস্তিস্কের লড়াইয়ে দুরন্ত খেলে রুখে দেয় সলিল কুমার ডি (১৭৩৮)কে।
এছাড়া তৃতীয় রাউন্ডে আরও দুটি অঘটন ঘটে। দেবাঙ্কুর ব্যানার্জি (১৪৬২) রুখে দেয় পশ্চিম বাংলার সৌরদীপ দেবকে (১৮৪৫) এবং ছার্বি চৌধুরি (১৪৫৬) রুখে দেয় বিষ্ময় বালিকা আর্শিয়া দাস (১৮০৮)কে এবং দিল্লি মেট্রিক্স চেস আকাদেমির দাবাড়ু সৌরিয়া চৌধুরি (১৪৮৮) দুরন্ত খেলে রুখে দেয় আসরের দ্বিতীয় বাছাই ডাংমেই বসকো (১৯০)কে।
ওই তিনটি অঘটন ছাড়া শীর্ষবাছাইরাই জয়ের ধারা অব্যহত রেখেছেন। এদিকে দ্বিতীয় রাউন্ডে আসরের পঞ্চম বাছাই রাহুল সোরম সিং (১৮৩৯) এর বিরুদ্ধে দুরন্ত লড়াই ছুড়ে দিয়েছিলো শাক্য সিনহা মোদক (১২৭৪)।
প্রায় ৪ ঘন্টার ম্যারাথন লড়াই শেষে শুধুমাত্র অভিজ্ঞতার অভাবে হারতে হয়েছে ত্রিপুরার শাক্যকে। এদিন আসরের তৃতীয় রাউন্ডের খেলা শেষ হয়। সংবাদ লিখা পর্যন্ত বেশ কয়েকটি বোর্ডের খেলা চলছে।
আপাতত ৩ রাউন্ড শেষে পুরো ৩ পয়েন্ট পেয়ে শীর্ষে রয়েছেন সোরম রাহুল সিং, অজয় কুমার রাই, ইফতিকার আলম মজুমদার, বন্ধন আলংকর সাওয়াই,ঐশিক মন্ডল, দিল্লির মাহির তেনেজা এবং বোরা মহেন্দ্র। আড়াই পয়েন্ট নিয়ে ত্রিপুরার তিন দাবাড়ু আর্শিয়া, অনুরাগ, দেবাঙ্কুর, সাহিল, সৌরদীপ এবং হিমাংশু মৌটগিল শীর্ষ থাকা দাবাড়ুদের ঘাড়ে নিশ্বাস ফেলছেন।
শুক্রবার আসরের চতুর্থ এবং পঞ্চম রাউন্ডের খেলা হবে। আসর পরিচালনা করছেন আন্তর্জাতিক আরবিটর অনুপম ভট্টাচার্য। প্রসঙ্গত: আসরের সহযোগিতায় রয়েছে মনোরঞ্জন ট্রাস্ট।

# ফিরে দেখা : ক্রিকেট বিশ্বকাপের তৃতীয় সপ্তাহ

কলকাতা, ২ নভেম্বর (হি.স.): দেখতে দেখতে ক্রিকেট বিশ্বকাপের তিন সপ্তাহ কেটে গেল। বিগত সপ্তাহের মধ্যে ক্রিকেট বিশ্বকাপের বিশেষ কিছু ক্রিকেটারের পারফরমেন্স দেখে নেওয়া যাক।

শীর্ষ ৫ রান সংগ্রাহক:
**কুইটন ডি কক(দক্ষিণ আফ্রিকা): **
৭ ইনিংস, ৫৪৫ রান, সর্বোচ্চ ১৭৪
**রাচিন্দ্র রবীন্দ্র(নিউজিল্যান্ড): **
৭ ইনিংস, ৪১৫ রান, সর্বোচ্চ ১২৩*
**ডেভিড ওয়ার্নার(অস্ট্রেলিয়া): **
৬ ইনিংস, ৪১৩ রান, সর্বোচ্চ ১৬৩
**রোহিত শর্মা(ভারত): **
৬ ইনিংস, ৩৯৮ রান, সর্বোচ্চ ১৩১
**এইডেন মার্করাম(দক্ষিণ আফ্রিকা): **
৭ ইনিংস, ৩৬২ রান, সর্বোচ্চ ১০৬

সর্বোচ্চ উইকেট শিকারি:
**অ্যাডাম জাম্পা(অস্ট্রেলিয়া): **
৬ ইনিংস, ১৬ উইকেট, সেরা ৪/৮
**শাহীন আফ্রিদি(পাকিস্তান): **
৭ ইনিংস, ১৬ উইকেট, সেরা ৫/৫৫
**মার্কো ইয়ানসেন(দক্ষিণ আফ্রিকা): **
৭ ইনিংস, ১৬ উইকেট, সেরা ৩/৩১
**জসপিত বুমরা(ভারত): **
৬ ইনিংস, ১৪ উইকেট, সেরা ৪/৩৯
**মিচেল স্যাটনার (নিউজিল্যান্ড): **
৭ ইনিংস, ১৪ উইকেট, সেরা ৫/৫৯

সর্বাধিক বাউন্ডারি:
** ডি কক(দক্ষিণ আফ্রিকা): **
৭ ইনিংসে ৫৪টি
**রোহিত শর্মা(ভারত): **
৬ ইনিংসে ৪৩টি
**মার্করাম(দক্ষিণ আফ্রিকা): **
৭ ইনিংসে ৩৯টি
**ওয়ার্নার(অস্ট্রেলিয়া): **
৬ ইনিংসে ৩৮টি
* * ে ম া হ া ম্ম দ রিজওয়ান(পাকিস্তান): **
৭ ইনিংসে ৩৬টি

ছক্কার রেকর্ড:
এক বিশ্বকাপে সর্বাধিক ছক্কার রেকর্ড গড়ল দক্ষিণ আফ্রিকা। গতকাল নিউজিল্যান্ডের বিরুদ্ধে ১৫টি ছক্কা দিয়ে চলতি বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকার ওভার বাউন্ডারির সংখ্যা দাঁড়াল ৮২।আগের রেকর্ড ছিল ২০১৯ বিশ্বকাপে ইংল্যান্ডের ৭৬ টি ছক্কা।
দক্ষিণ আফ্রিকা তা ৭ ম্যাচেই ভেঙে দিল। ৮২টি চক্কার মধ্যে ডি কক ১৮,ক্লাসেন ১৭,মিলার ১৪, ইয়নসেন ৯, মার্করাম ৮, ডুসেন ৭, হেনড্রিক্স ও বাভুমা ৩টি করে, রাবাদা,কোটজে ও মহারাজ ১টি করে।

# লংতরাই গুঁড়ো মশলার পক্ষ থেকে মিতালীকে সংবর্ধনা ও শুভেচ্ছা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা , ২ নভেম্বর।।রাজ্যের গৃহিণীদের প্রতিদিনের অন্যতম ভরসা হল আনন্দ স্পাইস ইন্ডাস্ট্রির লংতরাই গুঁড়ো মশলা। রান্নার কাজে ব্যবহৃত এই কোম্পানির উৎপাদিত বিভিন্ন ধরনের গুঁড়ো মশলার উপরই যেন অন্যতম নির্ভরশীল রাজ্যের গৃহিণীরা। এরকম একটি প্রতিষ্ঠান শুধু নিজেদের প্রাতিষ্ঠানিক কাজের মধ্যেই সীমাবদ্ধ নেই। সমাজের প্রতি দায়বদ্ধতা রেখে প্রতিনিয়তই নানা সমাজসেবামূলক কর্মকান্ড সংঘটিত করে আসছে আনন্দ স্পাইস ইন্ডাস্ট্রি। সামাজিক কর্মসূচির পাশাপাশি যুব সমাজকে সঠিক পথে ধাবিত করতে খেলাধুলার ক্ষেত্রেও একটা অন্যতম ভূমিকা পালন করে আসছে এই প্রতিষ্ঠান। তা আরও একবার প্রত্যক্ষ করা গেল বুধবার সংস্থার প্রতিষ্ঠানের কনফারেন্স হলে। এক আনন্দঘন অনুষ্ঠানের মধ্য দিয়ে এদিন আন্তর্জাতিক ক্রীড়া আসরে অংশ নিতে যাওয়া রানির বাজার প্লে সেন্টারের খেলোয়াড় মিতালী দেবনাথকে আন্তর্জাতিক পর্যায়ে খেলার জন্য সংবর্ধনা ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। ফিলিপাইন্সে আগামী ৮ ই নভেম্বর থেকে শুরু হতে চলেছে ২২ তম এশিয়ান মাস্টার্স অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ। যা চলবে আগামী ১২ নভেম্বর পর্যন্ত। আন্তর্জাতিক স্তরের এই প্রতিযোগিতায় ভারতীয় দলের হয়ে অংশ নেবেন রাজ্যের ১১ জন এথলেট। তাদের মধ্যে একজন হল মিতালী দেবনাথ। তাই মিতালীর সাফল্য কামনা জানিয়ে এদিন তাকে রাজ্যের অন্যতম এই গুঁড়ো মশলা কোম্পানির তরফে দেওয়া হয় সংবর্ধনা। পাশেই তার হাতে তুলে দেওয়া হয় কিছু আর্থিক সহায়তাও। আনন্দ স্পাইস ইন্ডাস্ট্রির অন্যতম কর্মকর্তা এদিন জানান, এশিয়ান মাস্টার্স অ্যাথলেটিকস প্রতিযোগিতায় মিতালী দেশের হয়ে পদক ছিনিয়ে নিয়ে রাজ্যের মান উজ্জ্বল করবে বলেই প্রত্যাশা।

# দিব্যাঙ্গ ইন্দ্রানী ভৌমিককে ২ হাজার টাকা করে সামাজিক ভাতা




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ২২-তম পর্বে আজ রাজ্যের বিভিন্ন এলাকার প্রত্যাশী মানুষ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার সাথে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রী তাঁর সরকারি বাসভবনে অন্যান্য দিনের মতো আজও দীর্ঘক্ষণ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের অভাব, অভিযোগ ও নানাবিধ সমস্যার কথা শুনেন। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আজ যারা এসেছিলেন তারা সবাই হাসিমুখে বাড়ি ফিরে গেছেন। তাৎক্ষণিক সহায়তার পাশাপাশি মুখ্যমন্ত্রী আন্তরিকভাবে প্রত্যেকের সমস্যা সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ নেন।

নরসিংগড়ের নমিতা ভৌমিক তার স্কুল পড়ুয়া দিব্যাঙ্গ মেয়ে ইন্দ্রানীর চিকিৎসা এবং পড়াশুনার জন্য সহায়তার আর্জি জানিয়ে মুখ্যমন্ত্রীর সাথে কথা বলেন। অনেক চিকিৎসার পরও মেয়েটির শারীরিক অবস্থার কোনও উন্নতি হয়নি। আর্থিক অস্বচ্ছলতার কারণে মেয়ের চিকিৎসা এবং পড়াশুনা চালিয়ে যাওয়া প্রায় অসম্ভব। মুখ্যমন্ত্রী ইন্দ্রানী'র চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র দেখে নিয়মিত ফিজিওথেরাপি করার পরামর্শ দেন এবং চিকিৎসার ব্যাপারে সাহায্য করার আশ্বাস দেন। উপস্থিত সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের ডেপুটি কমিশনারের সাথে কথা বলে প্রতিমাসে ২ হাজার টাকা করে ভাতা প্রদানের বিষয়টিও নিশ্চিত করেন। আর্থিক অস্বচ্ছলতার কারণে আগরতলার রেশমবাগানের ক্ষুদ্র ব্যবসায়ী প্রদ্যোৎ দাস তার দিব্যাঙ্গ ছেলের চিকিৎসা এবং পড়াশুনা চালাতে সমস্যার সম্মুখীন হচ্ছেন। বহু কষ্টে তাদের দিনযাপন করতে হচ্ছে জেনে মুখ্যমন্ত্রী সাথে সাথে টেলিফোনে এলাকার বিধায়ক রতন চক্রবর্তীর সাথে কথা বলেন এবং প্রয়োজনীয় সাহায্যের আশ্বাস দেন। বিশালগড়ের বাসিন্দা ক্যান্সার আক্রান্ত বিশ্বজিৎ সাহাও চিকিৎসার খরচ চালাতে গিয়ে সর্বসান্ত হয়ে পড়েছেন। বিশ্বজিৎ সাহার এই অবস্থার কথা শুনে মুখ্যমন্ত্রী তাকে আর্থিক সাহায্য করার পাশাপাশি আগরতলার ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপারকে বিশ্বজিৎ সাহার চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন।

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আজ আগরতলার ইন্দ্রনগরের নোয়াগাঁও-এর বাসিন্দা সোমা মল্লিক দেবনাথ মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাত করেন। সোমা মল্লিক দেবনাথের স্বামী সঁীব দেবনাথের চিকিৎসার পর গত জানুয়ারি মাসে হায়দ্রাবাদ থেকে ট্রেনে ফেরার পথে চলন্ত ট্রেনে মৃত্যু হয়। ট্রেনে মৃত্যুর পর অসহায় সোমাদেবী ট্রেন থেকেই মুখ্যমন্ত্রীর অফিসে সরাসরি যোগাযোগ করেন।

মুখ্যমন্ত্রীর নির্দেশে মুখ্যমন্ত্রীর ওএসডি দ্রত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন এবং রেলমন্ত্রক ও অন্ধ্রপ্রদেশ সরকারের সহায়তায় রাজামুণ্ডিতে সোমাদেবীর স্বামীর শেষক'ত্য পর্ব সম্পন্ন হয়। বিষয়টি সম্পর্কে মুখ্যমন্ত্রী আগেই অবগত রয়েছেন বলে সোমাদেবীকে জানান। সোমাদেবীর স্বামী ট্রাইবেল রিসার্চ ইনস্টিটিউটে গ্রপ ডি পদে কর্মরত ছিলেন। তাঁর মৃত্যুর পর ☞ ৬ এর পাতায় দেখুন

## যুবকের আত্মহত্যা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** নব গোপাল ঘোষ নামে এক যুবকের আত্মহত্যা। উদয়পুর পুরপরিষদের তের নং ওয়ার্ডের বাসিন্দা।আজ দুপুর বেলায় টাউন রাজারবাগস্থিত নিজ বাড়ীতেই আত্মহননের পথ বেছে নেয়। জানা গেছে পরিবারের কারো সাথে অভিমান করেই এভাবে অকাল মৃত্যুর পথ বেছে নিয়েছে নবগোপাল।তার মৃত্যুতে তের নাম্বার ওয়ার্ডের কাউন্সিলর নূপুর দত্ত গভীর ভাবে মর্মাহত।তার বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন কাউন্সিলর নূপুর দত্ত। আজ গোমতী জেলা হাসপাতালের মর্গে শায়িত থাকবে নব কুমারঘোষের মৃত দেহ।আগামীকাল ময়নাতদন্তেরপর নিকট আত্মীয়ের নিকট মৃতদেহ তুলে দেওয়া হবে।

## নেশাকারবারী আটক

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ২ নভেম্বর।।** নেশার দিকে ধাবিত হচ্ছে যুবকরা,এই নেশার কবল থেকে যুবকদের বাঁচাতে অবশেষে রাজনগর ব্লকের ঘোষ খামারের এলাকাবাসীরা একত্র হয়ে চড়াও হলো নেশা কারবারীর বাড়িতে, অভিযান চালালো নেশা কারবারী মিঠুন দেবনাথের বাড়িতে সেখানে গিয়ে নেশাখোর এম ডি জসীম মিয়াকে আটক করে এলাকাবাসীরা জিজ্ঞাসাবাদ চালাতে গিয়ে তথ্য বেরিয়ে আসে, এই জসিম মিয়ার বাড়ি রাজ নগর ব্লকের ভৈরব নগর এলাকায়, এলাকাবাসীরা বাড়ি তল্লাশি করতে গিয়ে উদ্ধার করে অবৈধ ভাবে মজুত করে রাখা নেশা সামগ্রী, খবর দেওয়া হয় রাজনগর পি আর বাড়ি থানার পুলিশকে, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে এসে মিঠুনের বাড়ি থেকে উদ্ধার করে ব্রাউন সুগার ভর্তি ২৫ টি কৌট্রা, ৬০০ গ্রাম গাঁজা, খালি প্রায় পাঁচশ কৌটা সহ নেশা কারবারি মিঠুন দেবনাথ ও নেশাখোর এমডি জসিম মিয়াকে গ্রেপ্তার করে রাজনগর পি আর বাড়ি থানাতে নিয়ে আসে পুলিশ, পুলিশ এই দুই জনের বিরুদ্ধে এনডিপিএস এক্টে মামলা গ্রহন করে, আগামীকাল এই দুজনকে বিলোনিয়া আদালতে প্রেরন করবে বলে জানা যায়।

## ৮ দফা দাবির ভিত্তিতে সিটুর ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, কৈলাশহর, ২ নভেম্বর।।** সিটু ঊনকোটি জেলা কমিটির উদ্যোগে ৮ দফা দাবির ভিত্তিতে ঊনকোটি জেলার জেলাশাসকের কাছে ডেপুটেশন প্রদান করা হয় বৃহস্পতিবার। এদিন ডেপুটেশনে নেতৃত্ব দিয়েছেন সিপিএম সিটু জেলা কমিটির সদস্য স্বপন কুমার বৈষ্ণব , সিপিআইএম জেলা কমিটির সম্পাদক কৃষ্ণেন্দু চৌধুরি ,কৃপাশ শব্দকর থেকে শুরু করে আরও অনেকে।

এই ৮ দফা দাবি গুলির মধ্যে উল্লেখযোগ্য দাবি হলো অতিসত্বর কৈলাশহর ঊনকোটি জেলা হাসপাতালের জেনেরিক মেডিসিন কাউন্টারটি চালু করতে হবে। এই ডেপুটেশন প্রদান করা দাবিগুলির সাথে সহমত পোষণ করেছেন ঊনকোটি জেলার জেলাশাসক রাজিব দত্ত। অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের নজরে আনা হবে বলে তিনি জানিয়েছেন।



আজ বৃহস্পতিবার নয়াদিল্লিতে উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের সাথে সৌজন্য সাক্ষাতকারে মিলিত হন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

# প্লাস্টিক, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিসের বিরুদ্ধে প্রশাসনিক হানা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২ নভেম্বর।।** বৃহস্পতিবার সকাল এগারোটায় বিশালগড় মহকুমা প্রশাসন ও জেলা টোবাকো কন্টোল সেলের যৌথ উদ্যোগে প্রথমে গোলাঘাটি এবং বিশালগড় নিচের বাজার সহ নিউমার্কেটে এলাকার বিভিন্ন দোকানে প্লাস্টিক, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিসের তল্লাশি অভিযান চালানো হয়।এর আগেও প্রশাসনিক আধিকারিকরা ঐসব দোকানে তল্লাশি চালিয়ে দোকান মালিকদের সতর্কবার্তা দিয়ে এসেছিলেন। কিন্তু কিছু অসাধু ব্যবসায়ী প্রশাসন কে বৃদ্ধাঙ্গুল দেখিয়ে প্লাস্টিক ক্যারিব্যাগ, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিস বিক্রি করে যাচ্ছিল। বৃহস্পতিবার সকালে প্রশাসনের অভিযান চলাকালে গোলাঘাটি বাজারে আটটি দোকান থেকে প্লাস্টিক ক্যারিব্যাগ,তামাকজাত দ্রব্য, শব্দবাজি বাজেয়াপ্ত করা হয়। সতর্ক করে দিয়ে আসেন গোলাঘাটির সবকটি দোকানের মালিককে। খাদ্য দপ্তর থেকে আগামীদিনের অভিযানে যদি কোন রকম প্ল্যাস্টিক ক্যারিব্যাগ উদ্ধার করা হয় তাহলে একহাজার টাকা, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিসের জন্য দুইশো টাকা করে জরিমানা করা হবে বলে জানান ডিসিএম প্রসেনজিৎ দাস। বৃহস্পতিবার এই অভিযানে নেতৃত্ব দেন ডিসিএম প্রসেনজিৎ দাস সহ লিগাল মেথোলজি অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর নিতা রানি দেবনাথ, ড্রাগ ইন্সপেক্টর বিকাশ দেববর্মা, ফুড ইন্সপেক্টর রনচিত্র চাকমা সহ অন্যান্য আধিকারিক গণ। প্রশাসনের এমন অভিযানে খুবই খুশি ক্রেতা সহ স্থানীয় জনগণ।তাছাড়া পেঁয়াজের অগ্নিমূল্য থেকে সাধারণ মানুষকে সামান্য নিষ্কৃতি দিতে বৃহস্পতিবার বিশালগড়ের বিভিন্ন বাজারে বেশ কয়েকটি দোকানে অভিযান চালায় খাদ্য দপ্তরের আধিকারিক গণ। খাদ্য দপ্তরের তরফ থেকে পেঁয়াজের ক্রয় মূল্যের রসিদ দেখাতে বললে কোন ব্যবসায়ি তা দেখাতে পারেন নি।পেঁয়াজ ৭০ /৭৫ টাকা দরে বিক্রি করছেন কিছু কিছু অসাধু ব্যবসায়ীরা।এই কথা জানতে পারেন ডিসিএম হানা চালিয়ে বিশালগড় নিউমার্কেটস্থিত বেশ কয়েকটি মুদির দোকান থেকে পঁচা পেঁয়াজ বাজেয়াপ্ত করেন। ব্যবসায়িদের বর্তমান পেঁয়াজের বাজার মূল্য জিজ্ঞেস করা হলে উনারা জানান পেঁয়াজ প্রতি কেজি ৫০ টাকা দরে বিক্রি করছেন।ডিসিএম প্রসেনজিৎ দাস সকল ব্যবসায়ীদের আহ্বান করেন যেন পেঁয়াজ সঠিক মূল্যে বিক্রি করা হয়। তিনি সংবাদ মাধ্যমের দ্বারা সকলকে অবগত করেন যেন কিছু অসাধু ব্যবসায়ীর খপ্পরে না পরে সঠিক মূল্যে পেঁয়াজ ক্রয় করার জন্য। জনগণকে আরোও আশ্বস্ত করেন যে তাদের স্বার্থে আগামী দিনেও এমন অভিযান করা হবে।

# পুলিশ কর্মীর সাহায্যে বাড়ি থেকে নাবালিকা অপহরণের অভিযোগ, থানায় ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, বামুটিয়া, ২ নভেম্বর।।** সিধাইয়ের বামুটিয়ার ভোগজুর গ্রাম থেকে এক মহিলা পুলিশ কর্মীর সহযোগে এক নাবালিকাকে অপহরণের ঘটনায় এলাকা জুড়ে তীব্র খুব সঞ্চার হয়েছে। ক্ষুব্ধ জনতা ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়ে পুলিশ ফাঁড়িতে ডেপুটেশন প্রদান করেছেন।

বামুটিয়ার ভোগজুর গ্রামে নাবালিকাকে বাড়ি থেকে নিয়ে যাওয়ার ঘটনায় পুলিশ ফাঁড়িতে ডেপুটেশনের পর পুলিশি তৎপরতায় উদ্ধার হয়েছে নাবালিকা।

মঙ্গলবার রাত আনুমানিক দুইটা নাগাদ উদ্ধার করা হয়েছে নাবালিকাকে। যদিও অভিযুক্ত তিনজনের মধ্যে কাউকে গ্রেফতার করেনি পুলিশ। বাবা ছেলে এবং ঠাকুরমা মিলে নাবালিকাকে বাড়ি থেকে তুলে নেওয়ার যে অভিযোগ উঠে এসেছে তাকে কেন্দ্র করে ইতিমধ্যেই গোটা এলাকায় ব্যাপক উত্তেজনা বিরাজ করছে।

জানা গেছে, বামুটিয়ার বড়জোস গ্রামের রাজেশ রায়ের নাবালক ছেলেকে বিয়ে করানোর উদ্দেশ্যে রাজেশের পিসি সাধনা রায় ( ত্রিপুরা পুলিশের কর্মরত) সমেত নাবালক ছেলে ও রাজেশ রায় মিলে নাবালিকাকে তার বাড়ি থেকে বলপূর্বক তুলে নিয়ে যায়। এই ঘটনায় সোমবার রাতে পুলিশে অভিযোগ করা হলেও মঙ্গলবার রাত পর্যন্ত অভিযোগ দায়ের করেনি বামুটিয়া পুলিশ ফাঁড়ি।

অবশেষে এলাকার মানুষের ডেপুটেশনের মুখে অভিযোগ গ্রহণ করে নাবালিকাকে উদ্ধার করা হয় ওই রাতেই। অভিযোগ মূলে সাধনা রায়কে রাতেই বামুটিয়া ফাঁড়িতে আটক করে নিয়ে আসে পুলিশ। যদিও পরে ওনাকে ছেড়ে দেওয়া হয়। জানা গেছে, এসপি অফিসে উনাকে ক্লোজ করা হয়েছে। দাবি উঠেছে, নাবালিকা অপহরণ কান্ডে পুলিশি পোশাক গায়ে জড়িয়ে সরাসরি অপরাধ কান্ডের সাথে জড়িত থাকার অন্যতম অভিযুক্তকে অতিসত্বর সাসপেন্ড করার। কারণ তিনি দপ্তরে কর্মরত থাকলে তদন্ত প্রক্রিয়াকে প্রভাবিত করার সম্ভবনা রয়েছে।

অন্যদিকে, রাজেশ রায় এবং তার ছেলেকে অতিসত্বর গ্রেফতার করার দাবি উঠেছে। এদিকে বুধবার দিনভর জিবিপি হাসপাতালে নাবালিকাকে শারীরিক পরীক্ষার পর বাড়ি পাঠায় পুলিশ। কিন্তু বিকেলেই পুনরায় হাসপাতাল থেকে ফোন আসে পুনরায় নাবালিকাকে নিয়ে হাসপাতালে যাওয়ার জন্য। সেখানে যেতেই নাবালিকাকে আরো কিছু পরীক্ষা নিরীক্ষার জন্য ভর্তি থাকতে বলা হয় হাসপাতাল কর্তৃপক্ষের তরফে। ঘটনায় গোটা এলাকা জুড়ে তীব্র চাঞ্চল্য বিরাজ করছে।

## ধর্ষিতা নাবালিকার বাড়িতে গেলেন উপজাতি কল্যাণ মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২ নভেম্বর।।** ধর্ষিতা নাবালিকার খোঁজখবর নিতে তার বাড়িতে গেলেন উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। পরিবারকে সরকার ও প্রশাসনের তরফ থেকে সব ধরনের সাহায্য সহায়তা করার আশ্বাস দিয়েছেন তিনি। উল্লেখ্য, লক্ষী পূজার রাতে তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত মুঙ্গিয়াকামী থানা এলাকায় নাবালিকা কন্যা লক্ষীপূজার প্রসাদ খেতে যাওয়ার পথে গণধর্ষণের শিকার হয়েছে। ঘটনার পরপরই সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে পুলিশ দ্রুততার সাথে ঘটনার সাথে যুক্ত তিন অভিযুক্তকেই গ্রেফতার করতে সক্ষম হয়েছে। এদিন সংশ্লিষ্ট এলাকায় গিয়ে গণধর্ষণের শিকার নাবালিকা কন্যা এবং তার পরিবারের সাথে সাক্ষাৎ করেন রাজ্যের জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা।

আক্রান্ত পরিবারের সদস্যদের সাথে কথা বলার সময় মন্ত্রী সংশ্লিষ্ট ঘটনার তীব্র ভাষায় নিন্দা প্রকাশ করার পাশাপাশি আগামী দিনে সংশ্লিষ্ট পরিবারটির পাশে মন্ত্রী নিজে এবং রাজ্য সরকার রয়েছে বলে জানান। সাংবাদিকদের সাথে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে এই ঘটনাকে তীব্র ভাষায় নিন্দা করেন মন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি দাবি করেন বিভিন্নভাবে আক্রান্ত পরিবারের পাশে থাকবে রাজ্য সরকার তথা প্রশাসন।

## নিখোঁজ গৃহবধূকে ফিরে পেতে সংবাদ মাধ্যমের দ্বারস্থ পরিবার

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২ নভেম্বর।।** নিখোঁজ গৃহবধূকে ফিরে পেতে সংবাদ মাধ্যমের দারস্ত হলেন অসহায় সন্তান ও গৃহবধূর স্বামী।

ঘটনার বিবরনে জানা যায়,সুভাষ কলোনী এলাকার বাসিন্দা মধুসূধন সরকারের সহধর্মীনি বিজয়া দশমীর পরের দিন থেকে নিখোঁজ হয়ে পরে। জানা যায় গৃহবধূ পাশ্ববর্তী একটি ঠাকুরের আশ্রমে গিয়েছিলেন। সেখান থেকে গৃহবধূ নিখোঁজ হয়ে পরে। পরবর্তী সময় গৃহবধূ নিখোঁজ হবার বিষয়ে তাঁট স্বামী শান্তির বাজার থানায় লিখিত অভিযোগ জানিয়েছেন। দীর্ঘ কয়েকদিন অতিক্রান্ত হবার পরেও গৃহবধূর কোনো প্রকার খোঁজ না পেয়ে গৃহবধূর স্বামী ও ছেলে সংবাদমাধ্যমের দারস্ত হয়েছেন।

# চুরিকাণ্ডে ব্যবহৃত গাড়ি আটক করল এলাকাবাসী

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২ নভেম্বর।।** কল্যাণপুর থানাধীন শান্তিনগরের সোনাছড়া গ্রামে গ্রাম্য পাহারাদারদের হাতে আটক হল চুরির কাজে ব্যবহৃত একটি গাড়ি। পাহারাদারদের তাড়া খেয়ে গাড়ি ফেলে চোরেরা পালিয়ে যেতে সক্ষম হয়েছে।

প্রতিনিয়তই কল্যানপুরে চুরি কান্ডে নাজেহাল সাধারণ মানুষ। নিত্যনতুন কায়দায় গোটা রাজ্যজুড়েই এই সময়ে চুরিকান্ড বৃদ্ধি পেয়ে চলেছে। খোয়াই জেলার কল্যাণপুরেও বিভিন্ন এলাকায় এই প্রবনতা বৃদ্ধি পেয়েছে। তবে ইদানিং পুলিশ প্রশাসনের প্রতি অনেকটাই আসা হারিয়ে এবার পথে নামছে সাধারণ মানুষ। নিজেদের সহায় সম্বল ধরে রাখতে নিজেরাই রাতভর পাহাড়া দিয়ে চলছে বিভিন্ন পাড়া মহল্লায়। ফলে অনাকাঙ্ক্ষিত ঘটনাও ঘটেছে।বিভিন্ন এলাকার সাধারণ মানুষ ক্রমবর্ধমান চুরিকান্ডের জেরে সতর্কতার রাস্তা অবলম্বন করে নানান জায়গায় স্থানীয়ভাবে পাহারা দিতে গিয়েই চোরচক্রের পান্ডা সহ তাদের ব্যবহৃত গাড়ি জনতার জালে ধরা পড়ছে। এরকমই একটি ঘটনা ঘটলো কল্যাণপুর থানাধীন শান্তিনগরের সোনাছড়া গ্রামে। এলাকায় সাধারণ মানুষেরা বিগত বেশ কিছুদিন ধরেই সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে পাহারার ব্যবস্থা করে চলেছে। মঙ্গলবার রাতে সংশ্লিষ্ট এলাকায় রীতিমতো ফিল্মি কায়দায় মারুতি গাড়ি করে চোরের দল চুরি করতে গিয়েই ফ্যাসাদে পড়ে। এলাকা সূত্রের খবর সংশ্লিষ্ট এলাকায় রাত দুইটা নাগাদ নাম্বার বিহীন একটি মারুতি গাড়ি নিয়ে আসে চোরের দল। রাস্তার ঝোপে একটা জায়গায় গাড়িটি দাঁড় করিয়ে চুরি করতে উদ্যত হতেই পাহারারত সাধারণ মানুষ তাদের ঘিরে ফেলে। চোরচক্রের পান্ডারা বিষয়টি অঁচ করতে পেরেই পালাতে চেষ্টা করে।

তৎক্ষণাৎ গাড়িটিকে স্টার্ট করতে গিয়ে দৈবক্রমে গাড়িটি স্টার্ট হচ্ছিল না। এমতাবস্থায় উপায়ান্তর না দেখে গাড়িটি রেখেই চোরের দল রাতের আঁধারে গা ঢাকা দিতে সক্ষম হয়। স্থানীয় মানুষের ক্ষোভ আছড়ে পড়ে সংশ্লিষ্ট মারুতি গাড়িটির উপর। মুহূর্তের মধ্যেই গাড়িটি একপ্রকার ছত্রখান হয়ে যায়। পরবর্তী সময়ে ঘটনার খবর পেয়ে কল্যাণপুর থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে গিয়ে গাড়িটিকে উদ্ধার করে আপাতত কল্যাণপুর থানায় এনে রেখেছে। সংশ্লিষ্ট ঘটনার জেরে একদিকে যেমন চাঞ্চল্য তৈরি হয়েছে। ঠিক এর পাশাপাশি নিত্য নতুন কায়দায় মারুতি গাড়িসহ বিভিন্ন গাড়িতে করে যেভাবে চোরের দল কল্যাণপুর সহ বিভিন্ন জায়গায় গ্রাম পাহাড়ে চুরি কান্ড সংগঠিত করছে তা নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে। অবিলম্বে এলাকায় রাত্রিকালীন পুলিশি টহল বাড়ানোর দাবি উঠেছে।

# প্যালেস্তাইনের উপর ইজরায়েলের বর্বর অত্যাচারের বিরুদ্ধে কমলপুরে বিক্ষোভ বামেদের

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ২ নভেম্বর।।** প্যালেস্তাইনের উপর ইজরায়েলের ২৫ দিন ধরে চলতে থাকা নির্বিচারে গণহত্যা ও বর্বরোচিত হামলার প্রতিবাদে এবং অবিলম্বে যুদ্ধ বন্ধের দাবিতে কমলপুর মহকুমার হালহালি বাজার ও শান্তিরবাজারে বামেদের বিক্ষোভ মিছিল ও সভা অনুষ্ঠিত হয়েছে বৃহস্পতিবার। শান্তিরবাজারে বিক্ষোভ মিছিল শেষে সন্ধায় বাজার সভা অনুষ্ঠিত হয়েছে এদিন।

সভাপতিমন্ডলীতে ছিলেন বদরবোম হালাম,রমনী মোহন দাস, লেহবা সিংহ,নাজিম উদ্দিন।বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক অঞ্জন দাস, এস এফ আই রাজ্য কমিটির সভাপতি সুলেমান আলি, জি এম পি নেতা রাজকুমার দেববর্মা।

বক্তব্য রাখতে গিয়ে অঞ্জন দাস বলেন মোদি সরকার মার্কিন সাম্রাজ্যবাদের দালালি করছে। মোদি সরকার ভারতের দীর্ঘ অনুসৃত জোটনিরপেক্ষ নীতিকে জলাঞ্জলি দিয়ে রাষ্ট্র সংঘের যুদ্ধ বন্ধের এবং শান্তি ফিরিয়ে আনা ও প্যালেস্তাইনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার প্রস্তাবে নীরব থেকে মুখে কুলুপ এটে মানবতার শত্রু ইজরায়েল ও তার মদতকারী মার্কিন সাম্রাজ্যবাদকে সমর্থনকে জানিয়েছে।

তিনি বলেন, মোদি বন্ধু আদানি হাইফা বন্দরের মালিকানা পেয়েছে। এই বিষয়টির জন্য মোদি সরকার যুদ্ধবাজ ইজরায়েলের বিরুদ্ধে যেতে বাঁধা হয়ে দাঁড়িয়েছে।পশ্চিম এশিয়ায় শান্তি বিঘ্নিত হচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদের কারণে। ☞ ৬ এর পাতায় দেখুন

# ত্রিপুরায় প্রথমবারের মতো অনুষ্ঠিত হবে ৩৬ তম অ্যাসোসিয়েশন অফ সাইন্টিস্ট অফ ইস্টার্ন ইন্ডিয়া কনফারেন্স

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** ত্রিপুরায় প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে ৩৬ তম অ্যাসোসিয়েশন অফ সাইন্টিস্ট অফ ইস্টার্ন ইন্ডিয়া কনফারেন্স। আগামী শুক্র, শনি এবং রবি এই তিনদিন চলবে নিউরো বিশেষজ্ঞদের কনফারেন্স। আজ প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে একথা জানালেন ডঃ শিশির দাস।



এদিন তিনি বলেন, ওই কনফারেন্সে দেশ থেকে বিভিন্ন নামি দামী নিউর সায়েন্টিস্ট, ইউরো সার্জন ,নিউরোলজিস্ট উপস্থিত থাকবেন। পাশাপাশি বিদেশ থেকেও থাকবেন চিকিৎসকরা। প্রায় দেড়শ জনের মতো প্রতিনিধি এই কনফারেন্সে অংশগ্রহণ করবে। এদিন তিনি আরও বলেন, ইতিমধ্যেই দেশের স্বনামধন্য চিকিৎসকরা রাজ্যে আসতে শুরু করে দিয়েছে। আগামীকালকে সন্ধ্যা সাতটায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহার হাত ধরে হতে পারে এই সম্মেলনের উদ্বোধন। তাছাড়া উপস্থিত থাকবেন মন্ত্রী সুশান্ত চৌধুরী, মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা।

এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ডক্টর সিদ্ধা রেড্ডি ও ডক্টর মিলিন্ড দেওয়ানকার।

# ডিওয়াইএফআই'র প্রতিষ্ঠা দিবসে রক্তদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ নভেম্বর।।** ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের ৪৪ তম প্রতিষ্ঠা দিবসকে সামনে রেখে এক রক্তদান শিবিরের আয়জন করা হয়েছে আজ। ৩ রা নভেম্বর ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের ৪৪ তম প্রতিষ্ঠা দিবস। এই দিনটিকে সামনে রেখে আগরতলা মেলারমাঠ ছাত্র যুব ভবনে এদিন রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। এই শিবিরের এদিন উদ্বোধন করছেন প্রাক্তন বিধায়ক পবিত্র কর। এছাড়াও এদিন উপস্থিত ছিলেন প্রাক্তন সম্পাদক অমল চক্রবর্তী, বর্তমান সম্পাদক নবারুণ দেব সহ অন্যান্যরা।

এছাড়া ডিওয়াইএফআই- এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে জিরানিয়া বিভাগীয় কমিটির উদ্যোগেও সি আই টি ইউ-র রাজ্য দপ্তরে আরও এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। সেখানেই উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক পবিত্র কর সহ অন্যান্যরা।

এদিন দুটি রক্তদান শিবিরেই উপস্থিত নেতৃত্বরা রক্তদাতাদের উৎসাহিত করেছেন এই মহৎকাজে। এদিন বক্তব্য রাখতে গিয়ে পবিত্র কর বলেন, মূলত ছাত্র-যুব আন্দোলনকে শক্তিশালী করতেই ডিওয়াইএফআই এর জন্ম হয়েছিল। এই আন্দোলন আজও অব্যাহত। তিনি বলেন, বর্তমান সরকার যুবদের কাজের ক্ষেত্রে যে অব্যবস্থাপনা তৈরি করেছে, তার বিরুদ্ধে সজাগ হতে সকল যুবকদের ঐক্যবদ্ধ হতে আহ্বান জানিয়েছেন।

ক্ষমতা পালাবদলের পর বামপন্থী যুব সংগঠন ডিওয়াই এফ আই বার বার রক্তদান শিবির করতে গিয়ে বিভিন্ন ভাবে বাঁধা প্রাপ্ত হতে হয় , তারপরেও থেমে থাকেনি, বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে রক্তদান করে মুমূর্ষ রোগীদের বাঁচিয়ে তোলার প্রচেষ্টা জারি রেখেছে , রক্ত সংকটে যাতে কোন রোগী মৃত্যুর মুখে ধাবিত না হয় সেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে ডি ওয়াই এফ আই, পাশাপাশি রক্তের কোন জাত হয় না , রক্তের রং লাল,একে অপরের প্রতি সৌভ্রাতৃত্বের বন্ধনের বার্তা দিয়ে বামপন্থী যুব সংগঠন সিপিআইএম বিলোনিয়া বিভাগীয় কার্যালয়ে আজ দুপুরে আয়োজিত হয় ঋষ্যমুখ বিধানসভা ভিত্তিক রক্তদান শিবির,ভারতের গনতান্ত্রিক যুব ফেডারেশনের ☞ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।